# বার্ষিক প্রতিবেদন

## ২০২৪-২০২৫


## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**

ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ

Website: http://www.sec.gov.bd, http://www.এসইসিবিডি.বাংলা

E-mail: info@sec.gov.bd

# সূচিপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | **১. প্রথম অংশ** | |
| | **কমিশন ও কমিশনের উল্লেখযোগ্য কার্যক্রম** | |
| ১.১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠা ও গঠন | ০১ |
| ১.২ | বিএসইসি'র ভিশন | ০২ |
| ১.৩ | বিএসইসি'র মিশন | ০২ |
| ১.৪ | বিএসইসি'র কার্যাবলি | ০৩ |
| ১.৫ | চেয়ারম্যানের বক্তব্য | ০৪ |
| ১.৬ | বিএসইসি'র কর্মকৃতি নির্দেশক | ০৭ |
| ১.৭ | বিএসইসি কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে উল্লেখযোগ্য বিধি-বিধান/আদেশ/নির্দেশনা এবং রেগুলেটরি সংস্কারসমূহ | ১০ |
| ১.৮ | বিএসইসি'র উল্লেখযোগ্য অর্জনসমূহ | ১২ |
| ১.৯ | ২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যক্রম | ১৩ |
| ১.১০ | ২০২৪-২০২৫ অর্থবছরে উল্লেখযোগ্য ঘটনাবলি | ১৫ |
| ১.১১ | ২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি কর্তৃক আয়োজিত সভা/সেমিনার/কর্মশালা | ২২ |
| | **২. বিভাগীয় কার্যক্রম** | |
| ২.১ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স | ২৬ |
| ২.২ | ক্যাপিটাল ইস্যু অ্যান্ড ক্যাপিটাল রিস্ট্রাকচারিং | ২৭ |
| ২.৩ | কর্পোরেট গভর্ন্যান্স | ২৯ |
| ২.৪ | কর্পোরেট রিপোর্টিং | ৩০ |
| ২.৫ | রেজিস্ট্রেশন ও লাইসেন্সিং | ৩২ |
| ২.৬ | ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট | ৩৪ |
| | ২.৬.১ মিউচ্যুয়াল ফান্ড, কালেকটিভ ইনভেস্টমেন্ট স্কিম অ্যান্ড সিকিউরিটাইজেশন | ৩৪ |
| | ২.৬.৩ অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট | ৩৭ |
| ২.৭ | মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স | ৩৮ |
| ২.৮ | ডেরিভেটিভস | ৪০ |
| ২.৯ | কমোডিটি প্রোডাক্ট | ৪১ |
| ২.১০ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ | ৪২ |
| ২.১১ | সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ | ৪৩ |
| ২.১২ | সেন্ট্রাল ডিপজিটরি সিস্টেম | ৪৬ |
| ২.১৩ | এএমএল অ্যান্ড সিএফটি | ৪৭ |
| ২.১৪ | ইন্সপেকশন, ইনকোয়ারি ও ইনভেস্টিগেশন | ৪৮ |
| ২.১৫ | মার্কেট ইন্টেলিজেন্স | ৪৯ |
| ২.১৬ | এনফোর্সমেন্ট | ৫০ |
| ২.১৭ | লিগ্যাল সার্ভিসেস | ৫১ |

| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ২.১৮ | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম | ৫২ |
| ২.১৯ | গবেষণা ও উন্নয়ন | ৫৪ |
| ২.২০ | ফাইন্যান্সিয়াল লিটারেসি | ৫৬ |
| ২.২১ | আন্তর্জাতিক সম্পর্ক | ৫৭ |
| ২.২২ | জনসংযোগ | ৫৯ |
| ২.২৩ | কমিশনের আর্থিক প্রতিবেদন | ৬০ |
| ২.২৪ | অ্যাকাউন্টিং অ্যান্ড অডিটিং পলিসি | ৬৫ |
| ২.২৫ | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে বিএসইসি'র কর্মকাণ্ড | ৬৬ |
| ২.২৬ | ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত উদ্ভাবনী (Innovation) সংক্রান্ত কার্যক্রম | ৬৭ |
| ২.২৭ | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম | ৬৮ |
| ২.২৮ | ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেটের বিষয়ে বিএসইসি'র চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য | ৬৯ |
| ২.২৯ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ | ৭০ |
| | | |
| | **দ্বিতীয় অংশ** | |
| পরিশিষ্ট: ১ | ২০২৪-২০২৫ অর্থবছরে ইস্যুয়ার কোম্পানির বার্ষিক সাধারণ সভা এবং ঘোষিত লভ্যাংশ | ৭২ |
| পরিশিষ্ট: ২ | ২০২৪-২০২৫ অর্থবছরে মিউচ্যুয়াল ফান্ডের ঘোষিত লভ্যাংশ | ৮৮ |
| পরিশিষ্ট: ৩ | ২০২৪-২০২৫ অর্থবছরে কমিশনের কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণ/কর্মশালা তালিকা | ৯০ |
| পরিশিষ্ট: ৪ | প্রয়োজনীয় শব্দসংক্ষেপ | ৯১ |
| পরিশিষ্ট: ৫ | ২০২৪-২০২৫ অর্থবছরে কমিশন কর্তৃক আয়োজিত সভা, সেমিনার ও কর্মশালার স্থির চিত্র | ৯২ |

# প্রথম অংশ

# ১. কমিশন ও কমিশনের উল্লেখযোগ্য কার্যক্রম

## ১.১ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠা ও গঠন

- কমিশন প্রতিষ্ঠা

একটি দক্ষ, স্বচ্ছ ও নিরপেক্ষ পুঁজিবাজার কোনো দেশের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়নের উদ্দেশ্যে ১৯৯৩ সালের ৮ জুন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধীনে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা হিসেবে বিএসইসি প্রতিষ্ঠিত হয়।

- কমিশনের গঠন

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ৫ ধারার আলোকে কমিশনের গঠন নিম্নরূপ:

১. কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার সমন্বয়ে গঠিত হইবে।

২. চেয়ারম্যান ও কমিশনারগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন; তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট বিষয়ে যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন একজন বেসরকারি ব্যক্তিকে কমিশনার হিসেবে নিয়োগ করিতে হইবে।

৩. চেয়ারম্যান ও কমিশনারগণ কমিশনের সার্বক্ষণিক চেয়ারম্যান ও কমিশনার হইবেন।

৪. কোম্পানী ও সিকিউরিটি মার্কেট সংক্রান্ত বিষয়ে পারদর্শিতা অথবা আইন, অর্থনীতি, হিসাব রক্ষণ ও সরকারের বিবেচনায় কমিশনের জন্য প্রয়োজনীয় অন্য কোনো বিষয়ে বিশেষ জ্ঞান থাকা চেয়ারম্যান ও কমিশনার নিয়োগের প্রয়োজনীয় যোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।

৫. চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হইবেন।

৬. চেয়ারম্যান ও কমিশনারগণ তাঁহাদের নিয়োগের তারিখ হইতে চার বৎসর মেয়াদের জন্য স্ব স্ব পদে বহাল থাকিবেন এবং অনুরূপ একটি মাত্র মেয়াদের জন্য পুনঃনিয়োগের যোগ্য হইবেন; তবে শর্ত থাকে যে, কোনো ব্যক্তির বয়স পয়ষট্টি বৎসর পূর্ণ হইলে তিনি চেয়ারম্যান বা কমিশনার পদে নিযুক্ত হইবার যোগ্য হইবেন না বা চেয়ারম্যান বা কমিশনার পদে বহাল থাকিবেন না।

৭. চেয়ারম্যান ও যেকোনো কমিশনার তাঁহাদের চাকুরির মেয়াদ শেষ হইবার পূর্বে যেকোনো সময় সরকারের উদ্দেশ্যে অন্যূন তিন মাসের অগ্রিম নোটিশ প্রদান করিয়া স্ব স্ব পদ ত্যাগ করতে পারিবেন; তবে শর্ত থাকে যে, সরকার কর্তৃক পদত্যাগ গৃহীত না হওয়া পর্যন্ত চেয়ারম্যান বা ক্ষেত্রমত, কমিশনার স্ব স্ব কার্য চালাইয়া যাইবেন।

## ১.২ বিএসইসি'র ভিশন

- স্বয়ংক্রিয়, টেকসই ও উন্নত পুঁজিবাজার প্রতিষ্ঠা।

## ১.৩ বিএসইসি'র মিশন

- সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ,
- সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন, এবং
- এতদ্‌সংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়ন।

## ১.৪ বিএসইসি'র কার্যাবলি

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ৮ ধারায় কমিশনের কার্যাবলি নিম্নরূপঃ**

১. এ আইনের বিধান এবং বিধির বিধানাবলী সাপেক্ষে, সিকিউরিটির যথার্থ ইস্যু নিশ্চিতকরণ, সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ এবং পুঁজি ও সিকিউরিটি বাজারের উন্নয়ন ও নিয়ন্ত্রণ করাই কমিশনের দায়িত্ব ও কার্যাবলী।

২. বিশেষ করিয়া এবং উপরিউক্ত বিধানাবলীর সামগ্রিকতা ক্ষুণ্ণ না করিয়া, অনুরূপ ব্যবস্থার মধ্যে নিম্নরূপ যে কোনো বিষয় আইন অনুযায়ী কমিশনের দায়িত্ব ও কার্যাবলীর আওতাভুক্ত :

ক. স্টক এক্সচেঞ্জ বা কোনো সিকিউরিটি বাজারের ব্যবসা নিয়ন্ত্রণ;

খ. স্টক ব্রোকার, সাব ব্রোকার, শেয়ার হস্তান্তরকারী প্রতিনিধি, ইস্যুর ব্যাংকার, মার্চেন্ট ব্যাংকার, ইস্যুর নিবন্ধক, ইস্যুর ম্যানেজার, অবলিখক, পোর্টফোলিও ম্যানেজার, বিনিয়োগ উপদেষ্টা, ট্রাস্ট দলিলের ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, হেফাজতকারী, ক্রেডিট রেটিং কোম্পানী এবং সিকিউরিটি মার্কেটের সঙ্গে সম্পৃক্ত হইতে পারে এরূপ অন্যান্য মধ্যবর্তী প্রতিষ্ঠানের কার্য নিরূপণ ও নিয়ন্ত্রণ;

গ. মিউচ্যুয়াল ফান্ডসহ যে কোনো ধরনের যৌথ বিনিয়োগ পদ্ধতির নিবন্ধন, নিয়ন্ত্রণ ও পরিচালনা;

ঘ. কর্তৃত্বপ্রাপ্ত আত্ম-নিয়ামক সংগঠনসমূহের উন্নয়ন, পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ;

ঙ. সিকিউরিটি বা সিকিউরিটি বাজার সম্পর্কিত প্রতারণামূলক এবং অসাধু ব্যবসা বন্ধকরণ;

চ. বিনিয়োগ সংক্রান্ত শিক্ষার উন্নয়ন এবং সিকিউরিটি বাজারের সকল মাধ্যমের প্রশিক্ষণ;

ছ. সিকিউরিটির ক্ষেত্রে সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ;

জ. কোম্পানীর শেয়ার বা স্টক ও কর্তৃত্ব গ্রহণ এবং কোম্পানীর অধিগ্রহণ ও নিয়ন্ত্রণ;

ঝ. সিকিউরিটি ইস্যুকারী, স্টক এক্সচেঞ্জ, এবং উহাদের মাধ্যমে সিকিউরিটি বাজারের আত্ম-নিয়ামক সংগঠনের নিকট হইতে তথ্য তলব, পরিদর্শন, তদন্ত ও অডিট;

ঞ. আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছু থাকুক না কেন, বাংলাদেশ ব্যাংককে অবহিতক্রমে, কোনো ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, সংবিধিবদ্ধ সংস্থা বা অন্যান্য কর্তৃপক্ষ হতে সিকিউরিটিজ লেনদেন সম্পর্কিত তদন্তাধীন ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্য ও রেকর্ড তলব;

ট. সরকারের পূর্বানুমোদনক্রমে, দেশি ও বিদেশি কর্তৃপক্ষ বা সংস্থার সহিত সিকিউরিটিজ সম্পর্কিত সহযোগিতা ও তথ্য বিনিময় চুক্তি সম্পাদন;

ঠ. সিকিউরিটি ইস্যুকারী আর্থিক কর্মকাণ্ড সম্পর্কিত কর্মসূচি সংকলন, বিশ্লেষণ ও প্রকাশন;

ড. এ ধারার উদ্দেশ্য পূরণকল্পে ফিস বা অন্যান্য ব্যয় ধার্য;

ঢ. উপরিউক্ত উদ্দেশ্যের বাস্তবায়নের প্রয়োজনে গবেষণা পরিচালনা এবং তথ্য ও উপাত্ত প্রকাশ;

ণ. ডেরিভেটিভসহ সিকিউরিটিজ লেনদেন সংক্রান্ত সেটেলমেন্টের জন্য স্থাপিত ক্লিয়ারিং কর্পোরেশনের কার্য নিয়ন্ত্রণ; এবং

ত. এ আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি দ্বারা নির্ধারিত অন্যান্য কার্য সম্পাদন ও কর্তব্য পালন।

## ১.৫ চেয়ারম্যানের বক্তব্য

সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদ্সংক্রান্ত বিষয়াবলি বা তদাধীনে আনুষঙ্গিক বিধি প্রণয়নের উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ জারির মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসেবে ১৯৯৩ সালের ৮ই জুন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়।

অন্তর্বর্তীকালীন সরকার ২০২৪-এর জুলাই অভ্যুত্থান-পরবর্তী ধ্বংসের দ্বারপ্রান্তে উপনীত অর্থনীতিকে পুনরুদ্ধারের সর্বাত্মক প্রচেষ্টায় নিয়োজিত রয়েছে। গত কয়েক দশকে বাংলাদেশের অর্থনীতির আকার যেভাবে বৃদ্ধি পেয়েছে, দেশের পুঁজিবাজারে অনুরূপ বৃদ্ধি পরিলক্ষিত হয়নি। যদিও, অর্থনীতির প্রতিটি খাতেই বড়ো ধরনের দীর্ঘমেয়াদি বিনিয়োগ চাহিদা রয়েছে। দেশের অর্থনীতির শক্তিশালী ও মজবুত ভিত নির্মাণে পুঁজিবাজারের ব্যাপক ও গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। জিডিপি'র সাথে সামঞ্জস্যপূর্বক বাংলাদেশের পুঁজিবাজারে কাঙ্ক্ষিত প্রবৃদ্ধি অর্জনে বিএসইসি বদ্ধপরিকর।

মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস-এর সভাপতিত্বে ২০২৫ সালের ১১ মে 'পুঁজিবাজার উন্নয়ন ও শক্তিশালীকরণ' সভায় পুঁজিবাজার বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে এ লক্ষ্যে ৫ দফা নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে কমিশন আন্তরিকভাবে সহযোগিতা করছে।

২০২৪ সালের ৩০ অক্টোবর অর্থ ও বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ কমিশন পরিদর্শন-পরবর্তী মতবিনিময় সভায় বলেন, পুঁজিবাজারের বিদ্যমান সংকটের নিরসনে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং দেশের পুঁজিবাজারকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণে সরকার কাজ করবে।

২০২৫ সালের ১৭ মার্চ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রজ্ঞাপন জারির মাধ্যমে ৫টি কার্যপরিধি উল্লেখপূর্বক মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে বিএসইসিকে অধিকতর শক্তিশালী এবং পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে ৪ (চার) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করে। এই কমিটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব এবং কমিশনের একজন কমিশনার সদস্য হিসেবে পুঁজিবাজার উন্নয়নে সার্বিকভাবে সহায়তা প্রদান করছে।

২০২৪ সালের ১৭ সেপ্টেম্বর কমিশনের ৯১৮তম জরুরি সভার সিদ্ধান্ত অনুসারে পুঁজিবাজারের স্থিতিশীলতা, বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষা ও আস্থা পুনরুদ্ধারের বিগত সময়ের অনিয়ম, কারসাজি ও দুর্নীতির বিষয়ে এতদ্সংক্রান্ত আইন ও বিধি-বিধানের আলোকে অনুসন্ধান ও তদন্তের জন্য Securities and Exchange Ordinance, 1969-এর Section 21 এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর ধারা ১৭ক এ প্রদত্ত ক্ষমতাবলে ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট 'অনুসন্ধান ও তদন্ত কমিটি' গঠন করা হয়। ইতোমধ্যে, উক্ত কমিটি ১২টি তদন্ত প্রতিবেদন কমিশনে নিকট জমা প্রদান করেছে। তদ্প্রেক্ষিতে, অভিযুক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম চলমান আছে।

বিএসইসি ২০২৪ সালের ৭ অক্টোবর বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও সুশাসন নিশ্চিতকরণে ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স গঠন করে। উক্ত টাস্কফোর্স ২০২৫ সালের ১০ ফেব্রুয়ারি কমিশনের নিকট সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১, Margin Rules, 1999 এবং Bangladesh Securities and Exchange Commission (Pubic Issue) Rules, 2015-এর যুগোপযোগীকরণের বিষয়সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে খসড়া প্রতিবেদন জমা প্রদান করে। পরবর্তীকালে উক্ত খসড়া সুপারিশ সম্পর্কিত সংশ্লিষ্ট সকলের মতামত আহবানের মাধ্যমে প্রাপ্ত মতামত বিবেচনায় নিয়ে, টাস্কফোর্স এ-সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে। পুঁজিবাজারের সুশাসন, বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষা এবং টাস্কফোর্সে সুপারিশ বিবেচনায় কমিশন উক্ত বিধিমালাসমূহ নুতনভাবে প্রণয়নের লক্ষ্যে কাজ করছে।

২০২৫ সালের ১৯ জুন মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়ন বাংলাদেশ ব্যাংক এবং বিএসসির মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়। পুঁজিবাজার থেকে দীর্ঘমেয়াদি অর্থায়ন তথা পুঁজি উত্তোলনের সুযোগকে প্রাধান্যপূর্বক দেশের অর্থনীতিতে ব্যাংক ঋণের মাত্রাতিরিক্ত চাপ

ও ঝুঁকি হ্রাসের মাধ্যমে সামষ্টিক অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিতকল্পে অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের প্রতিনিধির সমন্বয়ে যৌথ কমিটি গঠনের বিষয়ে বৈঠকে সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্ত অনুসারে বাংলাদেশ ব্যাংক ২০২৫ সালের ২৪ জুন অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও কমিশন প্রতিনিধির সমন্বয়ে ০৮ (আট) সদস্যবিশিষ্ট যৌথ কমিটি গঠন করে।

পুঁজিবাজার সম্পর্কিত স্বচ্ছ, নির্ভরযোগ্য ও গবেষণামূলক সাংবাদিকতাকে উৎসাহিতকরণে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন 'ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ' কর্মসূচি প্রবর্তন করেছে।

২০২৪-২০২৫ অর্থবছরে রাইট ইস্যুর মাধ্যমে ০১টি তালিকাভুক্ত কোম্পানিকে ৩০২.৮২ কোটি টাকা, ১১টি ইস্যুয়ার কোম্পানিকে ডেট সিকিউরিটিজ ইস্যুর (প্রাইভেট অফার) মাধ্যমে ৪,৬৭১.০০ কোটি টাকা, ০১টি কোয়ালিফাইড ইনভেস্টর কোম্পানিকে ৫.০০ কোটি টাকা এবং ১৫টি ইস্যুয়ার কোম্পানিকে সাধারণ শেয়ার, বোনাস শেয়ার, প্রেফারেন্স শেয়ার ইস্যুর মাধ্যমে ১,১৯৩.৬৪ কোটি টাকাসহ ৬,১৭২.৪৬ কোটি টাকার পরিশোধিত মূলধন বৃদ্ধির অনুমোদন প্রদান করা হয়েছে।

সিকিউরিটিজের সরবরাহ বৃদ্ধি ও শেয়ার লেনদেনে কার্যকর ভূমিকা পালনের জন্য কমিশন ২০২৪-২০২৫ অর্থবছরে পুঁজিবাজারে ০৮টি স্টক ব্রোকারের শাখা অফিস, ০১টি সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি, ০১টি ডিপজিটরি অংশগ্রহণকারী, ০৮টি ট্রাস্টি ও ২২টি ডিজিটাল বুথসহ ২৪৫টি অনুমোদিত প্রতিনিধির নিবন্ধন সনদ ইস্যু করেছে ।

২০২৪-২০২৫ অর্থবছরে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান কমিশনে দাখিলকৃত ২২৬টি অভিযোগের মধ্যে ২২২টি অভিযোগ নিষ্পত্তি এবং ০৪টি অভিযোগ প্রক্রিয়াধীন আছে। এছাড়া, বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসহ তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক প্রতিবেদন এবং সিকিউরিটিজ আইন লঙ্ঘন ও অনিয়ম উদ্‌ঘাটনে ৯২টি অনুসন্ধান ও তদন্ত এবং ৬১০টি পরিদর্শন পরিচালনা করা হয়েছে। সিকিউরিটিজ আইন লঙ্ঘনের জন্য ৯৮৭টি এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে, ২২৯ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জরিমানা, ৬৮৪ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সতর্কীকরণ এবং ৭৪ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান করা হয়েছে। ১৯ আগস্ট ২০২৪–৩০ জুন ২০২৫ কালপর্বে ১০৭৩.২১ কোটি টাকা জরিমানা করা হয়েছে।

বিএসইসি কর্তৃক এবং বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত ৫২৭টি মামলা বিভিন্ন আদালতে বিচারাধীন রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি কর্তৃক ৪টি ও বিএসইসি'র বিরুদ্ধে ৭৬টি মামলা দায়ের এবং বিভিন্ন আদালতে ৭৬টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। বাংলাদেশের পুঁজিবাজার নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা তথা যুগোপযোগীকরণে ১১টি আদেশ, নির্দেশনা ও প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

বাংলাদেশের জনগণকে সঠিক বিনিয়োগ শিক্ষায় শিক্ষিতকরণে বিএসইসি'র দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে ৭,০১৩ জন ব্যক্তিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কমিশনের পাশাপাশি ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম এবং বিএএসএম বিনিয়োগ শিক্ষার জন্য বিভিন্ন সভা-সেমিনার পরিচালনা করছে।

বর্তমান কমিশন দেশের পুঁজিবাজারের আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা বৃদ্ধি, পুঁজিবাজারে বিদেশি বিনিয়োগ আকৃষ্টকরণ এবং বিনিয়োগকারীদের দীর্ঘমেয়াদি স্বার্থ বিবেচনায় ২০২৪ সালের ২৮ আগস্ট পুঁজিবাজারের সকল কোম্পানির Upper Limit ও Lower Limit-এর সার্কিট ব্রেকার অভিন্ন তথা বৈষম্যহীন করেছে। ফলে, বাজার স্বাভাবিক গতি এবং পুঁজিবাজার কৃত্রিম হস্তক্ষেপ হতে বহুলাংশে মুক্ত হয়েছে। একইসাথে একই সময়ে কমিশন দেশের পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থ বিবেচনায় দুটি কোম্পানি ব্যতীত সকল কোম্পানির ফ্লোর প্রাইস অব্যাহতি প্রদান করেছে। যার মাধ্যমে দেশের পুঁজিবাজার ফ্লোর প্রাইসের ন্যায় গতিহীন ও অবরুদ্ধ কৃত্রিম ব্যবস্থামুক্ত হয়েছে।

পুঁজিবাজারের সার্কিট ব্রেকারকে স্বাভাবিকীকরণ ও ফ্লোর প্রাইস প্রত্যাহারের ফলে বিনিয়োগকারীদের স্বাভাবিক বিক্রয় ও বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের ফোর্স সেলের চাপে মার্কেট ইনডেক্সে নিম্নগামী প্রবণতা পরিলক্ষিত হয়। ২০২০ সাল থেকে বিভিন্ন সময় পুঁজিবাজারে ফ্লোর প্রাইস এবং সার্কিট ব্রেকার বিদ্যমান থাকায় কৃত্রিমভাবে মার্কেট ইনডেক্স ঊর্ধ্বমুখী হলেও বিনিয়োগকারী স্বাভাবিক বিক্রয় এবং বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের ফোর্স সেল রহিত ছিল। কমিশন মনে করে, পুঁজিবাজারে সংশ্লিষ্ট আইনের পরিপালনের নিশ্চয়তা এবং চাহিদা ও জোগানের ভিত্তিতে শেয়ারের মূল্য ও মার্কেট ইনডেক্স নির্ধারিত হবে। ফলে, প্রথমদিকে মার্কেট ইনডেক্স কিঞ্চিৎ

নিম্নগামী হলেও পরবর্তীকালে স্বাভাবিক অবস্থা পুনরুদ্ধার, পুঁজিবাজার অধিক স্থিতিশীল ও শক্তিশালী এবং পুঁজিবাজারে বিদেশি বিনিয়োগকারীরা বিনিয়োগে অধিকতর আস্থাশীল ও আকৃষ্ট হবে।

২০২৪-২০২৫ অর্থবছরে দেশের বিরাজমান রাজনৈতিক ও অর্থনৈতিক স্থবিরতা এবং ফ্লোর প্রাইস প্রত্যাহার ও সার্কিট ব্রেকার অভিন্নতার কারণে পুঁজিবাজারে দৈনিক লেনদেন হ্রাস পায়। ডিএসইর প্রধান সূচক ডিএসই ব্রড ইনডেক্স (ডিএসইএক্স) গত অর্থবছরের তুলনায় ৪৯০.০১ পয়েন্ট বা ৯.২০% হ্রাসপূর্বক ২০২৪-২০২৫ অর্থবছরের শেষ দিনে ৪,৮৩৮.৩৯ হয়। ২০২৪-২০২৫ অর্থবছরে ডিএসইএক্স মূল্যসূচক সর্বোচ্চ ও সর্বনিম্ন ছিল যথাক্রমে ৬,০১৫.৯০ ও ৪,৬১৫.৪১ পয়েন্ট। ডিএসই বাজার মূলধন গত অর্থবছরের তুলনায় ১১৫.২০ কোটি টাকা বা ০.০২ % বৃদ্ধিপূর্বক হয় ৬,৬২,২৭১.০৮ কোটি টাকা। ২০২৪-২০২৫ অর্থবছরে বাজার মূলধন সর্বোচ্চ ৭,১৯,৪৮৬.৬৮ কোটি টাকায় উন্নীত এবং সর্বনিম্ন ছিল ৬,৪১,৯৯১.৬৯ কোটি টাকা। ২০২৪-২০২৫ অর্থবছরে ঢাকা স্টক এক্সচেঞ্জে লেনদেনের পরিমাণ ছিল ১,১১,০৩৫.৭২ কোটি টাকা। এই লেনদেন পূর্বের অর্থবছরের তুলনায় ৩৮,৮২৯.১৯ কোটি টাকা বা ২৫.৯১% কম।

সিএসই'র প্রধান সূচক সিএসই জেনারেল ইনডেক্স (সিএএসপিআই) গত অর্থবছরের তুলনায় ১৬২৮ হ্রাসপূর্বক ২০২৪-২০২৫ অর্থবছরের শেষ দিনে ১৩,৪৩৮.৩৭ হয়। এ অর্থবছরে জেনারেল ইনডেক্স সর্বোচ্চ ও সর্বনিম্ন ছিল যথাক্রমে ১৭,২৮২.৪৬ ও ১৩,০২৫.৫৬। ২০২৪-২০২৫ অর্থবছরে সিএসই'র লেনদেনের পরিমাণ ছিল ৪,০০৫.৮৬ কোটি টাকা। একই অর্থবছরে সিএসই'র বাজার মূলধনের পরিমাণ ছিল ৬,৯১,১৯২.৮২ কোটি টাকা।

২০২৪-২০২৫ অর্থবছরে ২৩৫ কার্যদিবসে ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে গড় লেনদেন হয়েছে যথাক্রমে ৪৭২.৪৯ কোটি ও ১৭.০৪ কোটি টাকা। গত অর্থবছরে ডিএসই ও সিএসই'র গড় লেনদেনের পরিমাণ ছিল যথাক্রমে ৬২১.৮৪ কোটি ও ৩১.০২ কোটি টাকা।

২০২৪-২০২৫ অর্থবছরে বিদেশি বিনিয়োগকারীদের লেনদেনের পরিমাণ ছিল ৩,৯৩১.৪১ কোটি টাকা। গত অর্থবছরের তুলনায় বিদেশি বিনিয়োগকারীদের ১,২০৮.৩৬ কোটি টাকা বা ৪৪.৩৭ % অধিক পরিলক্ষিত হয়।

২০২৪-২০২৫ অর্থবছরের শেষে ঢাকা স্টক এক্সচেঞ্জে মোবাইলে লেনদেনকারীর সংখ্যা হয় ২৬,০৬৭ জন। এ অর্থবছরে মোবাইলের মাধ্যমে দৈনিক ৩৮,৪৬৩টি গ্রহণকৃত আদেশের ৩৫,৫৩৪টি কার্যকর করা হয়।

দেশের পুঁজিবাজারকে প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে উন্নত ও স্থিতিশীলকরণে কমিশনের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। আশা করি, পুঁজিবাজারকে আগামীর অর্থনীতির কেন্দ্রবিন্দু হিসেবে ভূমিকা পালনে সরকারের অব্যাহত নীতি সহায়তা ভবিষ্যতে উন্নত পুঁজিবাজার বিনির্মাণে সহায়ক হবে। মাননীয় প্রধান উপদেষ্টা ও অর্থ উপদেষ্টার সুচিন্তিত দিক-নির্দেশনা বাংলাদেশের পুঁজিবাজারকে উন্নয়নের ধারায় আনয়নে সক্ষম হয়েছে। একটি স্বয়ংক্রিয়, টেকসই ও উন্নত পুঁজিবাজার প্রতিষ্ঠার কার্যক্রমে মাননীয় প্রধান উপদেষ্টার অনুপ্রেরণা, উপদেশ ও সর্বোপরি পৃষ্ঠপোষকতার জন্য আমি আন্তরিকভাবে কৃতজ্ঞ।

**খন্দকার রাশেদ মাকসুদ**
চেয়ারম্যান
বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

## ১.৬ বিএসইসি'র কর্মকৃতি নির্দেশক

### ১. বিভিন্ন কোম্পানিতে পুঁজি উত্তোলন/সরবরাহের অনুমোদন

| বিষয় | সংখ্যা (টি) | উত্তোলিত টাকার পরিমাণ (কোটি টাকা) | সংখ্যা (টি) | উত্তোলিত টাকার পরিমাণ (কোটি টাকা) |
|---|---|---|---|---|
| **অর্থবছর** | **২০২৩-২০২৪** | | **২০২৪-২০২৫** | |
| আইপিও | ০৪ | ৫৬৬.০০ | - | - |
| রাইটস ইস্যু | ০২ | ১১৩.১৭ | ০১ | ৩০২.৮২ |
| কোয়ালিফাইড ইনভেস্টর অফার | ০৩ | ১৫.০০ | ০১ | ৫.০০ |
| **মোট** | **০৯** | **৬৯৪.১৭** | **০২** | **৩০৭.৮২** |
| **পাবলিক লিমিটেড কোম্পানি (পুঁজি উত্তোলন)** | | | | |
| সাধারণ শেয়ার | ০৮ | ৮,৩৭৫.১৩ | ০১ | ১৬৬.০০ |
| প্রেফারেন্স শেয়ার | ০২ | ২,৮৫৫.৪০ | ০২ | ৬১০.০৭ |
| পারপেচ্যুয়াল বন্ড | ০২ | ৮০.০০ | - | - |
| সাবঅর্ডিনেট বন্ড | - | - | - | - |
| মার্জার ও একুইজিশন | ০৪ | ৪৪.৬০ | ০১ | ০০.১৯ |
| বোনাস শেয়ার | ২২ | ৭০৩.৫৫ | ১১ | ৪১৭.৩৮ |
| অন্যান্য কুপন বিয়ারিং বন্ড | - | - | - | - |
| **মোট** | **৩৮** | **১২,০৫৮.৬৮** | **১৫** | **১,১৯৩.৬৪** |
| **প্রাইভেট লিমিটেড কোম্পানি (পুঁজি উত্তোলন)** | | | | |
| সাধারণ শেয়ার | - | - | - | - |
| জিরো কুপন বন্ড | ১১ | ৬,৬৭৫.৭২ | ০১ | ১৭১.০০ |
| পারপেচ্যুয়াল বন্ড | - | - | - | - |
| সাবঅডিনেট বন্ড | - | - | ০৯ | ৪,৪৫০.০০ |
| বন্ড | ০২ | ৭২০.০০ | - | - |
| কুপন বিয়ারিং বন্ড | ১২ | ৪,৭২৬.৭২ | ০১ | ৫০.০০ |
| **মোট** | ২৫ | ১২,১২২.৪৪ | ১১ | ৪,৬৭১.০০ |
| **সর্বমোট** | ৭২ | **২৪,৮৭৫,২৯** | ২৮ | **৬,১৭২.৪৬** |

### ২. তালিকাভুক্ত সিকিউরিটিজ

| অর্থবছর | ২০২৩-২০২৪ সংখ্যা (টি) | ২০২৪-২০২৫ সংখ্যা (টি) |
|---|---|---|
| **তালিকাভুক্ত সিকিউরিটিজের সংখ্যা** | ৬৬০ | ৬৫৬ |
| কোম্পানি | ৩৫৯ | ৩৬০ |
| মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড | ৩৮ | ৩৬ |
| ডিবেঞ্চার | ০৮ | ০৮ |
| ট্রেজারি বন্ড | ২৪০ | ২৩৫ |
| কর্পোরেট বন্ড | ১৬ | ১৬ |
| বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড | ৯০ | ৯৯ |

### ৩. মিউচুয়্যাল ফান্ডের মোট সম্পদ

| অর্থবছর | ২০২৩-২০২৪ (কোটি টাকা) | ২০২৪-২০২৫ (কোটি টাকা) |
|---|---|---|
| মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড | ৫,২৮৫.০০ | ৪,৬৫০.০০ |
| বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড | ৫,৪৪৪.০০ | ৪,৯৭৮.০০ |
| **সর্বমোট** | **১০,৭২৯.০০** | **৯,৬২৮.০০** |

### ৪. বাজার মধ্যস্থতাকারীর সংখ্যা

| অর্থবছর | ২০২৩-২০২৪ সংখ্যা (টি) | ২০২৪-২০২৫ সংখ্যা (টি) |
|---|---|---|
| স্টক ব্রোকার | ৪৫৬ | ৪৫৮ |
| স্টক ডিলার | ৪২৪ | ৪৩০ |
| ডিপজিটরি পার্টিসিপেন্ট | ৪৬৯ | ৪৭৬ |
| অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি | ৬৭ | ৬৯ |
| মার্চেন্ট ব্যাংকার | ৬৬ | ৬৬ |
| সিকিউরিটিজ কাস্টডিয়ান | ১৬ | ১৬ |
| ট্রাস্টি (মিউচ্যুয়াল ফান্ড) | ১০ | ১০ |
| ট্রাস্টি (অ্যাসেট ব্যাকড সিকিউরিটিজ) | ০৫ | ০৫ |
| ক্রেডিট রেটিং কোম্পানি | ০৮ | ০৮ |
| ফান্ড ম্যানেজার (এআইএফ) | ২৬ | ৩০ |
| ট্রাস্টি (এআইএফ) | ১৪ | ১৯ |
| কাস্টডিয়ান (মিউচ্যুয়াল ফান্ড) | ০৯ | ০৯ |
| ট্রাস্টি (ডেট সিকিউরিটিজ) | ২৪৪ | ২৪৪ |
| ডিজিটাল বুথ | ২৭৬ | ২৯৮ |
| মার্কেট মেকার | ০৩ | ০৩ |
| অনুমোদিত প্রতিনিধি | ৭,৪৪৪ | ৭,৬৯১ |

### ৫. তদন্ত, অনুসন্ধান ও পরিদর্শন

| অর্থবছর | ২০২৩-২০২৪ সংখ্যা (টি) | ২০২৪-২০২৫ সংখ্যা (টি) |
|---|---|---|
| তদন্ত ও অনুসন্ধান (বিএসইসি, ডিএসই ও সিএসই) | ৭৮ | ৯২ |
| পরিদর্শন (বিএসইসি, ডিএসই ও সিএসই) | ৫১৬ | ৬১০ |

### ৬. অভিযোগ সংক্রান্ত

| অর্থবছর | ২০২৩-২০২৪ | | | ২০২৪-২০২৫ | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রাপ্তি | নিস্পত্তি | প্রক্রিয়াধীন | প্রাপ্তি | নিস্পত্তি | প্রক্রিয়াধীন |
| অভিযোগ প্রাপ্তি | ২২৬টি | ২২২টি | ৪টি | ১৭৫টি | ১০৯টি | ৬৬টি |

### ৭. এনফোর্সমেন্ট সংক্রান্ত

| অর্থবছর | ২০২৩-২০২৪ | | | | ২০২৪-২০২৫ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| এনফোর্সমেন্ট ব্যবস্থা গ্রহণ | নিষ্পত্তি | | | | নিষ্পত্তি | | | |
| | মোট | জরিমানা | সতর্কীকরণ | অব্যহতি | মোট | জরিমানা | সতর্কীকরণ | অব্যহতি |
| | ৬৯১টি | ৭৬টি | ৬০২টি | ১৩টি | ৯৮৭টি | ২২৯টি | ৬৮৪টি | ৭৪টি |

### ৮. কমিশনের মামলা সংক্রান্ত

| অর্থবছর | ২০২৩-২০২৪ | | | ২০২৪-২০২৫ | | |
|---|---|---|---|---|---|---|
| কমিশনের মামলা সংক্রান্ত তথ্যাদি | কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা সংখ্যা | কমিশনের বিরুদ্ধে দায়েরকৃত মামলা সংখ্যা | মোট | কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা সংখ্যা | কমিশনের বিরুদ্ধে দায়েরকৃত মামলা সংখ্যা | মোট |
| | ১৫টি | ২২টি | ৩৭টি | ০৪টি | ৭৬টি | ৮০টি |

### ৯. অন্যান্য

**ক. কমিশনের**

| অর্থবছর | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ |
|---|---|---|
| আইন/বিধিবিধান/সংশোধনী/আদেশ/নির্দেশনা প্রণয়ন এবং রেগুলেটরি সংস্কার | ১৬টি | ১১টি |
| বাজার মধ্যস্থতাকারীদের নতুন সনদ প্রদান | ৩৭৫টি | ২৮৫টি |
| ফাইন্যান্সিয়াল লিটারেসি বিষয়ে প্রশিক্ষণ প্রদান | ৯,৬৪২ জন | ৭,০১৩ জন |

**খ. ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি**

| অর্থবছর | ২০২৩-২০২৪ | | ২০২৪-২০২৫ | |
|---|---|---|---|---|
| | ডিএসই | সিএসই | ডিএসই | সিএসই |
| বাজার মূলধন (কোটি টাকা) | ৬,৬২,১৩৭.২৬ | ৬,৯১,৫৭৬.০১ | ৬,৬২,২৭১.০৮ | ৬,৯১,১৯২.৮২ |
| ডিএসইএক্স মূল্যসূচক | ৫,৩২৮.৪০ | ১৫,০৬৬.৮১ | ৪,৮৩৮.৩৯ | ১৩,৪৩৮.৩৭ |
| সিকিউরিটিজ লেনদেন (কোটি টাকা) | ১,৪৯,৯৯২.৬২ | ৭,৪৭৮.১৫ | ১,১১,০৩৫.৭২ | ৪,০০৫.৮৬ |
| দৈনিক গড় লেনদেন (কোটি টাকা) | ৬২২.৩৮ | ৩১.০৩ | ৪৭২.৪৯ | ১৭.০৫ |
| বৈদেশিক মোট লেনদেন (কোটি টাকা) | ২,৭২৩.০৬ | ১,৩৬৮.৯৯ | ৩,৯৩১.৪১ | ১৪.৬৩ |
| বিও অ্যাকাউন্ট (সংখ্যা) | ১৭,৭৫,১৪৬ | ৭,৭৮,৫৯১ | ১৬,৬৭,১৯৬ | ৭,৬৮,১১২ |
| মার্কেট পি/ই রেশিও | ১০.২২ | ১১.৫৬ | ৯.৩৪ | ৮.৬০ |
| মার্কেট ক্যাপ টু জিডিপি | ১৩.১২ | ১৩.৭০ | ১১.৯৩ | ১৩.৬৯ |

তথ্যসূত্র: ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি

## ১.৭ বিএসইসি কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে উল্লেখযোগ্য বিধি-বিধান/আদেশ/নির্দেশনা এবং রেগুলেটরি সংস্কারসমূহ

| ক্রমিক | বিষয় | ধরন | স্মারক | তারিখ |
|---|---|---|---|---|
| ১ | প্রাইভেট লিমিটেড কোম্পানি কর্তৃক কোনো মিউচ্যুয়াল ফান্ডের স্পন্সর প্রাপ্তি সংক্রান্ত নির্দেশনা | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৮১ | ১৮ জুলাই ২০২৪ |
| ২ | সরকারি সিকিউরিটিজের Primary Auction Process-এ Stock Broker-এর মাধমে অংশগ্রহণ সম্পর্কিত নির্দেশনা প্রসঙ্গে | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৪/৮২ | ১৮ সেপ্টেম্বর ২০২৪ |
| ৩ | Debt Securities issue সংক্রান্ত Information Memorandum এ ব্যাংকের ৩১শে ডিসেম্বর, ২০২৩ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অন্তর্ভুক্তির বৈধতার মেয়াদ অতিরিক্ত ৬০ দিন বা ৩০শে নভেম্বর, ২০২৪ পর্যন্ত, যেটি প্রযোজ্য, বর্ধিতকরণ সংক্রান্ত নির্দেশনা | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২০-৩৭৩/৮৩ | ০৭ নভেম্বর ২০২৪ |
| ৪ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে নিবন্ধিত সকল সংস্থার নিরীক্ষা সম্পন্ন করার ক্ষেত্রে কমিশনের প্যানেল নিরীক্ষকদের মাধ্যমে করা সংক্রান্ত নির্দেশনা সংশোধন | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৮৪ | ১৮ ডিসেম্বর ২০২৪ |
| ৫ | রাইট অফার (R) এর জন্য Berger Paints Bangladesh Ltd.-কে Securities and Exchange Commission (Right Issue) Rules, 2006-এর কয়েকটি বিধান থেকে অব্যাহতি প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশের নিমিত্ত প্রেরণ | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৮৫/পিআরডি/১৫৩ | ১৮ ডিসেম্বর ২০২৪ |
| ৬ | শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিলের সদস্য নির্বাচন সংক্রান্ত মনোনয়ন কমিটি বাতিল প্রসঙ্গে | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৮/৮৬ | ২৯ মে ২০২৫ |
| ৭ | শরীয়াহ অ্যাডভাইজরি কাউন্সিল (SAC) পুনর্গঠনের লক্ষ্যে কমিশনের আদেশ নং BSEC/CMRRCD/2009-193/60, তারিখ ২৮ মে ২০২৩ রহিতকরণ সংক্রান্ত | আদেশ | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৮/৮৭ | ২৯ মে ২০২৫ |
| ৮ | Securities and Exchange Rules, 2020-এর বিধি ৬ এর উপ-বিধি (১) এর সংশোধনের প্রস্তাব বাংলাদেশ গেজেটে প্রকাশের জন্য প্রেরণ | প্রজ্ঞাপন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০১-৮০(২য় খন্ড)/৮৮/পিআরডি/১৫৪ | ০১ জুন ২০২৫ |
| ৯ | Consolidated Customers' Account (CCA) থেকে প্রাপ্ত সুদের আয় গ্রাহকদের মধ্যে বন্টনের নির্দেশনা বাতিল সংক্রান্ত | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০১-৮০/৮৯ | ০১ জুন ২০২৫ |

| ক্রমিক | বিষয় | ধরন | স্মারক | তারিখ |
|---|---|---|---|---|
| ১০ | Shari'ah Advisory Council (SAC)-এর সদস্য নির্বাচনের জন্য গঠিত মনোনয়ন/বাছাই কমিটি সংক্রান্ত আদেশ | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৮/৯০ | ০৪ জুন ২০২৫ |
| ১১ | Chittagong Stock Exchange (Commodity Derivatives) Regulations, 2025 অনুমোদিত হয়েছে এবং গেজেটে প্রকাশের জন্য চিটাগাং স্টক এক্সচেঞ্জ পিএলসি-তে প্রেরণ | প্রবিধানমালা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৪৩৯/৩১ | ২৯ জুন ২০২৫ |

## ১.৮ বিএসইসি'র উল্লেখযোগ্য অর্জনসমূহ

### বিএসইসি'র অর্জনসমূহ

**ক. ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি**

| বিবরণ | অর্থবছর ২০২৩-২০২৪ | অর্থবছর ২০২৪-২০২৫ | প্রবৃদ্ধি (%) |
|---|---|---|---|
| বাজার মূলধন (কোটি টাকা) | ৬,৬২,১৩৭.২৬ | ৬,৬২,২৭১.০৮ | -০.০২ |
| সিকিউরিটিজ লেনদেন (কোটি টাকা) | ১,৪৯,৯৯২.৬২ | ১,১১,০৩৫.৭২ | -২৫.৯৭ |
| বৈদেশিক মোট লেনদেন (কোটি টাকা) | ২,৭২৩.০৬ | ৩,৯৩১.৪১ | ৪৪.৩৭ |
| মূলধন সরবরাহ (কোটি টাকা) | ৪,৩৯,৯৬১.০৫ | ৪,৬৭,৫৭৭.৮০ | ৬.২৭ |
| বিও একাউন্ট (সংখ্যা) | ১৭,৭৫,১৪৬ | ১৬,৬৭,১৯৬ | -৬.০৮ |
| তালিকাভুক্ত সিকিউরিটিজ (সংখ্যা) | ৬৬০ | ৬৫৬ | -০.৬০ |
| বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান (সংখ্যা) | ১,৪১৭ | ১,৪২৭ | ০.৭০ |
| মার্কেট পি/ই রেশিও | ১০.২২ | ৯.৩৪ | -৮.৬১ |
| মার্কেট ক্যাপ টু জিডিপি | ১৩.১২ | ১১.৯৩ | -৯.০৭ |
| দৈনিক গড় লেনদেন (কোটি টাকা) | ৬২২.৩৮ | ৪৭২.৪৯ | -২৪.০৮ |
| ডিএসইএক্স মূল্যসূচক সর্বোচ্চ | ৬,৪৪৭.০৭ | ৬,০১৫.৯০ | -৬.৬৮ |
| ডিএসইএক্স মূল্যসূচক সর্বনিম্ন | ৫,০৭০.০২ | ৪,৬১৫.৪১ | -৮.৯৭ |

**খ. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি**

| বিবরণ | অর্থবছর ২০২৩-২০২৪ | অর্থবছর ২০২৪-২০২৫ | প্রবৃদ্ধি (%) |
|---|---|---|---|
| বাজার মূলধন (কোটি টাকা) | ৬,৯১,৫৭৬.০১ | ৬,৯১,১৯২.৮২ | -০.০৬ |
| সিকিউরিটিজ লেনদেন (কোটি টাকা) | ৭,৪৭৮.১৫ | ৪,০০৫.৮৬ | -৪৬.৪৩ |
| বৈদেশিক মোট লেনদেন (কোটি টাকা) | ১,৩৬৮.৯৯ | ১৪.৬৩ | -৯৮.৯৩ |
| মূলধন সরবরাহ (কোটি টাকা) | ৮,৭১১.০৩ | ১০০০.০০ | -৮৯.০০ |
| বিও একাউন্ট (সংখ্যা) | ৭,৭১,২৯৮ | ৭,৬৮,১১২ | -০.০৪ |
| তালিকাভুক্ত সিকিউরিটিজ (সংখ্যা) | ৬২৩ | ৬২০ | -০.৪৮ |
| বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান (সংখ্যা) | ১৬২ | ১৬২ | ০ |
| মার্কেট পি/ই রেশিও | ১১.৫৬ | ৮.৬০ | -০.৪৮ |
| মার্কেট ক্যাপ টু জিডিপি | ১৩.৭০ | ১৩.৬৯ | -০.০৭ |
| দৈনিক গড় লেনদেন (কোটি টাকা) | ৩১.০৩ | ১৭.০৫ | -৪৫.০৫ |
| সিএসই সার্বিক শেয়ার মূল্যসূচক সর্বোচ্চ | ১৮,৮০৬.৩৬ | ৬,০১৫.৯০ | -৮.১০ |
| সিএসই সার্বিক শেয়ার মূল্যসূচক সর্বনিম্ন | ১৪,৫৪৭.২৪ | ১৩,০২৫.৫৬ | -১০.৪৬ |

তথ্যসূত্র: ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি

## ১.৯ ২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি সম্পাদিত গুরুত্বপূর্ণ কার্যক্রম

১. ২০২৪-২০২৫ অর্থবছরে রাইট ইস্যুর মাধ্যমে ০১টি তালিকাভুক্ত কোম্পানিকে ৩০২.৮২ কোটি টাকা, ১১টি ইস্যুয়ার কোম্পানিকে ডেট সিকিউরিটিজ ইস্যুর (প্রাইভেট অফার) মাধ্যমে ৪,৬৭১.০০ কোটি টাকা, ০১টি কোয়ালিফাইড ইনভেস্টর কোম্পানিকে ৫.০০ কোটি টাকা এবং ১৫টি ইস্যুয়ার কোম্পানিকে সাধারণ শেয়ার, বোনাস শেয়ার, প্রেফারেন্স শেয়ার ইস্যুর মাধ্যমে ১,১৯৩.৬৪ কোটি টাকাসহ মোট ৬,১৭২.৪৬ কোটি টাকার পরিশোধিত মূলধন বৃদ্ধির অনুমোদন প্রদান করা হয়েছে।

২. সিকিউরিটিজের যোগান বৃদ্ধি ও শেয়ার লেনদেনে কার্যকর ভূমিকা পালনে কমিশন পুঁজিবাজারে আরও ০৮টি স্টক ব্রোকারের শাখা অফিস, ০১টি সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি, ০১টি ডিপজিটরি অংশগ্রহণকারী, ০৮টি ট্রাস্টি, ২২টি ডিজিটাল বুথের অনুমোদন এবং ২৪৫টি অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ ইস্যু করা হয়েছে।

৩. সিকিউরিটিজ আইন লঙ্ঘনকারী বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে ৯৮৭টি এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ২২৯ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জরিমানা, ৬৮৪ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সতর্কীকরণ এবং ৭৪ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অব্যহতি প্রদান করা হয়েছে।

৪. ২০২৪-২০২৫ অর্থবছরে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ২২৬টি অভিযোগের মধ্যে ২২২টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে এবং অবশিষ্ট ০৪টি প্রক্রিয়াধীন আছে।

৫. বিএসইসি কর্তৃক এবং বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মোট ৫২৭টি মামলা বিভিন্ন আদালতে বিচারাধীন রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি কর্তৃক ৪টি ও বিএসইসি'র বিরুদ্ধে ৭৬টি মামলা দায়ের এবং বিভিন্ন আদালতে ৭৬টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ১৯ আগস্ট ২০২৪ থেকে ৩০ জুন ২০২৫ সময়ে মোট ১০৭৩.২১ কোটি টাকা জরিমানা করা হয়েছে।

৬. বাজার নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা আনয়নে ১১টি প্রজ্ঞাপন, প্রবিধানমালা, নির্দেশনা এবং আদেশ জারি করা হয়েছে।

৭. আর্থিক প্রতিবেদন এবং কোম্পানির আর্থিক কার্যক্রমে অনিয়ম উদ্‌ঘাটনে ৭০২টি তদন্ত/অনুসন্ধান/পরিদর্শন সম্পন্ন করা হয়েছে।

৮. বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের আওতায় ৭,০১৩ জনকে পুঁজিবাজার সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৯. পুঁজিবাজার উন্নয়ন ও বিকাশে কমিশনের ৭ (সাত) জন কর্মকর্তা দেশের বাইরে বিভিন্ন সভা-সেমিনারে অংশগ্রহণ করেছেন।

১০. ২০২৪-২০২৫ অর্থবছরে কমিশন প্রতিনিয়ত বিভিন্ন অংশীজন যেমন: ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম, বিএএসএম এবং সিএমএসএফ-এর সাথে বিভিন্ন বিষয় সম্পর্কিত সভা-সেমিনার সম্পন্ন করছে।

১১. বিনিয়োগকারীদের কল্যাণ ও সুরক্ষার্থে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি ইতোমধ্যে বিনিয়োগকারীদের বিও অ্যাকাউন্ট সম্পর্কে ধার্যকৃত বার্ষিক মেইনটেন্যান্স ফি ৪৫০ টাকা হতে প্রায় ৭০% হ্রাসপূর্বক ১৫০ টাকা করার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ এবং সমন্বিত গ্রাহক হিসাব হতে অর্জিত সুদের ২৫% ইনেভেস্টর প্রটেকশন ফান্ডে জমার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এর মাধ্যমে সাধারণ বিনিয়োগকারীরা সরাসরি উপকৃত হবেন।

১২ বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে বিএসইসি ৭ অক্টোবর ২০২৪ তারিখে ৫ (পাঁচ) সদস্যের একটি পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স গঠন করে। উক্ত টাস্কফোর্স ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে কমিশনের নিকট সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১, Margin Rules, 1999 এবং Bangladesh Securities and Exchange Commission (Pubic Issue) Rules, 2015 এর যুগোপযোগীকরণের বিষয়সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে খসড়া প্রতিবেদন জমা দিয়েছে। পরবর্তীতে উক্ত খসড়া সুপারিশ এর উপর সংশিষ্ট সকলের মতামত আহ্বান করে প্রাপ্ত মতামত বিবেচনায় নিয়ে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স এ সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে। পুঁজিবাজারের সুশাসন, বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষা এবং টাস্কফোর্স এর সুপারিশ বিবেচনায় নিয়ে কমিশন উক্ত বিধিমালাসমূহ নুতনভাবে প্রণয়নের লক্ষ্যে কাজ চালিয়ে যাচ্ছে।

১৩. বর্তমান কমিশন দেশের পুঁজিবাজারের আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা বৃদ্ধি, পুঁজিবাজারে বিদেশি বিনিয়োগ আকৃষ্টকরণ এবং বিনিয়োগকারীদের দীর্ঘমেয়াদি স্বার্থ বিবেচনায় ২০২৪ সালের ২৮ আগস্ট পুঁজিবাজারের সকল কোম্পানির Upper Limit ও Lower Limit এর সার্কিট ব্রেকার অভিন্ন তথা বৈষম্যহীন করেছে, যার মাধ্যমে বাজার স্বাভাবিক গতিতে ফিরেছে এবং পুঁজিবাজার কৃত্রিম হস্তক্ষেপ হতে বহুলাংশে মুক্ত হয়েছে। একইসাথে উক্ত একই তারিখে কমিশন দেশের পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থ বিবেচনায় রেখেই দুটি কোম্পানি ব্যতীত সকল কোম্পানির ফ্লোর প্রাইস তুলে নেয়; যার মধ্য দিয়ে দেশের পুঁজিবাজার ফ্লোর প্রাইসের মতো গতিহীন ও অবরুদ্ধ কৃত্রিম সিস্টেম থেকে বেড়িয়ে এসেছে। তবে, পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষার কথা বিবেচনায় BEXIMCO ও ISLAMIBANK-এর ফ্লোর প্রাইস বহাল হয়েছে।

১৪. ২০২৪ সালের ১৭ সেপ্টেম্বর কমিশনের ৯১৮তম জরুরী সভার সিদ্ধান্ত মোতাবেক পুঁজিবাজারের স্থিতিশীলতা, বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষা ও তাদের আস্থা ফিরিয়ে আনার লক্ষ্যে বিগত সময়ের অনিয়ম, কারসাজি ও দুর্নীতির বিষয়ে এতদসংক্রান্ত আইন ও বিধি বিধানের আলোকে অনুসন্ধান ও তদন্ত করার জন্য Securities and Exchange Ordinance, 1969 এর Section 21 এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৭ক এ প্রদত্ত ক্ষমতাবলে ৫ সদস্যের একটি 'অনুসন্ধান ও তদন্ত কমিটি' গঠন করে। উক্ত কমিটি ইতোমধ্যে ১২টি তদন্ত প্রতিবেদন কমিশনে নিকট জমা দিয়েছে, যার প্রেক্ষিতে অভিযুক্ত ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম চলমান আছে।

১৫. ২০২৫ সালের ২৭ মে অনুষ্ঠিত বিএসইসি'র ৯৫৭ তম কমিশন সভার সিদ্ধান্ত অনুসারে পুঁজিবাজারে তালিকাভুক্ত জেড ক্যাটাগরির কোম্পানিসমূহ এবং যেসকল কোম্পানিতে স্পন্সর ও ডিরেক্টরদের যৌথভাবে ৩০ শতাংশের নিম্নে শেয়ার হোল্ডিং বিদ্যমান রয়েছে, সেসকল কোম্পানিকে 'কর্পোরেট গভর্ন্যান্স কোড, ২০১৮' পরিপালনের মাধ্যমে স্বতন্ত্র পরিচালক নিয়োগের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

১৬. বাংলাদেশের পুঁজিবাজারের টেকসই ও অভিষ্ট উন্নয়নের লক্ষ্যে ২০২৫ সালের ০৩ ফেব্রুয়ারি অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব নাজমা মোবারেক-এর নেতৃত্বে ১০ (দশ) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। এই কমিটিতে জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, মাইক্রো ক্রেডিট রেগুলেটরি অথরিটি, ফাইন্যান্সিয়াল রিপোর্ট কাউন্সিল হতে একজন করে প্রতিনিধি, চেয়ারম্যান, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি, চেয়ারম্যান, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্ম সচিব (পুঁজিবাজার) কে সদস্য সচিব করা হয়েছে। উক্ত কমিটি বাংলাদেশের পুঁজিবাজার উন্নয়নে নিরলসভাবে পরিশ্রম করছে।

১৭. ২০২৫ সালের ১৭ মার্চ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ প্রজ্ঞাপন জারির মাধ্যনে ৫টি কার্যপরিধি উল্লেখপূর্বক মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে বিএসইসিকে অধিকতর শক্তিশালী এবং পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে ৪ (চার) সদস্যবিশিষ্ট কমিটি গঠন করে। উক্ত কমিটিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব এবং কমিশনের একজন কমিশনার সদস্য হিসেবে পুঁজিবাজার উন্নয়নে সার্বিকভাবে সহায়তা প্রদান করছে।

১৮. সরকার পুঁজিবাজারের গুরুত্ব বিবেচনায় উন্নয়নের জন্য পুঁজিবাজারে তালিকাভুক্ত ও অতালিকাভুক্ত কোম্পানির মধ্যকার কর্পোরেট করহারের ব্যবধান ৫%–৭.৫%-এ বৃদ্ধি করেছে। ফলে, পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি কর্পোরেট করহারে ছাড় পাবেন। পুঁজিবাজারে কর্মরত ব্রোকারেজ হাউসের লেনদেনের ওপর ধার্য কর ০.০৫%–০.০৩%-এ হ্রাস করা হয়েছে। এছাড়া, পুঁজিবাজারে কর্মরত মার্চেন্ট ব্যাংকের কর্পোরেট করহার ১০% হ্রাস করা হয়েছে। পূর্বে মার্চেন্ট ব্যাংকগুলো ৩৭.৫% হারে কর প্রদান করতো। এখন এই হার ২৭.৫%। অর্জিত মূলধনী মুনাফায় সর্বোচ্চ করহার ৩০%–১৫% করা হয়। উপরোক্ত পদক্ষেপসমূহ থেকে স্পষ্ট, সরকার পুঁজিবাজার উন্নয়নের বিষয়ে অত্যন্ত ইতিবাচক ও আন্তরিক।

## ১.১০ ২০২৪-২০২৫ অর্থবছরে উল্লেখযোগ্য ঘটনাবলি

### বাংলাদেশের পুঁজিবাজার উন্নয়ন ও শক্তিশালীকরণের লক্ষ্যে মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনাবলী

মাননীয় প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস এর সভাপতিত্বে ২০২৫ সালের ১১ মে 'পুঁজিবাজার উন্নয়ন ও শক্তিশালীকরণ' শীর্ষক একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী, পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব নাজমা মোবারেক উপস্থিত ছিলেন।

উক্ত সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ দেশের পুঁজিবাজারের সার্বিক অবস্থা তুলে ধরেন। বর্তমান কমিশন দায়িত্ব গ্রহণের পর হতে বিগত ৯ (নয়) মাসে পুঁজিবাজারে গৃহীত সংস্কার এবং অবশিষ্ট সংস্কারসমূহ কার্যক্রম চলমান রয়েছে, এসব সংস্কারের বিস্তারিত চিত্র তুলে ধরেন।



মাননীয় প্রধান উপদেষ্টা, মাননীয় অর্থ উপদেষ্টা, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী, কমিশনের চেয়ারম্যান এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব উপস্থিত ছিলেন **'পুঁজিবাজার উন্নয়ন ও শক্তিশালীকরণ'** শীর্ষক সভায়

সভায় বিস্তারিত আলোচনা শেষে দেশের পুঁজিবাজার উন্নয়ন ও শক্তিশালীকরণের লক্ষ্যে মাননীয় প্রধান উপদেষ্টা নিম্নরূপ ৫ দফা নির্দেশনা প্রদান করেন:

১. যেসকল বিদেশি বা বহুজাতিক কোম্পানি বাংলাদেশে কার্যক্রম পরিচালনা করছে এবং উক্ত কোম্পানিসমূহে বাংলাদেশে সরকারের মালিকানা রয়েছে সেসকল কোম্পানীর সরকারী শেয়ারসমূহ দ্রুত পুঁজিবাজারে আনার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন;

২. বিগত ২০ থেকে ৩০ বছরের মধ্যে বাংলাদেশের বেসরকারি খাতে যে সকল শক্তিশালী ও বৃহৎ মূলধনী কোম্পানি গড়ে উঠেছে উক্ত কোম্পানিসমূহকে বিশেষ প্রণোদনা প্রদানের মাধ্যমে পুঁজিবাজারে তালিকাভুক্ত করার উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন;

৩. বিদেশ থেকে পুঁজিবাজার বিশেষজ্ঞ পরামর্শক দল বাংলাদেশে এনে আগামী তিন মাসের মধ্যে পুঁজিবাজার সংস্কার কার্যক্রম ত্বরান্বিত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন;

৪. পুঁজিবাজার সংশিষ্ট প্রতিষ্ঠানের যেসকল কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে সুনির্দিষ্ট দুর্নীতি ও অনিয়মের অভিযোগ রয়েছে তাঁদের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন; এবং

৫. দেশের বৃহৎ মূলধনী কোম্পানিসমূহ যাতে ব্যাংক ঋণ গ্রহণের পরিবর্তে পুঁজি বাজারে বন্ড বা শেয়ার ইস্যু করে পুঁজি সংগ্রহে আগ্রহী হয় সে লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।

উপরোক্ত নির্দেশনাবলী বাস্তবায়িত হলে বাংলাদেশের পুঁজিবাজার উন্নত, শক্তিশালী ও গতিশীল হবে যার সুফল বাংলাদেশের বিনিয়োগকারীসহ সকল জনগণ ভোগ করবে এবং আন্তর্জাতিক মহলেও বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে মর্মে সরকার মনে করে।

## অর্থ ও বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার সাথে বিএসইসি'র মতবিনিময় সভা

২০২৪ সালের ৩০ অক্টোবর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে অর্থ ও বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদের বৈঠক অনুষ্ঠিত হয়।

মাননীয় উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ বলেন, সরকার বাংলাদেশের পুঁজিবাজারকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণে বদ্ধপরিকর। এই প্রত্যাশায় আমাদের চেষ্টা অব্যাহত রয়েছে। তিনি পুঁজিবাজারের বিভিন্ন বিষয় বৈঠকে আলোচনা এবং পুঁজিবাজারের বিদ্যমান সংকটের কিছু তাৎক্ষণিক সমাধানের ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে বলে জানান। এছাড়া, দেশের মিউচ্যুয়াল ফান্ড খাতের উন্নয়ন এবং বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধির বিষয়টি বৈঠকে আলোচিত হয়। বিএসইসি'র চেয়ারম্যান মাননীয় উপদেষ্টা মহোদয়কে বিএসইসি কার্যালয়ে আগমন এবং দেশের পুঁজিবাজার ও সংশ্লিষ্ট বিষয়ে সদয় দৃষ্টিদানের জন্য আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি দেশের পুঁজিবাজারের বিদ্যমান অবস্থা এবং সংশ্লিষ্ট নানা বিষয় তথ্যসহকারে অনুষ্ঠিত বৈঠকে উপস্থাপন করেন। একইসাথে পুঁজিবাজারের বিদ্যমান সংকট নিরসন এবং সংশ্লিষ্ট সম্ভাবনা ফলপ্রসূকরণে বিএসইসি'র সদিচ্ছার অভিপ্রায় ব্যক্ত করেন। তিনি সভায় পুঁজিবাজারের উন্নয়ন ও সংস্কারে সরকারের সদয় দৃষ্টি এবং নীতি-সহায়তার অনুরোধ জানান।



অর্থ ও বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এবং কমিশনের চেয়ারম্যান, কমিশনারবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা

বৈঠকে বিএসইসি'র পক্ষ হতে 'Current Scenario of Capital Market of Bangladesh: Challenges, Prospects and Strategies' সচিত্র উপস্থাপনা প্রদান করা হয়। পুঁজিবাজারে ক্যাপিটাল গেইন সম্পর্কিত আরোপিত করহার যৌক্তিককরণ এবং সংশ্লিষ্ট সংস্কার আনয়ন, প্রাইভেট ও পাবলিক কোম্পানির ক্ষেত্রে করহারে পার্থক্য যৌক্তিককরণ, আইসিবি'কে প্রয়োজনীয় তহবিল সরবরাহের মাধ্যমে এর বিনিয়োগ সক্ষমতা বৃদ্ধি, পুঁজিবাজারের গভীরতা বৃদ্ধিতে সরকারি মালিকানাধীন কোম্পানিসমূহকে সরাসরি তালিকাভুক্তি বা আইপিও-এর মাধ্যমে এক্সচেঞ্জে তালিকাভুক্তির সুযোগ সৃষ্টি ও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, বাংলাদেশে ব্যবসারত বৃহৎ বহুজাতিক কোম্পানিসমূহের পুঁজিবাজারে তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, দীর্ঘমেয়াদি অর্থায়নের জন্য নির্দিষ্ট সীমা অতিক্রমের ক্ষেত্রে কোনো কোম্পানিকে পরবর্তী অর্থায়নের জন্য ব্যাংক ঋণের মাধ্যমে অর্থায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে পুঁজিবাজার হতে উক্ত অর্থায়নের নির্দিষ্ট অংশ অর্থায়নের জন্য প্রয়োজনীয় নীতিমালা প্রণয়নে নির্দেশনা প্রদান, আইনগত পর্যালোচনাপূর্বক পুঁজিবাজারে অনিয়মের সাথে জড়িতদের আর্থিক দণ্ড থেকে ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীদের সুরক্ষা প্রদানের লক্ষ্যে আইনগত ব্যবস্থার মাধ্যমে বিএসইসি ইনভেস্টর প্রটেকশন তহবিল তৈরি এবং পুঁজিবাজারে বিদ্যমান নেগেটিভ ইক্যুইটি সংক্রান্ত সমস্যার কার্যকর সমাধান ইত্যাদি বিষয়ে সরকারের সহায়তা কামনা করা হয়।

## পুঁজিবাজারে আস্থা বৃদ্ধির লক্ষ্যে বিএসইসি'র স্বল্পমেয়াদি কর্ম-পরিকল্পনা

২০২৫ সালের ২৯ এপ্রিল দেশের পুঁজিবাজারে আস্থা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক আয়োজিত সভায় মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী, বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব নাজমা মোবারেক, বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, জনাব মোঃ আলী আকবর, জনাব ফারজানা লালারুখ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ড. দেলোয়ার হোসেন, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের প্রতিনিধি এবং বিএসইসি'র  নির্বাহী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।



মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী এবং বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারগণ ও অন্যান্য কর্মকর্তা

উক্ত সভায় পুঁজিবাজারে আস্থা বৃদ্ধির বিষয়ে স্বল্পমেয়াদি কর্ম-পরিকল্পনা সম্পর্কিত বিস্তারিত আলোচনা হয়। সভায় বিভিন্ন কর্ম-পরিকল্পনা গ্রহণের জন্য গুরুত্বারোপ করা হয়। কর্ম-পরিকল্পনাসমূহ নিম্নরূপঃ

১. **স্টক ইনডেক্সের নিয়মিত নিম্নমুখীতার মূল কারণ উদ্‌ঘাটন:**
যেসব ইন্সট্রুমেন্ট/স্টক ইনডেক্সে অধিক প্রভাবকারীকে ইন্সট্রুমেন্ট/স্টক বিশ্লেষণকরত মার্কেট সার্ভেইল্যান্সের মাধ্যমে উক্ত স্টকে সেল প্রেসার বিষয়ে প্রকৃত কারণ উদ্‌ঘাটনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

২. **বিনিয়োগ সাক্ষরতা ও বিনিয়োগ সচেতনতার উন্নয়নে ব্যবস্থা গ্রহণ:**
- ইলেক্ট্রনিক মিডিয়াতে টকশো এবং বিনিয়োগ শিক্ষা কার্যক্রম পরিচালনা;
- বিআইসিএম ও বিএএসএমকে পুঁজিবাজার সংশ্লিষ্ট শিক্ষণীয় ভিডিও তৈরিতে সম্পৃক্তকরণ; এবং
- ফেসবুক ও ইউটিউব ব্যবহারপূর্বক পুঁজিবাজারে ইতিবাচক বার্তা প্রদান এবং সাধারণ বিনিয়োগকারীদের সচেতনতা বৃদ্ধি।

৩. **প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে মৌলভিত্তিসম্পন্ন কোম্পানির শেয়ার তালিকাভুক্তি:**
- পুঁজিবাজারে রাষ্ট্র মালিকানাধীন লাভজনক কোম্পানির শেয়ার অফ-লোডকরণ;
- বহুজাতিক কোম্পানির শেয়ার পুঁজিবাজারে তালিকাভুক্তিকরণ; এবং
- টেক্সটাইল ও ফার্মাসিউটিক্যাল খাতের দেশীয় লাভজনক কোম্পানির শেয়ার পুঁজিবাজারে তালিকাভুক্তিকরণ।

**৪. অতালিকাভুক্ত কোম্পানিগুলোকে পুঁজিবাজারে তালিকাভুক্তিতে উৎসাহিতকরণ:**

- আকর্ষণীয় কর ছাড় সুবিধা প্রদান;
- ব্যাংকিং খাত হতে দীর্ঘমেয়াদি অর্থায়ন সীমিতকরণ; এবং
- পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসেবে প্রতিষ্ঠা করা।

**৫. পুঁজিবাজারের উন্নয়নের জন্য নিয়ন্ত্রক সংস্থাগুলোর মধ্যে সমন্বয় বৃদ্ধি:**

- পুঁজিবাজারের উন্নয়নের জন্য দেশের আর্থিক খাতের সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থাগুলোর মধ্যে সমন্বয় বৃদ্ধিপূর্বক সমন্বিত উদ্যোগ গ্রহণ করা।

**৬. আসন্ন জাতীয় বাজেটে বিনিয়োগকারীদের কর ছাড় সুবিধার অন্তর্ভুক্তি:**

- লভ্যাংশ আয়ের উপর কর ছাড় সুবিধা প্রদান; এবং
- পুঁজিবাজারে বিনিয়োগের উপর কর ছাড় সুবিধা প্রদান।

## বিএসইসি'র চেয়ারম্যান এবং বিশ্বব্যাংক গ্রুপের কান্ট্রি ডিরেক্টরের মধ্যকার বৈঠক

২০২৪ সালের ১০ অক্টোবর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এবং বাংলাদেশের জন্য নিযুক্ত বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর Mr. Abdoulaye Seck-এর মধ্যে ফলপ্রসূ বৈঠক অনুষ্ঠিত হয়।



বৈঠকে বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনার এবং বিশ্বব্যাংকের প্রতিনিধিবৃন্দ

কমিশন ভবনে অনুষ্ঠিত বৈঠকে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এবং কমিশনার জনাব ফারজানা লালারুখ অংশগ্রহণ করেন। সভায় বাংলাদেশ ও ভুটানের দায়িত্বপ্রাপ্ত বিশ্বব্যাংকের Mr. Abdoulaye Seck এবং বিশ্বব্যাংকের সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট Mr. Toshiaki Ono উপস্থিত ছিলেন।

সভায় দেশের পুঁজিবাজারের সংস্কারের বিভিন্ন বিষয়, পুঁজিবাজারের সম্পূর্ণ পরিকাঠামোতে সুশাসন বৃদ্ধি, পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিগুলোতে সুশাসন নিশ্চিতকরণ এবং অংশীজন প্রতিষ্ঠানগুলোসহ বাজারের সম্পূর্ণ পরিকাঠামোতে আধুনিকায়ন ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। এছাড়া, সভায় পুঁজিবাজারের সংস্কারের জন্য গঠিত টাস্কফোর্স সংক্রান্ত আলোচনা হয়। সর্বোপরি, আলোচিত বিষয়সমূহের মধ্যে বিশ্বব্যাংকের কারিগরি ও অংশীদারিত্বমূলক সমর্থন ও সহযোগিতা প্রভৃতি অগ্রাধিকার প্রদান করা হয়।

## বিএসইসি কর্তৃক গঠিত 'অনুসন্ধান ও তদন্ত কমিটি'র প্রতিবেদন

বিগত সময়ের অনিয়ম, কারসাজি ও দুর্নীতির বিষয়ে অনুসন্ধান ও তদন্ত পরিচালনার জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক গঠিত 'অনুসন্ধান ও তদন্ত কমিটি' ইতোমধ্যে ১২ (বারো) টি তদন্ত প্রতিবেদন কমিশনের নিকট জমা প্রদান করেছে। 'অনুসন্ধান ও তদন্ত কমিটি'র হস্তান্তরকৃত উক্ত প্রতিবেদনসমূহের বিষয়ে প্রয়োজনীয় এনফোর্সমেন্ট কার্যক্রম চলমান আছে।



কমিশনের চেয়ারম্যান ও কমিশনারবৃন্দের সাথে 'অনুসন্ধান ও তদন্ত কমিটি' সদস্যগণ

### জমাকৃত তদন্ত প্রতিবেদনের বিষয়সমূহ নিম্নরূপঃ

১. বেক্সিমকো গ্রীন-সুকুক আল ইসতিসনা (BEXIMCO Green Sukuk Al Istisna'a) ইস্যু সংক্রান্ত যাবতীয় বিষয়াদি অনুসন্ধান ও তদন্ত;

২. IFIC Guaranteed Sreepur Township Green Zero Coupon Bond ইস্যু সংক্রান্ত বিশদ বিষয়াদি অনুসন্ধান ও তদন্ত;

৩. বেস্ট হোল্ডিংস লিমিটেড সংক্রান্ত আইপিও অনুমোদন ও ইস্যু সংক্রান্ত বিশদ বিষয়াদি অনুসন্ধান ও তদন্ত;

৪. আল-আমিন কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ সংক্রান্ত পুঁজিবাজারের যাবতীয় অনিয়ম ও কারসাজি, ব্লক মার্কেটে শেয়ার অধিগ্রহণ সংক্রান্ত কারসাজি এবং ওটিসি থেকে এসএমই প্ল্যাটফর্মে স্থানান্তরের জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আরোপিত শর্তসমূহ পরিপালনের হালনাগাদ তথ্যাদিসহ যাবতীয় বিষয়ে অনুসন্ধান ও তদন্ত;

৫. ফরচুন সুজ লিমিটেড সংক্রান্ত পুঁজিবাজারের ব্যাপক অনিয়ম ও কারসাজি, বিনিয়োগকারীদের মধ্যে লভ্যাংশ বিতরণ সংক্রান্ত অনিয়ম এবং কোম্পানিটির শেয়ার মূল্য বৃদ্ধির সাথে জড়িত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে অনুসন্ধান ও তদন্ত; এবং

৬. কোয়েস্ট বিডিসি লিমিটেড (পূর্বে পদ্মা প্রিন্টার্স অ্যান্ড কালারস লিমিটেড) সংক্রান্ত পুঁজিবাজারের বিশদ অনিয়ম ও কারসাজির বিষয়ে অনুসন্ধান ও তদন্ত।

উল্লেখ্য, ২০২৪ সালের ১৭ সেপ্টেম্বর কমিশনের ৯১৮তম জরুরি সভার সিদ্ধান্ত অনুসারে পুঁজিবাজারের স্থিতিশীলতা, বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষা ও আস্থা পুনরুদ্ধারে গত সময়ের অনিয়ম, কারসাজি ও দুর্নীতির বিষয়ে এতদ্সংক্রান্ত আইন ও বিধি-বিধানের আলোকে অনুসন্ধান ও তদন্তের জন্য Securities and Exchange Ordinance, 1969-এর Section 21 এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর ধারা ১৭ক এ প্রদত্ত ক্ষমতাবলে ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট 'অনুসন্ধান ও তদন্ত কমিটি' গঠন করা হয়। উক্ত কমিটি ১২টি বিষয়ে অনুসন্ধান ও তদন্ত পরিচালনা করেছেন।

## বিএসইসি, বিশ্বব্যাংক ও ইউএস এসইসি'র (U.S. Securities and Exchange Commission) যৌথ উদ্যোগে 'Conference on Enhancing Securities Regulation' কর্মশালা আয়োজন

২০২৪ সালের ২৭ অক্টোবর বিএসইসি, বিশ্বব্যাংক ও ইউএস এসইসি'র যৌথ উদ্যোগে 'Conference on Enhancing Securities Regulation' কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার উদ্বোধন করেন বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ। ২৭ অক্টোবর ২০২৪ হতে ৩০ অক্টোবর ২০২৪ পর্যন্ত ৪(চার) দিন ব্যাপী আয়োজিত উক্ত কর্মশালায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক ও ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি'র কর্মকর্তা ও প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করছেন।




বিএসইসি, বিশ্বব্যাংক ও ইউএস এসইসি'র প্রতিনিধিবৃন্দ

অনুষ্ঠানের উদ্বোধন করে সূচনা বক্তব্য রাখেন বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ। এছাড়া, কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্বব্যাংকের সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট Mr. Zsolt Bango, ইউএস এসইসি এর Associate Director Mr. Paul Gumagay এবং ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের ইকোনোমিক অফিসার Mr. James Gardiner বক্তব্য রাখেন।

ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের ইকোনোমিক অফিসার Mr. James Gardiner অন্যান্যের মধ্যে বলেন, বাংলাদেশের উন্নয়নে এবং এদেশের অর্থনীতি খাতের প্রয়োজনীয় সংস্কারে সহায়ক ভূমিকা রাখতে যুক্তরাষ্ট্র প্রতিজ্ঞাবদ্ধ। আয়োজিত কর্মশালা প্রসঙ্গে তিনি বলেন, ৫ই আগস্ট পরবর্তী এটিই বাংলাদেশে এ ধরনের প্রথম কার্যক্রম। পরিবর্তনের বাংলাদেশে নতুনদের হাত ধরে ভালো কিছু হোক এমনটাই তিনি প্রত্যাশা করেন।

বিশ্বব্যাংকের সিনিয়র ফিন্যান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট Mr. Zsolt Bango অন্যান্যের মধ্যে বলেন, বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়েনে World Bank J-CAP Mission এর আওতায় বিশ্বব্যাংক ও আইএফসি বাংলাদেশে অর্থনৈতিক খাতের উন্নয়নে কাজ করছে। বাংলাদেশের পুঁজিবাজারকে আরো উন্নত, আধুনিক ও সমৃদ্ধ করতে বিশ্বব্যাংক নানা ধরণের অংশীদারিত্ব ও সহযোগিতামূলক কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশের পুঁজিবাজারকে এগিয়ে নিতে প্রযুক্তি ও কারিগরি সহায়তার সাথে সাথে মানবসম্পদের উন্নয়নে তারা কাজ করছে উল্লেখ করেন।

ইউএস এসইসি'র Risk Strategist Mr. Nitish Bahadur, Associate Director Mr. Paul Gumagay, Branch Chief Mr. Tom Swiers, এবং Senior Special Counsel Mr. Celeste M. Murphy পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ সেশন পরিচালনা করেন।

## ‘ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ’ কর্মসূচি প্রবর্তন

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) পুঁজিবাজার সম্পর্কিত স্বচ্ছ, নির্ভরযোগ্য ও গবেষণামূলক সাংবাদিকতাকে উৎসাহিতকরণে ‘ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ’ কর্মসূচি প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এজন্য, কমিশন ‘বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ নীতিমালা ২০২৫’ নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্যোগের মাধ্যমে বিএসইসি পুঁজিবাজার বিষয়ক সাংবাদিকতায় দায়িত্বশীলতা, নৈতিকতা ও উৎসাহ প্রদান করবে। এরূপ কার্যক্রমে দেশের পুঁজিবাজার ও সর্বোপরি, অর্থনীতির ইতিবাচক গতিশীলতা সঞ্চারণ করবে। এই ফেলোশিপ কর্মসূচি সাংবাদিকদের বৈশ্বিক আর্থিক বাজার সম্পর্কে জ্ঞান বৃদ্ধির সুযোগ প্রদান, বিশ্লেষণী দক্ষতা বৃদ্ধি এবং নৈতিক সাংবাদিকতার মানদণ্ড নিশ্চিতকরণে সহায়ক হবে।

এই অ্যাওয়ার্ডস কর্মসূচি আওতায় তিন শ্রেণিতে তিনটি নগদ অর্থ পুরস্কার এবং পৃথক দুইটি বিশেষ ফেলোশিপ প্রদান করা হবে। যার মাধ্যমে সাংবাদিকগণ স্বনামধন্য বিদেশি প্রতিষ্ঠানে উচ্চতর প্রশিক্ষণে আর্থিক সহায়তাপ্রাপ্ত হবেন। অ্যাওয়ার্ডস কর্মসূচিতে প্রত্যেক শ্রেণিতে বিজয়ীকে ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নগদ অর্থ ও ক্রেস্ট প্রদান করা হবে। এছাড়া, ফেলোশিপ বিজয়ীগণ যথাক্রমে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা এবং ২,৫০,০০০.০০ (আড়াই লক্ষ) টাকা সমমূল্যের আর্থিক সহায়তাপ্রাপ্ত পাবেন।

অ্যাওয়ার্ড ও ফেলোশিপসমূহ নিম্নরূপঃ

**১. অ্যাওয়ার্ডঃ**

ক. প্রিন্ট মিডিয়া,
খ. ইলেকট্রনিক মিডিয়া, ও
গ. অনলাইন মিডিয়া।

**২. ফেলোশিপঃ**

ক. ৫ (পাঁচ) লক্ষ টাকা সমমূল্য, ও
খ. ২.৫ (আড়াই) লক্ষ টাকা সমমূল্য।

বাংলাদেশ সরকার কর্তৃক নিবন্ধিত ও বাংলাদেশি মালিকানাধীন সংবাদপত্র বা অনলাইন সংবাদমাধ্যম কিংবা ইলেকট্রনিক মিডিয়াতে নিয়মিতভাবে পুঁজিবাজার বিষয়ক প্রতিবেদনে নিয়োজিত সাংবাদিকবৃন্দ অ্যাওয়ার্ডস বা ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। বিএসইসি’র মনোনীত বিশেষজ্ঞ জুরি বোর্ড আবেদনকারীদের প্রদত্ত তথ্য ও প্রস্তাব মূল্যায়ন করবে। অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ প্রদানকালীন কমিশনের আদেশ দ্বারা ৬ সদস্যবিশিষ্ট সমন্বয়ে জুরি বোর্ড গঠিত হবে। জুরি বোর্ডের গঠন নিম্নরূপঃ বিএসইসি-এর একজন প্রতিনিধি; চেয়ারম্যান, স্টক এক্সচেঞ্জ; বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম)-এর প্রতিনিধি; চেয়ারম্যান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা মনোনীত প্রতিনিধি; ডিন, ব্যবসায় অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা মনোনীত প্রতিনিধি এবং মহাপরিচালক, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) অথবা মনোনীত প্রতিনিধি। জুরি বোর্ড আবেদনকারীদের যোগ্যতা, অভিজ্ঞতা, সংবাদের মান ও অন্যান্য বিষয় যাচাইয়ের মাধ্যমে চূড়ান্তভাবে অ্যাওয়ার্ডস ও ফেলোশিপ বিজয়ী নির্বাচন করবেন।

এজন্য, ইতোমধ্যে কমিশন ‘বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ নীতিমালা ২০২৫’ নীতিমালা প্রণয়ন এবং তদ্‌প্রেক্ষিতে উক্ত ফেলোশিপ প্রদানের জন্য বিজ্ঞাপনের মাধ্যমে আবেদন আহ্বান করা হয়েছে।

## ১.১১ ২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি কর্তৃক আয়োজিত সভা/সেমিনার/কর্মশালা

- ২০২৪ সালের ০৯ জুলাই বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর যৌথ উদ্যোগে এবং চীনের বেইজিংয়ে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, ঢাকাস্থ চীনের দূতাবাস, China Council for the Promotion of International Trade (CCPIT) ও China Chamber of International Commerce (CCOIC)-এর সহযোগিতায় চীনের বেইজিংয়ের Shangri-La circle হোটেলের China World Summit Wing-G 'Summit on Trade, Business and Investment Opportunities Between Bangladesh and China' আয়োজন করা হয়।

- ২০২৪ সালের ২৯ সেপ্টেম্বর বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং বিশ্বব্যাংক গ্রুপের প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইন্যান্স কর্পোরেশন (আইএফসি)-এর দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান এবং আইএফসি'র ৫ সদস্যবিশিষ্ট প্রতিনিধি দল উপস্থিত ছিলেন। সভায় পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা ও অংশগ্রহণ বৃদ্ধির পাশাপাশি টেকসই উন্নয়নে বিএসইসি'র কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়।

- ২০২৪ সালের ৩০ সেপ্টেম্বর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নিজস্ব ভবনে পুঁজিবাজারের সার্বিক সংস্কার বিষয়ে অনুষ্ঠিত সভায় বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারগণ ও ডিএসই, সিএসই, সিডিবিএল, সিসিবিএল, বিআইসিএম, বিএএসএম এবং সিএমএসএফ-এর ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

- ২০২৪ সালের ০১ অক্টোবর কমিশন ভবনে পুঁজিবাজারের সার্বিক বিষয়ে বিএসইসি'র সাথে ডিবিএ, বিএমবিএ, এসিআরএবি, বিএপিএলসি, এআরসি, আইসিএবি এবং আইসিএমএবি'র উর্ধ্বতন প্রতিনিধিবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারগণ ও নির্বাহী পরিচালকবৃন্দ এবং উল্লিখিত প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

- ২০২৪ সালের ১৪ অক্টোবর সার্বিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ডিএসই ব্রোকারস অ্যাসোসিয়েশনের উর্ধ্বতন প্রতিনিধিদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

- ২০২৪ সালের ১৫ অক্টোবর বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ-এর ঊর্ধ্বতন প্রতিনিধিগণের মধ্যে পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও সংস্কারের বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারগণ, কর্মকর্তা এবং আইসিএসবি'র ঊর্ধ্বতন প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

- ২০২৪ সালের ২১ অক্টোবর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং চট্টগ্রামভিত্তিক বৃহৎ শিল্পগোষ্ঠীসমূহের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান, বিএসইসি'র কমিশনারগণ, কর্মকর্তা এবং পিএইচপি গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, বিএসআরএম গ্রুপ অফ কোম্পানিজের চেয়ারম্যান, প্যাসিফিক জিন্স গ্রুপের ব্যবস্থাপনা পরিচালকসহ অন্যান্য স্থানীয় উদ্যোক্তা উপস্থিত ছিলেন।

- ২০২৪ সালের ২২ অক্টোবর বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং গ্রামীণফোনের শীর্ষ নির্বাহীবৃন্দের মধ্যে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিশনের চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার জনাব ফারজানা লালারুখ এবং গ্রামীণফোন-এর প্রধান নির্বাহী কর্মকর্তা Mr. Yasir Azman, চিফ ফাইন্যান্সিয়াল অফিসার Mr. Otto Magne Risbakk ও হেড অব ইনভেস্টর রিলেশনস Ms. Chowdhury Tazrian Israt উপস্থিত ছিলেন।

- ২০২৪ সালের ২৩ অক্টোবর বিএসইসি এবং পুঁজিবাজারের শীর্ষস্থানীয় মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজারদের মধ্যে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারগণ, কর্মকর্তা এবং দেশের পুঁজিবাজারের শীর্ষস্থানীয় মার্চেন্ট ব্যাংকসমূহের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা তথা ঊর্ধ্বতন প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। একই দিনে বিএসইসি এবং পুঁজিবাজারের শীর্ষস্থানীয় ব্রোকারেজ হাউজসমূহের মধ্যে সভা অনুষ্ঠিত হয়।

- ২০২৪ সালের ২৭ অক্টোবর বিএসইসি, বিশ্বব্যাংক ও ইউএস এসইসি'র যৌথ উদ্যোগে 'Conference on Enhancing Securities Regulation' শীর্ষক কর্মশালার উদ্বোধনী হয়। ২০২৪ সালের ২৭-৩০ অক্টোবর চার-দিনব্যাপী আয়োজিত কর্মশালায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক ও ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি'র কর্মকর্তা ও প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

- ২০২৪ সালের ২৮ অক্টোবর পুঁজিবাজারের সার্বিক উন্নয়ন ও সংস্কারের বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ-এর ঊর্ধ্বতন প্রতিনিধিদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

- ২০২৪ সালের ৩১ অক্টোবর বিএসইসি, বিশ্বব্যাংক ও ইউএস এসইসি'র যৌথ কমিশন ভবনে 'Industry Day' সভা শীর্ষক অনুষ্ঠিত হয়। উক্ত সভায় DSE, CSE, CDBL, CCBL, BICM, BASM, BMBA, AAMCMF, ACRAB, BAPLC, VCPEAB, BMBA, CMSF, ICB এবং দেশের পুঁজিবাজারে কর্মরত DSE ও CSE এর TREC Holders, Asset Management Company, Merchant Bankers, Credit Rating Companies, Fund Manager, Securities Custodian, Mutual Fund Custodian, Trustee of Alternative Fund ও Trustee of Debt Securities-এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। এটি ইউএস এসইসি'র Risk Strategist Mr. Nitish Bahadur, Associate Director Mr. Paul Gumagay পরিচালনা করেন।

- ২০২৪ সালের ০২ নভেম্বর কমিশন ভবনে বিএসইসি, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স, ডিএসই, সিএসই ও সিডিবিএল-এর মধ্যকার এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারগণ, কর্মকর্তা, পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্সের সকল সদস্য এবং ডিএসই'র ব্যবস্থাপনা পরিচালক নেতৃত্বে প্রতিনিধি দল, সিএসই'র সিআরও-এর নেতৃত্বে প্রতিনিধি দল ও সিডিবিএল-এর ব্যবস্থাপনা পরিচালক নেতৃত্বে প্রতিনিধি দল উপস্থিত ছিলেন।

- ২০২৪ সালের ২৫ নভেম্বর বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্যোগে এবং পুঁজিবাজারে কর্মরত অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিসমূহের ঊর্ধ্বতন প্রতিনিধিদের অংশগ্রহণে 'Develping the Mutual Fund Industry in Bangladesh' শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিশনের চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ সভাপতিত্ব করেন। সভায় বিএসইসি'র কমিশনারগণ, কর্মকর্তা এবং দেশের পুঁজিবাজারের কর্মরত অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা তথা ঊর্ধ্বতন প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

- ২০২৪ সালের ০৪ ডিসেম্বর অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বিএসইসি'র মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব নাজমা মোবারেক, অতিরিক্ত সচিব জনাব মোঃ সাঈদ কুতুব, বিএসইসি'র চেয়ারম্যান, কমিশনারগণ, নির্বাহী পরিচালকবৃন্দ ও পরিচালকগণ উপস্থিত ছিলেন।

- ২০২৪ সালের ২৩ ডিসেম্বর বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্যোগে 'বাংলাদেশে কমোডিটি ডেরিভেটিভস চালুকরণের সম্ভাবনা ও আইনি কাঠামো' শীর্ষক কর্মশালা আয়োজিত হয়। উক্ত কর্মশালায় বিএসইসি'র কমিশনার, নির্বাহী পরিচালকবৃন্দ এবং অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি, বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস, বিআইসিএম ইত্যাদিসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি অংশগ্রহণ করেন।

- ২০২৫ সালের ০১ জানুয়ারি আগারগাঁওস্থ বিএসইসি ভবনে 'এক্সচেঞ্জসমূহের ওয়েবসাইটের মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর সাবমিশন স্ট্যাটাস সংক্রান্ত তথ্যাদি প্রকাশ (Dissemination)'-এর উদ্বোধন করা হয়। পুঁজিবাজারের তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর দাখিলকৃত অবস্থান সংক্রান্ত তথ্যাদি বিনিয়োগকারীদের বিনিয়োগ পরিকল্পনা সহ পুঁজিবাজার বিষয়ক গবেষণা কিংবা প্রতিবেদন প্রণয়নে সহায়ক হবে। একইসাথে বিএসইসি এবং এক্সচেঞ্জসমূহের বাজার পরিবীক্ষণসহ অন্যান্য কাজেও উক্ত তথ্যাবলি সহযোগিতা করবে।

- ২০২৫ সালের ১০ ফেব্রুয়ারি বিএসইসি কর্তৃক গঠিত পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বাজারের সুশাসন নিশ্চিতকরণে কমিশনের নিকট দুটি বিষয়ে খসড়া সুপারিশ উপস্থাপন করেছে। পুঁজিবাজারের জন্য গুরুত্বপূর্ণ

দুটি বিষয় যথা: 'সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১' এবং 'Margin Rules, 1999'-এর যুগোপযোগীকরণে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স খসড়া সুপারিশ প্রদান করেছে। এই টাস্কফোর্স ১৭টি কার্যপরিধি (Terms of Reference) বা মূল দায়িত্ব আলোকে কাজ করছে। এতে কার্যপরিধির আলোকে আগামীতে পুঁজিবাজারের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় ও ইস্যুতে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স অধিক সুপারিশ প্রণয়ন এবং সুপারিশসমূহের কার্যকর বাস্তবায়নের মাধ্যমে দেশের পুঁজিবাজারের টেকসই উন্নয়ন ও সংস্কার নিশ্চিত হবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

❖ ২০২৫ সালের ২০ ফেব্রুয়ারি পরিকল্পনা কমিশনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে অধিকতর শক্তিশালী এবং পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটির পরিচিতিমূলক এবং TOR অনুযায়ী পদ্ধতি প্রণয়ন সংক্রান্ত প্রথম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী সভাপতিত্ব করেন। সভায় বিএসইসিকে শক্তিশালীকরণসহ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় ও দিক সম্পর্কে আলোচনা হয়। কার্যপরিধি অনুযায়ী কমিটির কাজের পদ্ধতি প্রণয়ন এবং পরবর্তী করণীয় বিষয়ে আলোচনা হয়। উল্লেখ্য, ২০২৫ সালের ১৭ মার্চ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলারে ৫টি কার্যপরিধি উল্লেখপূর্বক মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে ৪ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়।

❖ ২০২৫ সালের ১১ মার্চ আগারগাঁওস্থ বিএসইসি ভবনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান এবং কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যানসহ শ্রীলঙ্কান বিনিয়োগকারী দলের সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারম্যান দপ্তরে অনুষ্ঠিত সৌজন্য সাক্ষাতে কলম্বো স্টক এক্সচেঞ্জের চেয়ারম্যান Mr. Dilshan Wirasekara, শ্রীলংকা ফার্স্ট ক্যাপিটাল হোল্ডিংস পিএলসি'র চিফ অপারেটিং অফিসার Mr. Tharusha Ekanayake ও চিফ রিসার্চ অ্যান্ড স্ট্রাটেজি অফিসার Mr. Dimantha Mathew অংশগ্রহণ করেন।

❖ ২০২৫ সালের ১৯ মার্চ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্যোগে 'বন্ড বা সুকুক ইস্যুকরণের ক্ষেত্রে কমপ্লায়েন্স নিশ্চিতকরণে ট্রাস্টি ভূমিকা' সংক্রান্ত সভা আয়োজন করা হয়।

❖ ২০২৫ সালের ১৬ এপ্রিল বিএসইসিকে অধিকতর শক্তিশালী ও পুঁজিবাজার উন্নয়নের জন্য গঠিত কমিটির তৃতীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসিকে অধিক শক্তিশালী ও পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক গঠিত কমিটির সভাপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী, কমিটির সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. সাদেকুল ইসলাম, কমিটির সদস্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বীমা ও পুঁজিবাজার অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ সাঈদ কুতুব এবং কমিটির সদস্য সচিব ও বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ উপস্থিত ছিলেন।

❖ ২০২৫ সালের ২৭ এপ্রিল বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক গঠিত পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স বাংলাদেশের পুঁজিবাজারের উন্নয়ন ও বাজারের সুশাসন নিশ্চিতকরণে কমিশনের নিকট 'Margin Rules, 1999'-এর যুগোপযোগীকরণের বিষয়ে চূড়ান্ত সুপারিশ উপস্থাপন করেছে। টাস্কফোর্স উক্ত সুপারিশসমূহ কমিশনের নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে। উল্লেখ্য, ২০২৪ সালের ৭ অক্টোবর বিএসইসি ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট বিশেষ পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স গঠন করে। ২০২৫ সালের ১০ ফেব্রুয়ারি জমাকৃত সুপারিশ সম্পর্কে সংশ্লিষ্ট সকলের মতামত আহ্বান করা হয়। উক্ত মতামতের ভিত্তিতে পুঁজিবাজার সংস্কার টাস্কফোর্স এ-সংক্রান্ত চূড়ান্ত সুপারিশ প্রণয়ন করেছে।

❖ ২০২৫ সালের ২৮ এপ্রিল বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্যোগে 'Workshop on Orange Bond Initiatives for Empowering Women' কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংক, ইউএনডিপি, আইএফসি বাংলাদেশ ও পুঁজিবাজারের ইস্যু ম্যানেজার প্রতিষ্ঠানসমূহসহ বন্ড বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।

- ২০২৫ সালের ২৯ এপ্রিল বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং ঢাকা স্টক এক্সচেঞ্জ-এর কৌশলগত অংশীদার চীনের Shenzhen Stock Exchange ও Shanghai Stock Exchange-এর প্রতিনিধি দলের সমন্বয়ে একটি বৈঠক অনুষ্ঠিত হয়।

- ২০২৫ সালের ২১ মে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এবং বিশ্বের সর্ববৃহৎ গ্লোবাল কাস্টডিয়ানগুলোর অন্যতম 'The Bank of New York Mellon (BNYM)' ও বাংলাদেশে সংশ্লিষ্ট সাব কাস্টডিয়ান এইচএসবিসি-এর প্রতিনিধিবৃন্দের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়।

- ২০২৫ সালের ০১ জুন মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে অধিকতর শক্তিশালী এবং পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান ড. এম. আসলাম আলম ও ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের চেয়ারম্যান ড. মোঃ সাজ্জাদ হোসেন ভূইয়া প্রমুখ অংশগ্রহণ করেন।

- ২০২৫ সালের ১৮ জুন বিএসইসি ভবনের মাল্টিপারপাস হলে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্যোগে পুঁজিবাজারে তালিকাভুক্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঊর্ধ্বতন প্রতিনিধিবৃন্দের সমন্বয়ে 'Compliance of Securities Markets' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

- ২০২৫ সালের ১৯ জুন বাংলাদেশ ব্যাংক এবং বিএসইসি'র মধ্যে মাননীয় প্রধান উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠক ঢাকার মতিঝিলস্থ বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ. মনসুরের সভাপতিত্বে শুরু হয়। বৈঠকে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ. মনসুর, ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান, গভর্নরের উপদেষ্টা জনাব মোঃ আহসান উল্লাহ প্রমুখসহ বাংলাদেশ ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, কমিশনার জনাব ফারজানা লালারুখ ও শীর্ষ কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

# ২. বিভাগীয় কার্যক্রম

## ২.১ ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স

ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স (সিএমআরআরসি) বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

১. আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পুঁজিবাজার সংক্রান্ত আইনের খসড়া প্রেরণ;
২. পুঁজিবাজার সংক্রান্ত বিধি প্রণয়ন;
৩. পুঁজিবাজার ও বিনিয়োগকারীদের স্বার্থে পর্যায়ক্রমে আদেশ, নির্দেশনা ও প্রজ্ঞাপন জারি;
৪. বাংলাদেশ জাতীয় সংসদে উত্থাপিত পুঁজিবাজার সম্পর্কিত প্রশ্নের খসড়া জবাব প্রস্তুত;
৫. সংসদীয় স্থায়ী কমিটিতে অনুষ্ঠিত পুঁজিবাজার সম্পর্কিত সভার কার্যপত্র প্রস্তুত এবং সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ; এবং
৬. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর হতে প্রেরিত খসড়া আইনের উপর মতামত প্রদান।

সিএমআরআরসি বিভাগ ২০২৪-২০২৫ অর্থবছরে পুঁজিবাজার সংশ্লিষ্ট ১১ (এগারো) টি বিধিমালা/আদেশ/নির্দেশনা/ প্রজ্ঞাপন/ রেগুলেটরি সংস্কার/সংশোধনী জারি করেছে যা ১.৭ এ দেখা যেতে পারে। কমিশনের ওয়েবসাইটে বিস্তারিত বর্ণণা সন্নিবেশিত।

## ২.২ ক্যাপিটাল ইস্যু অ্যান্ড ক্যাপিটাল রিস্ট্রাকচারিং

দীর্ঘমেয়াদি অর্থায়নের উৎস হিসেবে পুঁজিবাজার বাংলাদেশের অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। কমিশনের কর্পোরেট ফাইন্যান্স ডিভিশন পাবলিক ইস্যু এবং প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইকুইটি এবং ডেট সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কর্মকাণ্ড সম্পাদন করে, যা কোম্পানি ও প্রতিষ্ঠানসমূহের দীর্ঘমেয়াদি অর্থায়নের সুযোগ সৃষ্টি করে। তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু ও প্রাইভেট অফারের মাধ্যমে শেয়ার ইস্যু এবং স্বল্প মূলধনী কোম্পানিসমূহের কোয়ালিফাইড ইনভেস্টর অফারের মাধ্যমে শেয়ার ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও এ বিভাগ করে। নিম্নবর্ণিত বিধিমালার অধীনে উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে:

- Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001
- সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা, ২০০৪
- Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006
- Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015
- Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021
- Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor offer by Small Capital Companies) Rules, 2022

### ২.২.১ প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও)

২০২৪-২০২৫ অর্থবছরে কমিশন পুঁজিবাজারে কোনো আইপিও (Initial Public Offering)-র মাধ্যমে পুঁজি উত্তোলনের জন্য প্রসপেক্টাস ইস্যুর সম্মতি প্রদান করেনি।

বিগত বছরসমূহে পুঁজিবাজারে আইপিওতে সাধারণ বিনিয়োগকারীগণের অংশগ্রহণের তুলনামূলক চিত্র নিম্নরূপ:

**আইপিও'র তুলনামূলক চিত্র**

| অর্থবছর | কোম্পানির সংখ্যা (টি) | আইপিওর পরিমাণ (প্রিমিয়ামসহ) (কোটি টাকা) | প্রিমিয়ামসহ জমাকৃত চাঁদা পরিমাণ (কোটি টাকা) | প্রতিটি শেয়ারের বিপরীতে প্রাপ্ত অর্থ (গুন) |
|---|---|---|---|---|
| ২০১৮-২০১৯ | ০৯ | ৪২৪.০০ | ১৪,২৩৬.২৫ | ৩৩.৫৮ |
| ২০১৯-২০২০ | ০৪ | ৩৩৩.০৮ | ১,৯৩০.৬৯ | ৫.৮০ |
| ২০২০-২০২১ | ১৬ | ১৬৮৪.৭৯ | ১৩,৪৪৪.৬২ | ৭.৯৮ |
| ২০২১-২০২২ | ০৮ | ৬৭৪.৩৬ | ৫,৩৫৮.২৭ | ৭.৯৫ |
| ২০২২-২০২৩ | ০৬ | ৬৪১.২৬ | ১,৯০৪.৩৫ | ২.৯৭ |
| ২০২৩-২০২৪ | ০৪ | ৫৬৬.০০ | ৪,১৭১.৮০ | ৭.৩৭ |

### ২.২.২ কোয়ালিফাইড ইনভেস্টর অফার:

Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2022 এর অধীনে ২০২৪-২০২৫ অর্থবছরে কমিশন ২ (দুই) টি ইস্যুয়ার কোম্পানিকে যোগ্য বিনিয়োগকারীদের নিকট হতে ১০ (দশ) কোটি টাকা পুঁজি উত্তোলনের জন্য প্রসপেক্টাস ইস্যুর সম্মতি প্রদান করেছে। উল্লেখ্য, কমিশনের সম্মতি প্রাপ্তির পর ১ (এক) টি ইস্যুয়ার কোম্পানি ৫ (পাঁচ) কোটি টাকার আবেদন প্রত্যাহার করেছে।

### ২.২.৩ রাইটস ইস্যু:

Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006 এর অধীনে ২০২৪-২০২৫ অর্থবছরে কমিশন ১ (এক) টি তালিকাভুক্ত ইস্যুয়ার কোম্পানিকে পুঁজিবাজার থেকে রাইটস ইস্যু অফার ডকুমেন্ট ইস্যুর মাধ্যমে ৩০২.৮২ কোটি টাকা পুঁজি উত্তোলনের সম্মতি প্রদান করেছে।

### ২.২.৪ ইস্যু অব ক্যাপিটাল:

Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 এর অধীনে ২০২৪-২০২৫ অর্থবছরে কমিশন ১৫ (পনেরো) টি ইস্যুয়ার কোম্পানিকে ১,১৯৩.৬৪ কোটি টাকা মূলধন বৃদ্ধির সম্মতি প্রদান করেছে যার বিভাজন নিম্নরূপ:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানির সংখ্যা (টি) | মোট মূলধন (কোটি টাকা) |
|---|---|---|
| বোনাস শেয়ার | ১১ | ৪১৭.৩৮ |
| প্রেফারেন্স শেয়ার (Preference Share) | ০২ | ৬১০.০৭ |
| মার্জার ও একুইজিশন (Merger ও Acquisition) | ০১ | ০০.১৯ |
| সাধারণ শেয়ার | ০১ | ১৬৬.০০ |
| **মোট** | **১৫** | **১,১৯৩.৬৪** |

### ২.২.৫ ডেট সিকিউরিটিজ:

Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 এর অধীনে ২০২৪-২০২৫ অর্থবছরে কমিশন ১১ (এগার) টি ইস্যুয়ার কোম্পানিকে ডেট সিকিউরিটিজ ইস্যুর মাধ্যমে ৪,৬৭১.০০ কোটি টাকা মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করেছে যার বিভাজন নিম্নরূপ:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানির সংখ্যা (টি) | পরিমাণ (কোটি টাকা) | | |
|---|---|---|---|---|
| | | পাবলিক অফার (কোটি টাকা) | প্রাইভেট অফার (কোটি টাকা) | মোট অফার (কোটি টাকা) |
| জিরো কুপন বন্ড | ০১ | - | ১৭১.০০ | ১৭১.০০ |
| পারপেচ্যুয়াল বন্ড | ০১ | - | ৫০.০০ | ৫০.০০ |
| কুপন বিয়ারিং বন্ড | ০৯ | - | ৪,৪৫০.০০ | ৪,৪৫০.০০ |
| **মোট** | **১১** | **-** | **৪,৬৭১.০০** | **৪,৬৭১.০০** |

## ২.৩ কর্পোরেট গভর্ন্যান্স

কর্পোরেট গভর্ন্যান্স বিভাগ Corporate Governance Code Rules, 2018 এর আলোকে তালিকাভুক্ত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক নিয়োগ ও পুনঃনিয়োগে সম্মতি প্রদান, কোম্পানিসমূহে শীর্ষ ব্যবস্থাপনার ভূমিকা, নিরীক্ষা কমিটি এবং Nomination and Remuneration Committee (NRC) গঠন ও কার্যক্রম এবং উক্ত কমিটিসমূহের প্রতিবেদন পর্যবেক্ষণ, তালিকাভুক্ত কোম্পানির প্রধান আর্থিক কর্মকর্তা (সিএফও) ও কোম্পানি সচিব (সিএস) কে একই গ্রুপের অধীন অন্য কোম্পানিতে নিয়োগের অনুমোদন প্রদান করে। এছাড়া, Corporate Governance Code Rules, 2018 অনুসারে তালিকাভুক্ত কোম্পানির বার্ষিক প্রতিবেদন এবং কোম্পানির ওয়েবসাইটের হালনাগাদ তথ্যের অন্তর্ভুক্তি পর্যবেক্ষণ করে।

২০২৪-২০২৫ অর্থবছরে কর্পোরেট গভর্ন্যান্স বিভাগ কর্তৃক গৃহীত ব্যবস্থা এবং কার্যক্রমসমূহের বিবরণ নিম্নরূপ:

ক. Corporate Governance Code Rules, 2018 ও গভর্ন্যান্স সংক্রান্ত অন্যান্য সিকিউরিটিজ আইনের কমপ্লায়েন্স সম্পর্কিত রেগুলেটরি কার্যক্রম:

| ক্রমিক | বিবরণ | গৃহীত পদক্ষেপ | সংখ্যা (টি) |
|---|---|---|---|
| ১ | Corporate Governance Code Rules, 2018 অনুযায়ী তালিকাভুক্ত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক নিয়োগে সম্মতি প্রদান | নিয়োগে সম্মতি প্রদান | ১২১ |
| | | নিয়োগে অসম্মতি প্রদান | ৩৩ |
| ২ | Corporate Governance Code Rules, 2018 অনুযায়ী তালিকাভুক্ত কোম্পানিসমূহে স্বতন্ত্র পরিচালক পুনঃনিয়োগে সম্মতি প্রদান | পুনঃনিয়োগে সম্মতি প্রদান | ৩৫ |
| | | পুনঃনিয়োগে অসম্মতি প্রদান | ০৮ |
| ৩ | তালিকাভুক্ত কোম্পানিসমূহের কর্পোরেট Corporate Governance Code Rules, 2018 -এর অধীনে নির্ধারিত শর্তসমূহের কমপ্লায়েন্স পর্যবেক্ষণ | Corporate Governance Code Rules, 2018-এর শর্তসমূহ পরিপালন না-করায় কোম্পানিসমূহকে অবস্থান ব্যাখ্যার নির্দেশ প্রদান | ০৮ |
| | | Corporate Governance Code Rules, 2018-এর শর্তসমূহ পরিপালন না-করায় কোম্পানিসমূহকে সতর্কতামূলক পত্র প্রদান | ১৪ |
| | | কোম্পানি কর্তৃক কর্পোরেট গভর্ন্যান্স কোডের শর্তসমূহ পরিপালন না-করায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০৪ |
| ৪ | Corporate Governance Code Rules, 2018 অনুযায়ী তালিকাভুক্ত কোম্পানিসমূহের আবেদনের প্রেক্ষিতে প্রধান আর্থিক কর্মকর্তা (সিএফও) ও কোম্পানি সচিব (সিএস) কে একই গ্রুপের অধীন অন্য কোম্পানিতে নিয়োগে সম্মতি প্রদান | নিয়োগে অনানুমতি প্রদান | ০১ |

## ২.৪ কর্পোরেট রিপোর্টিং

**২০২৪-২০২৫ অর্থবছরে কর্পোরেট রিপোর্টিং বিভাগ কর্তৃক সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ**

ক. তালিকাভুক্ত কোম্পানির ত্রৈমাসিক, বার্ষিক এবং অন্তর্বর্তী আর্থিক বিবরণী দাখিলের তদারকি;

খ. তালিকাভুক্ত কোম্পানিসমূহের অনিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা ও বিশ্লেষণ;

গ. তালিকাভুক্ত কোম্পানিসমূহের নিরীক্ষিত আর্থিক বিবরণী পর্যালোচনা ও বিশ্লেষণ;

ঘ. তালিকাভুক্ত কোম্পানির বিষয়ে প্রয়োজন অনুসারে বিশেষ নিরীক্ষা পরিচালনার প্রস্তাব উত্থাপন এবং তদ্‌নুযায়ী এনফোর্সমেন্ট বা আইন বিভাগে প্রেরণ;

ঙ. আইপিও/কিউআইও/আরপিও/রাইট ইস্যু/বন্ডের মাধ্যমে উত্তোলিত মূলধনের ব্যবহার প্রতিবেদন তদারকি;

চ. ইন্সপেকশন/ইনকোয়ারি/ ইনভেস্টিগেশনের প্রস্তাব উত্থাপন; এবং

ছ. কমিশন নির্ধারিত যে কোনো কাজ সম্পাদন।

২০২৪–২০২৫ অর্থবছরে কর্পোরেট রিপোর্টিং বিভাগের কার্যক্রমের সারাংশ সারণিতে নিম্নরূপঃ

**২০২৪-২০২৫ অর্থবছরে আর্থিক বিবরণী দাখিল সংক্রান্ত তথ্য**

| সূচকসমূহ | অর্থবছর | |
|---|---|---|
| | ২০২৩-২০২৪ সংখ্যা (টি) | ২০২৪-২০২৫ সংখ্যা (টি) |
| বার্ষিক আর্থিক বিবরণী দাখিল | ২৯৩ | ৩১৫ |
| অন্তর্বর্তীকালীন (Q1) প্রতিবেদনসমূহ দাখিল | ৩০৫ | ৩১৮ |
| অন্তর্বর্তীকালীন (Q2) প্রতিবেদনসমূহ দাখিল | ২৯৮ | ৩১৮ |
| অন্তর্বর্তীকালীন (Q3) প্রতিবেদনসমূহ দাখিল | ৩৩৪ | ৩১৭ |
| আইপিও/আরপিও/কিউআইও/ আরআই তহবিলের ব্যবহার সংক্রান্ত প্রতিবেদনসমূহ দাখিল | ১২৪ | ৮২ |

অন্যান্য কার্যক্রম

| সূচকসমূহ | কার্যক্রম সংখ্যা (টি) |
|---|---|
| **বার্ষিক আর্থিক বিবরণী** | |
| অধিক তথ্য বা ব্যাখ্যা তলব | ১৯ |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ৬৭ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ৩১ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করার জন্য ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ৪৫ |
| সিকিউরিটিজ আইনের বিধান পরিপালন না-করায় ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ১৭ |
| স্বতন্ত্র বহিঃনিরীক্ষকের কোয়ালিফাইড অপিনিয়ন/অ্যাডভার্স অপিনিয়ন/ডিসক্লেইমারের সংখ্যা | ১০২ |
| **প্রথম প্রান্তিক (Q1) আর্থিক বিবরণী** | |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ৫৯ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ২৭ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করার জন্য ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ৮৬ |
| **দ্বিতীয় প্রান্তিক (Q2) আর্থিক বিবরণী** | |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ৭৪ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০৪ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করার জন্য ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ৫০ |
| **তৃতীয় প্রান্তিক (Q3) আর্থিক বিবরণী** | |
| আর্থিক বিবরণীসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০৩ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০৭ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না করার জন্য ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ১৩ |
| **আইপিও/আরপিও/আরআই/কিউআইও তহবিলের ব্যবহার প্রতিবেদনসমূহ** | |
| তহবিলের ব্যবহারের প্রতিবেদনসমূহ দাখিলের সময় বৃদ্ধি | ০০ |
| সময় বৃদ্ধির আবেদন নাকচ | ০৩ |
| যথাসময়ে প্রতিবেদন দাখিল না-করার জন্য ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ০০ |
| **ক্যাপিটাল ইস্যুয়ারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ** | |
| সিকিউরিটিজ আইনের বিধান পরিপালন না-করায় কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | ৩৫ |

## ২.৫ রেজিস্ট্রেশন ও লাইসেন্সিং

রেজিস্ট্রেশন ও লাইসেন্সিং বিভাগ স্টক ব্রোকার, স্টক ডিলার, অনুমোদিত প্রতিনিধি, মার্চেন্ট ব্যাংকার, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক, ডিপজিটরি অংশগ্রহণকারী, ফান্ড ম্যানেজার, ট্রাস্টি, কাস্টডিয়ান, বাজার সৃষ্টিকারীর নিবন্ধন সনদ প্রদান এবং নবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম সম্পাদন করে। এছাড়া, স্টক ব্রোকারের ডিজিটাল বুথ এবং স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকারের শাখা খোলার অনুমোদন প্রদান করে।

২০২৪-২০২৫ অর্থবছরে নিবন্ধন বিভাগের কার্যক্রমের বিবরণ নিম্নরূপঃ

| ক্রমিক | ইস্যুকৃত সনদের ধরন | বাজার মধ্যস্থতাকারীর সংখ্যা (টি) | | | বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের সনদের নবায়ন/স্থগিত/বাতিল/প্রক্রিয়াধীন সংখ্যা (টি) | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বিদ্যমান বাজার | নতুন সনদ ইস্যু | মোট বাজার | সনদ নবায়ন ফিস গ্রহণ | বাৎসরিক ফিস গ্রহণ | সনদ স্থগিত | সনদ বাতিল | সনদ নবায়ন প্রক্রিয়াধীন | বার্ষিক ফি গ্রহণ প্রক্রিয়াধীন | মোট বাজার | |
| ১ | স্টক ডিলার ও স্টক ব্রোকার (ডিএসই) | ২৯০ | ০ | ২৯০ | ২৭০ | - | ১৯ | - | ০১ | - | ২৯০ | - |
| | স্টক ডিলার (ডিএসই) | ০১ | ০ | ০১ | - | - | ০১ | - | - | - | ০১ | - |
| | স্টক ব্রোকার (ডিএসই) | ০৯ | ০ | ০৯ | ০৭ | - | ০২ | - | - | - | ০৯ | - |
| ২ | স্টক ডিলার ও স্টক ব্রোকার (সিএসই) | ১৩৬ | ০ | ১৩৬ | ১৩২ | - | ০২ | ২০ | - | - | ১৩৬ | - |
| | স্টক ডিলার (সিএসই) | ০৩ | - | ০৩ | ০৩ | - | - | - | - | - | ০৩ | - |
| | স্টক ব্রোকার (সিএসই) | ২৩ | - | ২৩ | ১৯ | - | ০৩ | ০১ | - | - | ২৩ | - |
| ৩ | স্টক ব্রোকার শাখা অফিস (ডিএসই) | ৭০১ | ০৬ | ৭০৭ | অপ্রযোজ্য | | অপ্রযোজ্য | | অপ্রযোজ্য | | ৭০৭ | - |
| ৪ | স্টক ব্রোকার শাখা অফিস (সিএসই) | ১৮০ | ০২ | ১৮২ | অপ্রযোজ্য | | অপ্রযোজ্য | | অপ্রযোজ্য | | ১৮২ | - |
| ৫ | ডিজিটাল বুথ (ডিএসই) | ২৩৯ | ২২ | ২৬১ | অপ্রযোজ্য | | অপ্রযোজ্য | | অপ্রযোজ্য | | ২৬১ | - |
| ৬ | ডিজিটাল বুথ (সিএসই) | ৩৭ | ০ | ৩৭ | অপ্রযোজ্য | | অপ্রযোজ্য | | অপ্রযোজ্য | | ৩৭ | - |
| ৭ | অনুমোদিত প্রতিনিধি (ডিএসই) | ৬০৩৩ | ২২০ | ৬২৫৩ | ৮৪৪ | - | - | - | - | - | - | * |
| ৮ | অনুমোদিত প্রতিনিধি (সিএসই) | ১৪১৩ | ২৫ | ১৪৩৮ | ১০১ | - | - | - | - | - | - | * |

| ক্রমিক | ইস্যুকৃত সনদের ধরন | বাজার মধ্যস্থতাকারীর সংখ্যা (টি) | | | বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের সনদের নবায়ন/স্থগিত/বাতিল/প্রক্রিয়াধীন সংখ্যা (টি) | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বিদ্যমান বাজার | নতুন সনদ ইস্যু | মোট বাজার | সনদ নবায়ন ফিস গ্রহণ | বাৎসরিক ফিস গ্রহণ | সনদ স্থগিত | সনদ বাতিল | সনদ নবায়ন প্রক্রিয়াধীন | বার্ষিক ফি গ্রহণ প্রক্রিয়াধীন | মোট বাজার | |
| ৯ | মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফলিও ম্যানেজার | ৬৬ | ০ | ৬৬ | - | ৬৩ | - | - | - | ০৩ | ৬৬ | - |
| ১০ | সম্পদ ব্যবস্থাপক | ৬৯ | ০১ | ৭০ | - | ৬০ | - | ০৩ | - | ০৭ | ৭০ | - |
| ১১ | সিকিউরিটি কাস্টডিয়ান | ১৬ | ০ | ১৬ | - | ১৬ | - | - | - | - | ১৬ | - |
| ১২ | ডিপজিটরি অংশগ্রহণকারী | ৪৭৫ | ০১ | ৪৭৬ | ৩৫৪ | - | ০১ | - | ২১২ | - | ৪৭৬ | - |
| ১৩ | ট্রাস্টি অব অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড | ১৯ | - | ১৯ | - | ১৩ | - | ০৬ | - | - | ১৯ | - |
| ১৪ | ট্রাস্টি অব মিউচ্যুয়াল ফান্ড | ১০ | - | ১০ | - | ০৮ | - | - | - | ০২ | ১০ | - |
| ১৫ | ফান্ড ম্যানেজার | ৩০ | - | ৩০ | - | ২০ | - | ১০ | - | - | ৩০ | - |
| ১৬ | মিউচ্যুয়াল ফান্ডের কাস্টডিয়ান | ০৯ | - | ০৯ | - | ০৮ | - | - | - | ০১ | ৯০ | - |

*অনুমোদিত প্রতিনিধি  সনদ প্রতি ৫ বছর অন্তর নবায়ন করা হয়

## ২.৬ ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট

ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট ডিভিশন দুটি বিভাগ সমন্বয়ে গঠিত যথা: মিউচ্যুয়াল ফান্ড, কালেকটিভ ইনভেস্টমেন্ট স্কিম অ্যান্ড সিকিউরিটাইজেশন বিভাগ এবং অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ।

উক্ত ডিভিশনের সংক্ষিপ্ত কার্যক্রম নিম্নরূপ:

### ২.৬.১ মিউচ্যুয়াল ফান্ড, কালেকটিভ ইনভেস্টমেন্ট অ্যান্ড সিকিউরিটাইজেশন (এমএফ অ্যান্ড সিআইএসএস) বিভাগ

মিউচ্যুয়াল ফান্ড, কালেকটিভ ইনভেস্টমেন্ট স্কিম অ্যান্ড সিকিউরিটাইজেশন বিভাগের কার্যাবলি:

১. মেয়াদি, বে-মেয়াদি মিউচ্যুয়াল তহবিল ও ইটিএফের অনুমোদন;

২. ফান্ডের অবসায়ন, রূপান্তর, সংক্রান্ত কার্যাবলি;

৩. তহবিলের আর্থিক প্রতিবেদনসমূহ নিয়মিত পর্যালোচনা;

৪. বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা ও তহবিলের আর্থিক স্বচ্ছতা নিশ্চিতকল্পে এর নিয়মিত পরিদর্শন ও তদন্ত কার্যক্রম পরিচালনা; এবং

৫. বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে মতবিনিময় সভা ও প্রশিক্ষণ আয়োজন।

২০০৯ সালে প্রথম মিউচ্যুয়াল ফান্ড অনুমোদনের পরে ২০২৫ সালের জুন পর্যন্ত বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ১৩৫টি মিউচ্যুয়াল ফান্ডের অনুমোদন প্রদান করেছে, যার আনুমানিক বাজার মূল্য ৯,৬২৮ কোটি টাকা। তন্মধ্যে, বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড ৪,৯৭৮ কোটি টাকা এবং মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড ৪,৬৫০ কোটি টাকা।

২০২০-২০২৫ অর্থবছরে মিউচ্যুয়াল ফান্ডের সংখ্যা (বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড ও মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড) সূচক নিম্নরূপঃ




২০২০-২০২৫ অর্থবছরে মূল্য মিউচ্যুয়াল ফান্ডের আকার (বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড ও মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড) সূচক নিম্নরূপঃ




সূত্রঃ ২০২৪ সালের ৩০ মার্চ অনিরীক্ষিত আর্থিক বিবরণী অনুসারে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি থেকে প্রাপ্ত তথ্যমতে

### ২.৬.২ মিউচ্যুয়াল ফান্ডের অনুমোদনঃ

মিউচ্যুয়াল ফান্ড ইন্ডাস্ট্রির উন্নয়ন ও বিনিয়োগকারীদের স্বার্থরক্ষায় অত্র বিভাগ গত অর্থবছরে কয়েকটি সম্পদ ব্যবস্থাপকের ব্যবস্থাধীনে পরিচালিত মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কিত তদন্ত ও অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করে।

২০২৪-২০২৫ অর্থবছরে এমএফ অ্যান্ড সিআইএসএস বিভাগ ১০০ কোটি টাকার ৪ (চার) টি নতুন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন সনদ প্রদান করেছে।

**২০২৪-২০২৫ অর্থবছরে চূড়ান্ত অনুমোদনপ্রাপ্ত মিউচ্যুয়াল ফান্ডসমূহ**

| ক্রমিক | ফান্ডের নাম | সম্পদ ব্যবস্থাপক | ফান্ডের প্রকৃতি | ফান্ডের আকার (কোটি টাকা) |
|---|---|---|---|---|
| ১. | ইনভেস্টইট গ্রোথ ফান্ড | ইনভেস্টইট এসেট ম্যানেজমেন্ট লিমিটেড | বে-মেয়াদি | ২৫ |
| ২. | ভেঞ্চুরা এএমসিএল ব্যালেন্সড ফান্ড | ভেঞ্চুরা এসেট ম্যানেজমেন্ট লিমিটেড | বে-মেয়াদি | ২৫ |
| ৩. | এএমএস গোবাল ফার্স্ট রেগুলার ইনকাম ফান্ড | এএমএস গ্লোবাল অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড | বে-মেয়াদি | ২৫ |
| ৪. | লঙ্কাবাংলা ফিক্সড ইনকাম ফান্ড | লঙ্কাবাংলা অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড | বে-মেয়াদি | ২৫ |
| | | | **মোট** | **১০০** |

### ২.৬.৩ অলটারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগ:

বর্তমান একুশ শতকে একটি দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নে শিল্পায়নের কোনো বিকল্প নেই। নতুন উদ্যোগ ও উদ্ভাবনসমূহকে সফলভাবে বাস্তবায়নে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থা-বহির্ভূত প্রতিষ্ঠানে বিনিয়োগের জন্য অলটারনেটিভ ইনভেস্টমেন্ট প্রয়োজন । এরূপ বিনিয়োগে ভেঞ্চার ক্যাপিটাল, প্রাইভেট ইকুইটি ফান্ড ও ইমপেক্ট ফান্ডের মাধ্যমে সরবরাহ করা হয়। অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট বিভাগের কার্যাবলি নিম্নরূপ:

১. প্রাইভেট ইকুইটি ফান্ড, ভেঞ্চার ফান্ড ও ইমপেক্ট ফান্ডের অনুমোদন; এবং

২. বিনিয়োগকারীদের স্বার্থরক্ষা ও আর্থিক স্বচ্ছতা নিশ্চিতকল্পে ফান্ডের আর্থিক বিবরণীর নিয়মিত তদারকি ও পর্যালোচনা।

২০১৫ সালে ‘Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015’ বিধিমালা প্রণয়নের পর থেকে কমিশন এ পর্যন্ত ১২টি অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডের অনুমোদন প্রদান করে।

**বিদ্যমান অলটারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ডসমূহের সংক্ষিপ্ত চিত্র**

| ক্রমিক | ফান্ডের নাম | ফান্ড ম্যানেজার | ফান্ডের প্রকৃতি | ফান্ড কর্পাস (কোটি টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড অব বাংলাদেশ | স্ট্র্যাটেজিক ইকুইটি ম্যানেজমেন্ট লিমিটেড | প্রাইভেট ইকুইটি | ৫০০ |
| ২ | বিডিভিএল ভেঞ্চার ফান্ড ১ | বিডি ভেঞ্চার লিমিটেড | ভেঞ্চার ক্যাপিটাল | ৫০ |
| ৩ | লংকাবাংলা ফার্স্ট পিই ফান্ড | লংকাবাংলা অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড | প্রাইভেট ইকুইটি | ২৫ |
| ৪ | মসলিন ভিসি ফান্ড ১ | মসলিন ক্যাপিটাল লিমিটেড | ভেঞ্চার ক্যাপিটাল | ১০ |
| ৫ | ইউএফএসইপিএল ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড | ইউএফএস ইকুইটি পার্টনারস লিমিটেড | ভেঞ্চার ক্যাপিটাল | ১২৫ |
| ৬ | ইউএফএসইপিএল প্রাইভেট ইকুইটি ফান্ড | ইউএফএস ইকুইটি পার্টনারস লিমিটেড | প্রাইভেট ইকুইটি | ১২৫ |
| ৭ | আইডিএলসি ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড ১ | আইডিএলসি অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড | ভেঞ্চার ক্যাপিটাল | ৪৫ |
| ৮ | আর ভেঞ্চারস প্রাইভেট ইকুইটি ফান্ড | এসবিকে টেক ভেঞ্চার লিমিটেড | প্রাইভেট ইকুইটি | ১৫ |
| ৯ | এক্স এঞ্জেল ভিশন ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড | এক্স এঞ্জেল অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড | ভেঞ্চার ক্যাপিটাল | ১০০ |
| ১০ | এক্স এঞ্জেল ফার্স্ট প্রাইভেট ইকুইটি ফান্ড | এক্স এঞ্জেল অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড | প্রাইভেট ইকুইটি | ২০০ |
| ১১ | ইউসিবি প্রাইভেট ইকুইটি ফান্ড ১ | ইউসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড | প্রাইভেট ইকুইটি | ১৫০ |
| ১২ | ইউসিবি ভেঞ্চার ফান্ড ১ | ইউসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড | ভেঞ্চার ক্যাপিটাল | ১৫০ |
| | | | **মোট** | **১৪৯৫** |

## ২.৭ মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স

পুঁজিবাজারের স্বাভাবিক গতি ও প্রকৃতি প্রভাবিত করতে পারে এমন কোনো অনিয়ম, হেরফেরমূলক কার্যকলাপ বা অস্বাভাবিক ট্রেডিং প্যাটার্ন শনাক্তকরণে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ক্রমাগত সিকিউরিটিজ মার্কেট পর্যবেক্ষণ করে। তন্মধ্যে, রয়েছে সিকিউরিটিজ মূল্যের গতিবিধি, ট্রেডিং ভলিউম এবং অর্ডার প্রবাহ। এই বিভাগ বাজারের গতিবিধি সক্রিয় তদারকিসহ অসামঞ্জস্যপূর্ণ বিভিন্ন লেনদেন বিশ্লেষণ করে। উক্ত বিভাগ সিকিউরিটিজ আইনের সম্ভাব্য লঙ্ঘন, বাজার কারসাজি, ইনসাইডার ট্রেডিং এবং পুঁজিবাজারের স্বচ্ছতা ক্ষুণ্নকারী অন্যান্য প্রতারণামূলক কার্যকলাপ পর্যবেক্ষণ এবং বাজারের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে বিনিয়োগকারীদের আস্থা ও স্বার্থ সংরক্ষণের জন্য যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করে।

২০২৪-২০২৫ অর্থবছরে সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স বিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নরূপ:

### ২.৭.১ পুঁজিবাজার পর্যবেক্ষণ ও তদারকি:

দৈনন্দিন বাজার তদারকির অংশ হিসবে বাজারের অনিয়ম, সন্দেহজনক লেনদেন ও অসদাচরণ অনুসন্ধানের জন্য কমিশনের সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা 'ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট সার্ভেইল্যান্স সিস্টেম'-এর মাধ্যমে বাজার পর্যবেক্ষণ ও স্টক এক্সচেঞ্জের সঠিক লেনদেন বিশ্লেষণ করে।

### ২.৭.২ তথ্যের বুদ্ধিদীপ্ত কার্যক্রম:

কমিশনের সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা বাজারের অনিয়ম ও সন্দেহজনক লেনদেনের ৩৬০ ডিগ্রি পর্যবেক্ষণ ও গভীরতা চিহ্নিতকরণে 'ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট সিস্টেম'-এর 'বিজনেস ইন্টেলিজেন্স', স্টেকহোল্ডারদের ওয়েবসাইট, প্রাসঙ্গিক সংবাদ ও প্রতিবেদন পর্যবেক্ষণের মাধ্যমে তথ্যসমূহের বুদ্ধিদীপ্ত কার্যক্রম সম্পাদন করে।

### ২.৭.৩ তদন্ত ও অনুসন্ধান:

সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেন প্রাথমিকভাবে শনাক্তকরণের পর তা বিশদভাবে সম্পন্ন করার জন্য এই বিভাগে প্রমাণ সংগ্রহ, তথ্য বিশ্লেষণ এবং জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চিহ্নিতকরণে কমিশনের অনুমোদন সাপেক্ষে বিএসইসি হতে অথবা স্টক এক্সচেঞ্জের মাধ্যমে তদন্ত অথবা অনুসন্ধানপূর্বক জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণার্থে সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করে। ২০২৪-২০২৫ অর্থবছরে ডিএসই এবং সিএসই হতে প্রাপ্ত নিম্নবর্ণিত তদন্ত প্রতিবেদনসমূহ পর্যালোচনা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সার্ভেইল্যান্স বিভাগ হতে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে:

| ক্রমিক | সংশ্লিষ্ট কোম্পানির নাম/বিষয় | দাখিলকারী | সার্ভেইল্যান্স বিভাগ হতে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ |
|---|---|---|---|
| ১ | কর্ণফুলী ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | ডিএসই | ০৩ জুলাই ২০২৪ |
| ২ | বেঙ্গল উইন্ডসর থার্মোপাস্টিক্স লিমিটেড | ডিএসই | ২৪ সেপ্টেম্বর ২০২৪ |
| ৩ | এক্সপ্রেস ইন্স্যুরেন্স লিমিটেড | ডিএসই | ২৪ সেপ্টেম্বর ২০২৪ |
| ৪ | ওরিয়ন ইনফিউশন লিমিটেড | ডিএসই | ১৮ নভেম্বর ২০২৪ |
| ৫ | ওরিয়ন ইনফিউশন লিমিটেড | ডিএসই | ২২ ডিসেম্বর ২০২৪ |
| ৬ | হেইডেলবার্গ সিমেন্ট বাংলাদেশ লিমিটেড | ডিএসই | ০৪ ফেব্রুয়ারি ২০২৫ |

| ক্রমিক | সংশ্লিষ্ট কোম্পানির নাম/বিষয় | দাখিলকারী | সার্ভেইল্যান্স বিভাগ হতে এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ |
|---|---|---|---|
| ৭ | বিডি পেইন্টস লিমিটেড | ডিএসই | ১৬ এপ্রিল ২০২৫ |
| ৮ | স্টার অ্যাডহেসিভস লিমিটেড | ডিএসই | ৩০ এপ্রিল ২০২৫ |
| ৯ | দেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড | ডিএসই | ১২ মে ২০২৫ |
| ১০ | প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড | ডিএসই | ১২ মে ২০২৫ |
| ১১ | বিভিন্ন শেয়ার একই বিনিয়োগকারীদের মধ্যে লেনদেন সংক্রান্ত তদন্ত প্রতিবেদন | ডিএসই | ১৯ মে ২০২৫ |
| ১২ | আগ্নি সিস্টেমস লিমিটেড | ডিএসই | ০৪ জুন ২০২৫ |
| ১৩ | ক্যাপিটেক গ্রামীণ ব্যাংক গ্রোথ ফান্ড | ডিএসই | ০৪ জুন ২০২৫ |
| ১৪ | এস. আলম কোল্ড রোল্ড স্টিলস লিমিটেড | ডিএসই | ১৫ জুন ২০২৫ |
| ১৫ | জেনারেশন নেক্সট ফ্যাশনস লিমিটেড | ডিএসই | ১৮ জুন ২০২৫ |
| ১৬ | অ্যাপোলো ইস্পাত কমপ্লেক্স লিমিটেড | ডিএসই | ১৮ জুন ২০২৫ |
| ১৭ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড | ডিএসই | ২৪ নভেম্বর ২০২৪ |
| ১৮ | মিডল্যান্ড ব্যাংক লিমিটেড | ডিএসই | ১৯ মার্চ ২০২৫ |

## ২.৮ ডেরিভেটিভস

কমিশনের ফাইন্যান্সিয়াল ডেরিভেটিভস বিভাগ দেশের প্রথম ফাইন্যান্সিয়াল ডেরিভেটিভস মার্কেট প্রচলনের লক্ষ্যে কাজ করছে। যার ধারাবাহিকতায় এই বিভাগ কর্তৃক Bangladesh Securities and Exchange Commission (Financial Derivatives Exchange) Rules, 2024 শিরোনামে প্রাথমিক খসড়া বিধিমালা প্রস্তুত করা হয়। ২০২৫ সালের ২৩ জানুয়ারি উক্ত খসড়া বিধিমালা সম্পর্কিত আলোচনা সভায় ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই) কে অধ্যায়ভিত্তিক মতামত দাখিলের অনুরোধ জানানো হয়। ফলশ্রুতিতে, ২০২৫ সালের ২৩ মার্চ সিএসই অধ্যায়ভিত্তিক মতামত দাখিল করে। ডিএসই এ বিষয়ে মতামত দাখিলের পূর্বে কমিশনের সাথে অধিকতর আলোচনা করা প্রয়োজন মর্মে অনুরোধ জানায়। সেই পরিপ্রেক্ষিতে গত ২০২৫ সালের ২৩ মার্চ কমিশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, ডিএসই বোর্ড এবং ডিএসই'র অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সার্বিক আলোচনা শেষে ডিএসই কর্তৃক একটি ওয়ার্কিং কমিটি গঠনপূর্বক ২০২৫ সালের ৩০ সেপ্টেম্বর মধ্যে খসড়া বিধিমালা দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিষয়ে ডিএসই'র ওয়ার্কিং কমিটি গঠনের পর তার কার্যক্রম তদারকির জন্য কমিশন কর্তৃক একটি রিভিউ কমিটি গঠন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

## ২.৯ কমোডিটি প্রোডাক্ট

Bangladesh Securities and Exchange Commission (Commodity Exchange) Rules, 2023-এর আওতায় পুঁজিবাজারে পণ্য বৈচিত্র্যকরণের প্রয়োজনে বাংলাদেশে প্রথম কমোডিটি এক্সচেঞ্জ চালুর লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরে কমোডিটি প্রোডাক্ট বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম নিম্নরূপ:

২.৯.১ কমোডিটি প্রোডাক্টকৃত বিভাগ ২০২৪ সালের ২৩ ডিসেম্বর কমিশন ভবনের মাল্টিপারপাস হলে সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানসমূহের মধ্যে কমোডিটি ডেরিভেটিভস চালুকরণের লক্ষ্যে 'বাংলাদেশে কমোডিটি ডেরিভেটিভস চালুকরণের সম্ভাবনা ও আইনি কাঠামো' কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় কমিশনার জনাব ফারজানা লালারুখ-এর সভাপতিত্বে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি, চট্ট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি ও সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড-এর প্রতিনিধিগণ অংগ্রহণ এবং মূল্যবান মতামত প্রদান করেন। এছাড়া, এই কর্মশালায় কমিশনের নির্বাহী পরিচালকগণ এবং ডেরিভেটিভস ডিভিশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

২.৯.২ ২০২৫ সালের ২০ ফেব্রুয়ারি Securities and Exchange Commission of Pakistan (SECP)-এর সাথে কমোডিটি এক্সচেঞ্জ সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য দ্বিপক্ষীয় অনলাইন সভার আয়োজন করা হয়। উক্ত সভায় কমিশনের চেয়ারম্যান, সকল কমিশনার ও কমোডিটি প্রোডাক্ট বিভাগের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। এছাড়া, বাংলাদেশে কমোডিটি এক্সচেঞ্জ সম্পর্কে সচেতনতা ও বিনিয়োগ শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে সিএসই, বিএএসএম এবং বিআইসিএম-এর সমন্বয়ে এ বিষয়ে Training of Trainers (ToT) আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়।

২.৯.৩ বিএসইসি ২০২৫ সালের ১২ মে চট্ট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ (কমোডিটি ডেরিভেটিভস) প্রবিধানমালা, ২০২৫-এর চূড়ান্ত খসড়ার অনুমোদন প্রদান করে। এর মাধ্যমে সিএসই কর্তৃক কমোডিটি ডেরিভেটিভস ব্রোকার নিবন্ধন ও পণ্যের অনুমোদনের জন্য আবেদনের সুযোগ সৃষ্টি এবং বাংলাদেশের কমোডিটি ডেরিভেটিভস ট্রেডিং চালুর পথ সুগম হয়েছে। চট্ট্রগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি, কমিশনের সিএমআরআরসি বিভাগ ও অন্যান্য সংশ্লিষ্ট অংশীজনের সাথে ঘনিষ্ঠ সমন্বয়ের মাধ্যমে কমোডিটি প্রোডাক্ট বিভাগ এই অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

২.৯.৪ কমিশনের কমোডিটি প্রোডাক্টস বিভাগ ২০২৫ সালের ২৩ জুন বিএসইসি, সিএসই, পাকিস্তানের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (SECP) ও পাকিস্তান মার্কেন্টাইল এক্সচেঞ্জ (PMEX)-এর অংশগ্রহণে একটি ভার্চুয়াল সভার আয়োজন করে। বাংলাদেশের কমোডিটি ডেরিভেটিভস মার্কেট উন্নয়নে আঞ্চলিক সহযোগিতা জোরদার করাই ছিল এই সভার মূল উদ্দেশ্য। সভায় PMEX তার নিয়ন্ত্রক কাঠামো, পণ্যের ধরন, ট্রেডিং অবকাঠামো এবং ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে বিস্তারিত উপস্থাপনা করা হয়। সভা শেষে একটি ফলপ্রসূ প্রশ্নোত্তরপর্বে বিএসইসি ও সিএসই এর কর্মকর্তারা বিভিন্ন কারিগরি বিষয় সম্পর্কে আলোচনা করেন। সভায় বক্তাগণ অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠান ভবিষ্যতেও জ্ঞান এবং অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

## ২.১০ সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ

সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ বিভাগ স্টক এক্সচেঞ্জ, ওভার দি কাউন্টার মার্কেট (OTP) এবং ইস্যুয়ার কোম্পানিসমূহের যাবতীয় কার্যাদি তদারকি ও ইস্যুয়ার কোম্পানিসমূহের বিরুদ্ধে অভিযোগ/ আপত্তি সিকিউরিটিজ আইন অনুসারে নিষ্পত্তি করে।

২০২৪-২০২৫ অর্থবছরে সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেটস অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ বিভাগের কার্যক্রম নিম্নরূপ:

**২.১০.১** তালিকাভুক্ত কোম্পানিসমূহের বোর্ড সভা, বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা, ই-ভোটিং বিষয়ে বিধি-বিধান পরিপালন সংক্রান্ত তদারকি (পরিশিষ্ট: ১)।

২.১০.২ তালিকাভুক্ত কোম্পানির উদ্যোক্তা/পরিচালকদের উল্লেখযোগ্য সিকিউরিটিজ ক্রয়/বিক্রয়/হস্তান্তর সংক্রান্ত ঘোষণার আওতায় নিম্নোক্ত ২টি কোম্পানিকে অনুমোদন প্রদান:

১. ইউনাইটেড ইনস্যুরেন্স কোম্পানি লিমিটেড; এবং
২. ইউনাইটেড ফাইন্যান্স লিমিটেড।

২.১০.৩ ইস্যুয়ার কোম্পানি সংশ্লিষ্ট অভিযোগসমূহ নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ

➤ তালিকাভুক্ত কোম্পানির সার্বিক সুশাসন নিশ্চিতকল্পে ৭ (সাত) টি কোম্পানির তদন্তের নির্দেশ প্রদান:

১. সাউথইস্ট ব্যাংক পিএলসি লিমিটেড;
২. এনআরবিসি ব্যাংক পিএলসি লিমিটেড;
৩. রতনপুর স্টিল রি-রোলিং মিলস লিমিটেড;
৪. বেক্সিমকো লিমিটেড;
৫. বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড;
৬. শাইনপুকুর সিরামিক লিমিটেড; এবং
৭. নিউ লাইন ক্লথিংস লিমিটেড।

➤ তালিকাভুক্ত ২৭টি কোম্পানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণার্থে এনফোর্সমেন্ট বিভাগে নথি প্রেরণ করা হয়েছে।

➤ তালিকাভুক্ত কোম্পানিসমূহের ঘোষিত লভ্যাংশ বন্টণ না করা সংক্রান্ত ১ (এক) টি সভা, উদ্যোক্তা পরিচালকদের ২% ও ৩০% ধারণ সংক্রান্ত ১ (এক) টি সহ মোট ৪ (চার) টি সভা অনুষ্ঠিত হয়েছে।

## ২.১১ সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ

সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ তথা পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নের লক্ষ্যে সুপারভিশন অব মার্কেট অ্যান্ড মার্কেট ইন্টারমিডিয়ারিজ (এসএমএমআই) বিভাগ স্টক এক্সচেঞ্জসমূহ, স্টক ডিলার/স্টক ব্রোকার, ডিপজিটরি অংশগ্রহণকারী (ডিপি), মার্চেন্ট ব্যাংকার্স, সিকিউরিটিজ কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে। উক্ত বিভাগ বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের নিয়মিত পরিদর্শন কার্যক্রম গ্রহণ এবং প্রয়োজন অনুযায়ী উপরোল্লিখিত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে।

২০২৪-২০২৫ অর্থবছরে এসএমএমআই বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলি নিম্নরূপ:

### ২.১১.১ বিনিয়োগকারীদের অভিযোগ নিষ্পত্তি:

২০২৪-২০২৫ অর্থবছরে কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম)-এর মাধ্যমে বিনিয়োগকারীগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিবরণ নিম্নরূপ:

| অর্থবছর | ২০২৩-২০২৪ সংখ্যা (টি) | ২০২৪-২০২৫ সংখ্যা (টি) |
|---|---|---|
| অভিযোগ প্রাপ্তির সংখ্যা | ২২৬ | ১৭৫ |
| নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | ২২২ | ১০৯ |
| প্রক্রিয়াধীন | ০৪ | ৬৬ |

### ২.১১.২ বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান-প্রদান:

দুর্নীতি দমন কমিশন (দুদক) সহ বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান-প্রদানের সুবিধার্থে ২০১৯ সালের ১৫ এপ্রিল এক্সটারনাল ড্যাটা রিকোয়েস্ট প্রসেসিং (ইডিআরপি) প্ল্যাটফর্ম চালু করা হয়েছে। উক্ত প্ল্যাটফর্মের মাধ্যমে দুদকসহ বিভিন্ন সরকারি সংস্থাকে পত্রের মাধ্যমে চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে। যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

| প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত চিঠির সংখ্যা (টি) | চিঠির সংখ্যা (টি) যার বিপরীতে প্রদানকৃত তথ্য | প্রক্রিয়াধীন সংখ্যা (টি) |
|---|---|---|---|
| দুর্নীতি দমন কমিশন (দুদক) | ৩৭১ | ২৮৮ | ৮৩ |
| অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) | ২০ | ১৭ | ০৩ |
| জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) | ০৪ | ০৪ | - |
| অন্যান্য | - | - | - |
| **মোট** | **৩৯৫** | **৩০৯** | **৮৬** |

২০২৪ সালের ০৮ ডিসেম্বর অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী তদন্ত বিষয়ে অন্যান্য সংস্থা থেকে প্রাপ্ত পত্রসমূহ মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন বিভাগ Control Point হিসেবে কাজ করে।

### ২.১১.৩ পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানে পরিচালিত পরিদর্শন কার্যক্রম:

২০২২ সালের ০৯ জুন কমিশনের অফিস আদেশ সূত্র নং-বিএসইসি/প্রশাসন/৪১:০০/১৯৯৫ (অংশ-১৩)-৬৯৮এর মাধ্যমে তদন্ত (Investigation) এবং অনুসন্ধান (Enquiry) বিভাগ চালু করা হয়েছে। তদন্ত এবং অনুসন্ধান সংক্রান্ত কার্যক্রম উক্ত বিভাগের আওতাধীন।

কমিশনের নির্দেশনা অনুসারে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই) সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানিসমূহে নিয়মিত পরিদর্শন কার্যক্রম সম্পাদনপূর্বক কমিশনের নিকট নিম্নোক্ত প্রতিবেদন দাখিল করেছে:

| পরিদর্শন | অর্থবছর | |
|---|---|---|
| | ২০২৩-২০২৪ সংখ্যা (টি) | ২০২৩-২০২৪ সংখ্যা (টি) |
| ডিএসই পরিচালিত পরিদর্শন সংখ্যা | ৪০৯ | ৫৪৯ |
| সিএসই পরিচালিত পরিদর্শন সংখ্যা | ৩২ | ১৪ |
| **মোট** | **৪৪১** | **৫৬৩** |

### ২.১১.৪ ট্রেকহোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা:

এসএমএমআই বিভাগ স্টক এক্সচেঞ্জের সহযোগিতায় ট্রেকহোল্ডার কোম্পানির দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পর্যালোচনা করে। ২০২৪-২০২৫ অর্থবছরে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষাণ সংক্রান্ত কার্যক্রমের সারসংক্ষেপ নিম্নরূপ:

**সংশ্লিষ্ট ট্রেকহোল্ডার কোম্পানির**

| কাজের বিবরণ | ২০২৩-২০২৪ সংখ্যা (টি) | ২০২৪-২০২৫ সংখ্যা (টি) |
|---|---|---|
| ঢাকা স্টক এক্সচেঞ্জ কর্তৃক ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা | ৩২০ | ২৬৪ |
| চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ কর্তৃক ট্রেকহোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা | ৯৮ | ৯৮ |
| **মোট** | **৪১৮** | **৩৬২** |

### ২.১১.৫ মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/সিইও-এর নিয়োগ ও বরখাস্ত সংক্রান্ত কার্যক্রম:

২০২৪-২০২৫ অর্থবছরে এসএমএমআই বিভাগ কর্তৃক মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/ সিইও-এর নিয়োগ সংক্রান্ত কার্যক্রম নিম্নরূপ:

| | অর্থবছর | পূর্বের অনিষ্পত্তিকৃত দরখাস্তের সংখ্যা | বর্ণিত সময়কালে প্রাপ্ত দরখাস্তের সংখ্যা | মোট দরখাস্তের সংখ্যা | অনুমোদিত | অননুমোদিত | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|---|
| ব্যবস্থাপনা পরিচালক/ সিইও-এর নিয়োগ | ২০২৩-২০২৪ | ১৩ | ১১ | ২৪ | ২২ | ১ | ১ |
| | ২০২৪-২০২৫ | ০৩ | ২১ | ২৪ | ১৬ | - | ৮ |

**নেগেটিভ ইকুইটি সংক্রান্ত তথ্যাবলি:**

| নেগেটিভ ইকুইটির পরিমাণ | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | পরিবর্তন |
|---|---|---|---|
| | ৫,৮৫৯.৫১ (কোটি টাকা) | ৭,০৭২.১৩ (কোটি টাকা) | ১,২১২.৬২ (কোটি টাকা বৃদ্ধি) |

**স্টক ব্রোকার কোম্পানির সমন্বিত গ্রাহক হিসাব (সিসিএ) ঘাটতি মোচন সংক্রান্ত তথ্যাবলি:**

| সমন্বিত গ্রাহক হিসাবে ঘাটতির পরিমাণ | ২০২৩-২০২৪ | ২০২৪-২০২৫ | পরিবর্তন |
|---|---|---|---|
| | ১৯৩.৭৪ (কোটি টাকা) | ৪০২.৬৩ (কোটি টাকা) | ২০৮.৮৯ (কোটি টাকা বৃদ্ধি) |

## ২.১২ সেন্ট্রাল ডিপজিটরি সিস্টেম

২০২৪-২০২৫ অর্থবছরে সেন্ট্রাল ডিপজিটরি সিস্টেমে অন্তর্ভুক্তকৃত বিভিন্ন মিউচ্যুয়াল ফান্ড, কোম্পানি এবং বন্ড সম্পর্কিত তথ্যাবলি:

| ক্রমিক | ইস্যুয়ারের ধরন | অর্থবছর | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২৩-২০২৪ | | ২০২৪-২০২৫ | | | |
| | | আইপিও-এর জন্য আবেদন (তহবিলের আকার) (টাকা) | সাবস্ক্রাইবকৃত পরিমাণ (টাকা) | আইপিও-এর জন্য আবেদন (তহবিলের আকার) (টাকা) | পূর্বের বছরের তুলনায় বৃদ্ধি (%) | সাবস্ক্রাইবকৃত পরিমাণ (টাকা) | পূর্বের বছরের তুলনায় বৃদ্ধি (%) |
| ১ | মিউচ্যুয়াল ফান্ড | ৩,১০,০০,০০,০০০ | ২,০০,০১,৮৮,০০০ | ৩২,৫০,০০,০০০ | (৮৫৩.৮৫%) | ২,০০,০১,৮৮,০০০ | (১১৬৪.৩০%) |
| ২ | কোম্পানি | ৩,৫১,০৫,৮৮,২৯০ | ৩,৫৯,৬৫,৩৪,১৮০ | ১,০০০,০০০,০০০ | ২৫১.০৬% | ১,০০০,০০০,০০০ | ২৫৯.৬৫% |
| ৩ | বন্ড | ৫৪,৫৯,৯০,০০,০০০ | ৩৩,৯৩,৬৯,৫০,০০০ | ৫,০০০,০০০,০০০ | (৯৯১.৯৮%) | ৪,০২০,০০০,০০০ | (৭৪৪.২০%) |
| | **মোট** | **৬১,২০,৯৫,৮৮,২৯০** | **৩৯,৫৩,৩৬,৭২,১৮০** | **৬,৩২৫,০০০,০০০** | **(৮৬৭.৭৪%)** | **৫,১৭৮,২০৫,০০০** | **(৬৬৩.৪৬%)** |

## ২.১৩ এএমএল অ্যান্ড সিএফটি

২০২৪−২০২৫ অর্থবছরে এএমএল অ্যান্ড সিএফটি শাখা সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ

ক. বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ), দুদক ও সিআইডি-এর চাহিদা অনুসারে তথ্যাদি (মানিলন্ডারিং মামলা সম্পর্কিত তথ্যাদি, পরিদর্শন প্রতিবেদন ইত্যাদি) প্রেরণ;

খ. মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন কার্যক্রম প্রতিরোধে গঠিত জাতীয় সমন্বয় কমিটি, ওয়ার্কিং কমিটি এবং কেন্দ্রীয় টাস্কফোর্সের সভায় যোগদান;

গ. পুঁজিবাজার সংশ্লিষ্ট ২৫টি প্রতিষ্ঠানে এএমএল/সিএফটি সিস্টেম চেক পরিদর্শন; এবং

ঘ. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উদ্যোগে কমিশন ভবনে কমিশন, স্টক এক্সচেঞ্জসমূহ, স্টক ব্রোকার ও স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংক ও পোর্টফলিও ম্যানেজার, সম্পদ ব্যবস্থাপক এবং সিকিউরিটিজ কাস্টডিয়ান প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের এএমএল অ্যান্ড সিএফটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## ২.১৪ ইন্সপেকশন, ইনকোয়ারি ও ইনভেস্টিগেশন

মার্কেট ইন্টেলিজেন্স অ্যান্ড ইনভেস্টিগেশন ডিভিশনের অধীনে ইন্সপেকশন, ইনকোয়ারি ও ইনভেস্টিগেশন এবং মার্কেট ইন্টেলিজেন্স দুটি বিভাগ রয়েছে।

**ইন্সপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন বিভাগের কার্যাবলি নিম্নরূপঃ**

১. মার্কেট, মার্কেট ইন্টারমিডিয়ারিজ, ইস্যুয়ার কোম্পানি এবং অন্যান্য আইনগত বিষয়ের (পুঁজিবাজার সংশ্লিষ্ট যেকোনো ব্যক্তি, সংস্থা ইত্যাদি) নিয়মিত পরিদর্শন, অনুসন্ধান ও তদন্ত; এবং
২. বিভাগের সাথে সংশ্লিষ্ট আইনগত কমিশনের কার্য সম্পাদন।

২.১৪.১ ইন্সপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন বিভাগের ২০২৪-২০২৫ অর্থবছরে অনুসন্ধান/তদন্ত সম্পর্কিত তথ্য নিম্নরূপঃ

| ক্রমিক | বিবরণ | সংখ্যা (টি) |
|---|---|---|
| ১ | ইস্যুকৃত অনুসন্ধান / তদন্ত আদেশ | ৭৪ |
| ২ | অনুসন্ধান কমিটি দাখিলকৃত অনুসন্ধান প্রতিবেদন | ৪৫ |
| ৩ | চলমান অনুসন্ধান | ৩১ |

২.১৪.২ ইন্সপেকশন, ইনকোয়ারি অ্যান্ড ইনভেস্টিগেশন বিভাগের ২০২৪-২০২৫ অর্থবছরে পরিদর্শন সম্পর্কিত তথ্য নিম্নরূপঃ

| ইস্যুকৃত আদেশ সংখ্যা (টি) | দাখিলকৃত প্রতিবেদন সংখ্যা (টি) | চলমান পরিদর্শন সংখ্যা (টি) |
|---|---|---|
| ৪৭ | ৩২ | ১৫ |

## ২.১৫ মার্কেট ইন্টেলিজেন্স

মার্কেট ম্যানিপুলেশন, গুজব ও নাশকতা সংক্রান্ত গোয়েন্দা তথ্য সংগ্রহ এবং প্রাপ্ত গোয়েন্দা তথ্য বিশ্লেষণপূর্বক যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য মার্কেট ইন্টেলিজেন্স বিভাগ কার্যক্রম পরিচালনা করে। উক্ত বিভাগের অধীনে এক্সচেঞ্জ অ্যাফেয়ার্স সেকশন ও ইস্যুয়ার কোম্পানি এবং অন্যান্য ইন্টারমেডিয়ারিজ অ্যাফেয়ার্স সেকশন নামে দুটি সেকশন রয়েছে।

২০২৪-২০২৫ অর্থবছরে মার্কেট ইন্টেলিজেন্স বিভাগ কর্তৃক সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

- বিভিন্ন মাধ্যম হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রস্তুতকৃত ১৬ (ষোল) টি ইন্টেলিজেন্স প্রতিবেদন দাখিল;
- কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স বিভাগের অন্যান্য সংস্থার সাথে পারস্পারিক সহযোগিতামূলক সম্পর্ক বৃদ্ধির জন্য ৮ (আট) টি ইন্টেলিজেন্স সংস্থার সাথে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নের মাধ্যমে কার্যক্রম পরিচালনা;
- অত্র বিভাগের কার্যাবলির SOP প্রণয়ন;
- দেশীয় বিভিন্ন সংস্থার ইন্টেলিজেন্স শাখার পারস্পারিক সহযোগিতামূলক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে বিএসইসি'র মার্কেট ইন্টেলিজেন্স বিভাগের মতবিনিময় সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভার আলোকে গ্রহণকৃত কার্যক্রম নিম্নরূপ:

  ক. পুঁজিবাজারের উন্নয়নে ইন্টেলিজেন্স কার্যক্রম জোরদারকরণে বিভিন্ন সংস্থার সাথে সম্মিলিতভাবে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ; এবং

  খ. দক্ষতা উন্নয়নে ও ইন্টেলিজেন্স সংক্রান্ত প্রশিক্ষণে কমিশনকে সহযোগিতা প্রদানের জন্য অন্যান্য ইন্টেলিজেন্স সংস্থারসমূহের সাথে যোগাযোগ।

- কার্যকরী ইন্টেলিজেন্স কার্যক্রম পরিচালনার লক্ষ্যে US SEC তে বিদ্যমান সিস্টেমের আলোকে পুঁজিবাজারের বিভিন্ন গোয়েন্দা তথ্য প্রাপ্তির লক্ষ্যে TCR (Tips, Complaints & Referrals) ব্যবস্থা বাস্তবায়নের নিমিত্ত কমিশনের এমআইএস বিভাগ ও সিডিবিএলএর সাথে একাধিকবার সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভার আলোকে গৃহীত পদক্ষেপসমূহ চলমান রয়েছে।

## ২.১৬ এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করে। পরিদর্শন/তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন পরিপালন না-করা সংক্রান্ত প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্নপূর্বক কমিশনের নিকট উপস্থাপন করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করে।

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে কমিশন কর্তৃক ২০২৪–২০২৫ অর্থবছরে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ নিম্নরূপ:

**২০২৪-২০২৫ অর্থবছরে এনফোর্সমেন্ট বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহের তালিকা**

| ক্রমিক | বিবরণ | জরিমানা সংখ্যা (টি) | সতর্কীকরণ সংখ্যা (টি) | অব্যহতি সংখ্যা (টি) | মোট সংখ্যা (টি) |
|---|---|---|---|---|---|
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ৪১ | ২৫ | ১১ | ৭৭ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার/ অনুমোদিত প্রতিনিধি | ১৬ | ১৮১ | ০৯ | ২০৬ |
| ৩ | মার্চেন্ট ব্যাংক | ০২ | ০৩ | ০১ | ০৬ |
| ৪ | অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি | - | ০৩ | - | ০৩ |
| ৫ | চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস | - | ০৬ | - | ০৬ |
| ৬ | বিনিয়োগকারী | ১৫৬ | ১৫ | ০২ | ১৭৩ |
| ৭ | অন্যান্য | ১৪ | ৪৫১ | ৫১ | ৫১৬ |
| | **সর্বমোট** | **২২৯** | **৬৮৪** | **৭৪** | **৯৮৭** |

## ২.১৭ লিগ্যাল সার্ভিসেস

- কমিশন কর্তৃক এবং কমিশনের বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনায় কমিশনের পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবীগণকে সার্বিক সহায়তা, কমিশনের অন্যান্য বিভাগ প্রেরিত বিভিন্ন ইস্যুতে আইনগত মতামত প্রদান এবং কমিশন আরোপিত জরিমানা আদায়ের জন্য সার্টিফিকেট মামলা দায়ের ও পরিচালনা ইত্যাদি আইন বিভাগ সম্পাদন করে।
- বিএসইসি কর্তৃক এবং বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত ৫২৭টি মামলা বিভিন্ন আদালতে বিচারাধীন রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি কর্তৃক ৪টি মামলা এবং বিএসইসি'র বিরুদ্ধে ৭৬টি মামলা দায়ের হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে বিভিন্ন আদালতে ৭৬টি মামলা নিষ্পত্তি হয়েছে।

### বিএসইসি'র পক্ষে-বিপক্ষে দায়েরকৃত চলমান মামলা:

| ক্রমিক | আদালতের নাম | | মামলা সংখ্যা (টি) |
|---|---|---|---|
| ১ | বাংলাদেশ সুপ্রীম কোর্ট | আপিল বিভাগ | ০৫ |
| | | হাইকোর্ট বিভাগ, ঢাকা | ২১৭ |
| ২ | স্পেশাল ট্রাইব্যুনাল, বিএসইসি, ঢাকা | | ১৬ |
| ৩ | চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা | | ০৪ |
| ৪ | জেনারেল সার্টিফিকেট আদালত, ঢাকা | | ২৮৫ |
| মোট | | | ৫২৭ |

### ২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি'র পক্ষে-বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ:

| বিএসইসি কর্তৃক/বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা | মামলা সংখ্যা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|---|
| বিএসইসি কর্তৃক দায়েরকৃত মামলা | ০৪টি | সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে কমিশন আরোপিত জরিমানা আদায়ের জন্য PDR Act, 1913-এর অধীনে ৪টি সার্টিফিকেট মামলা দায়ের। |
| বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত মামলা | ৭৬টি | সিকিউরিটিজ সংক্রান্ত আইন, কমিশনের জরিমানার আদেশ চ্যালেঞ্জ এবং অন্যান্য কারণে হাইকোর্ট বিভাগে ৭৬টি রিট মোকদ্দমা দায়ের। |

### ২০২৪-২০২৫ অর্থবছরে বিভিন্ন আদালতে নিষ্পত্তিকৃত মামলা:

| নিষ্পত্তিকৃত মামলা সংখ্যা | সংক্ষিপ্ত বিবরণ |
|---|---|
| ৭৬টি | বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার মধ্যে ৫২টি কমিশনের পক্ষে নিষ্পত্তি এবং বিএসইসি'র বিরুদ্ধে দায়েরকৃত কোম্পানি ম্যাটার সংক্রান্ত মামলার মধ্যে ২৪টি নিষ্পত্তি। |

## ২.১৮ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম

কমিশনের আইসিটি অবকাঠামো উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও হালনাগাদকরণ, ই-সার্ভিস প্রবর্তনের মাধ্যমে সেবা সহজীকরণ ও ডিজিটালাইজড্ পুঁজিবাজার পরিবীক্ষণ ব্যবস্থা বিনির্মাণ করাই এমআইএস বিভাগের মূল লক্ষ্য।

### ২.১৮.১ কমিশনের এমআইএস বিভাগের নিয়মিত কার্যাবলি নিম্নরূপঃ

ক দাপ্তরিক কাজের জন্য সরকারের ই-নথি সিস্টেম ব্যবহারে কারিগরি সহায়তা প্রদান;

খ দাপ্তরিক কম্পিউটারের হার্ডওয়্যার এবং সফটওয়্যার স্থাপন ও রক্ষণাবেক্ষণ সেবা প্রদান;

গ অনলাইন সভাসহ বিভিন্ন সভা/সেমিনার/প্রেজেন্টেশনের জন্য কারিগরি সহায়তা প্রদান;

ঘ ২০০ এমবিপিএস গতির নিরবচ্ছিন্ন ইন্টারনেট (১০০ এমবিপিএস রিডানডেন্ট সংযোগ ব্যবস্থাসহ) সেবা নিশ্চিতকরণ;

ঙ কমিশনের ডিজিটাল তথ্যাবলি সংরক্ষণ ও ব্যাকআপের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

চ তথ্য প্রযুক্তি (আইটি) সংক্রান্ত ক্রয়ের কারিগরি বিশেষীকরণ প্রস্তুত;

ছ কমিশনের তথ্যের সাইবার নিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;

জ কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য নিরাপত্তা সচেতনতার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

ঝ কমিশনের টেন্ডার প্রক্রিয়া ই-জিপি পোর্টালের মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

ঞ কমিশনের বিভিন্ন বিভাগের চাহিদা অনুসারে সিস্টেম ডেভেলপমেন্ট/মডিফিকেশন/আপগ্রেডেশন/মেইনটেন্যান্সের কাজ; এবং

ট কমিশনের ডাইনামিক ওয়েবসাইটটি এসএমএল সার্টিফিকেট ব্যবহারপূর্বক তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণ, ২টি ডোমেইন- www.sec.gov.bd ও www.এসইসিবিডি.বাংলা-এর মাধ্যমে সর্বদা চালু, তথ্য হালনাগাদকরণ এবং সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণ ইত্যাদি।

### ২.১৮.২ ২০২৪-২০২৫ অর্থবছরে নিয়মিত কার্যাবলির পাশাপাশি নিয়ন্ত্রণ কার্যক্রমঃ

- এনফোর্সমেন্ট কার্যক্রম ট্র্যাকিং প্ল্যাটফর্ম বাস্তবায়নের উদ্দেশ্যে এনফোর্সমেন্ট বিভাগের সহায়তায় প্রোসেস ফ্লো ডায়াগ্রাম তৈরির কাজ সম্পন্ন হয়েছে। উক্ত প্ল্যাটফর্ম ত্বরান্বিতকরণে কারিগরি বিনির্দেশ (Technical Specifications) প্রস্তুতকরণের কাজ চলমান রয়েছে। এটি সম্পন্ন হলে ডেভেলপমেন্ট/প্রকিউরমেন্ট প্রক্রিয়া শুরু করা যাবে।
- কমিশনে ইন্টারনেট সেবা অব্যাহত রাখার লক্ষ্যে Internet Service Provider (ISP) নেটওয়ার্ক মাইগ্রেশন কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- কমিশনের দাপ্তরিক ওয়েবসাইটে কর্মকর্তা-কর্মচারীগণের তালিকার কাঠামো ছবিসহ পুনর্বিন্যাস করা হয়েছে। তালিকা কমিশনের নির্দেশনা অনুসারে পরিবর্তন/পরিমার্জন/পুনর্বিন্যাস করা হবে।
- আইসিটি ডিভিশনের তত্ত্বাবধানে কমিশনের Computer Incident Response Team (CIRT)-এর দ্বিতীয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে সিআইআরটি-এর সদস্যদের সাথে ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (সিএসই) এবং Central Depository Bangladesh Limited (CDBL)-এর সিআইআরটি সদস্যদের সাথে আলোচনাসভা সম্পন্ন হয়েছে। সভায় কমিশন এবং কমিশনের অংশীদার প্রতিষ্ঠান এবং সার্বিক ক্যাপিটাল মার্কেটে সাইবার নিরাপত্তার বর্তমান অবস্থা এবং ভবিষ্যৎ করণীয় বিষয়ে আলোচনা করা হয়েছে।

- কমিশনে অনলাইন আইপিও প্ল্যাটফর্ম বাস্তবায়ন কর্মকাণ্ড চলমান রয়েছে। উক্ত প্ল্যাটফর্ম ব্যবহারপূর্বক আইপিও আবেদন জমা দানে দাপ্তরিক কাজের গতি বৃদ্ধি পাবে। প্ল্যাটফর্মটির গতিশীলতা সম্পন্ন হয়েছে। ডেভেলপমেন্ট পরবর্তী পাইলট টেস্টিং করার জন্য প্রস্তুতি কার্যক্রম (মক টেস্টিং) সম্পন্ন হয়েছে। ২০২৫ সালের জুলাই মাসে প্ল্যাটফর্মটির পাইলট টেস্টিং সম্পন্নের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

- কমিশনের ডেট সিকিউরিটিজ রিপেমেন্ট মনিটরিং সিস্টেম (DSRMS) সিস্টেম বাস্তবায়ন কর্মকাণ্ড চলমান রয়েছে। সিস্টেমটি বন্ড/সুকুক ইস্যুকারী কর্তৃপক্ষ সঠিকভাবে রিপেমেন্ট পরিশোধের বিষয়টি পর্যবেক্ষণের জন্য বাস্তবায়িত হবে। DSRMS-এর পাইলট টেস্টিং প্রাথমিকভাবে তিনটি ডেট সিকিউরিটিজ নিয়ে শুরু করা হয়েছে। সিস্টেমটির ত্বরান্বিতকরণের প্রক্রিয়া চলমান রয়েছে।

- কমিশনের Vulnerability Assessment & Penetration Testing (VAPT) সংক্রান্ত কম্পিউটারের মাধ্যমে ডেট সিকিউরিটিজ রিপেমেন্ট মনিটরিং সিস্টেম (DSRMS) এর প্রাথমিক অভ্যন্তরীণ Vulnerability Assessment প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। Assessment অনুযায়ী আইসিটি ডিভিশন Vulnerability Mitigation-এর কাজে নিয়োজিত রয়েছে।

- বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর অধীনে পরিচালিত সরকারি প্রকল্প BGD e-GOV CIRT এর মাধ্যমে কমিশনের আইটি অডিট কার্যক্রম পরিচালনার প্রস্তাবনা অনুমোদিত হয়েছে। আইটি অডিট কার্যক্রমের Terms of Reference (TOR) সম্পন্ন করা হয়েছে।

- কমিশনের Organogram Reform কমিটির চাহিদা অনুসারে কমিটির নিকট আইসিটি ডিভিশন অতিরিক্ত জনবলের চাহিদাসহ 'ICT Division Organogram Restructuring'-সম্পর্কিত প্রস্তাবনা প্রদান করেছে।

- Microsoft Windows Gi Active Directory সিস্টেম বাস্তবায়নের মাধ্যমে কমিশনের Wi-Fi নেটওয়ার্ক এবং কম্পিউটার/সার্ভার সুরক্ষিতকরণের কাজ চলমান রয়েছে।

- ২০২৪-২০২৫ অর্থবছরে IT Support Ticket Management System (ITMS)-এর মাধ্যমে ৮৫০টি আইটি সহায়তার অনুরোধ যথাযথভাবে নিষ্পত্তি করা হয়েছে।

### ২.১৮.৩ কমিশনের ওয়েবসাইটে ২০২৪-২০২৫ অর্থবছরে আপলোডকৃত তথ্যগুলো নিম্নরূপঃ

| ক্রমিক | বিষয় | সংখ্যা (টি) |
|---|---|---|
| ১ | আইপিও প্রসপেক্টাস | ২ |
| ২ | মিউচ্যুয়াল ফান্ড প্রসপেক্টাস | ১ |
| ৩ | এনফোর্সমেন্ট অ্যাকশন | ৪৭৯ |
| ৪ | অন্যান্য আদেশ/নোটিফিকেশন/ডাইরেক্টিভ ইত্যাদি | ১৫ |
| ৫ | ত্রৈমাসিক প্রতিবেদন | ২ |
| ৬ | প্রেস বিজ্ঞপ্তি | ৯৮ |
| ৭ | দরপত্র বিজ্ঞপ্তি | ২০ |
| ৮ | অনাপত্তি সনদ | ১৪ |
| ৯ | অন্যান্য প্রাপ্ত তালিকা | - |

## ২.১৯ গবেষণা ও উন্নয়ন

২০২৪-২০২৫ অর্থবছরে কমিশনের গবেষণা ও উন্নয়ন বিভাগ সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ

### ২.১৯.১ মন্ত্রণালয়ের চাহিদা অনুসারে প্রেরিত প্রতিবেদনসমূহের তালিকা:

১. স্বল্পোন্নত দেশ হতে মসৃণ উত্তরণের জন্য প্রস্তুতকৃত Smooth Transition Strategy (STS) বাস্তবায়ন ও পরিবীক্ষণের জন্য প্রণীত খসড়া Monitoring and Evaluation (M&E) Framework সম্পর্কে মতামত প্রেরণ সংক্রান্ত প্রতিবেদন অন্তর্ভুক্তির জন্য তথ্য/পরিসংখ্যানসহ প্রতিবেদন প্রেরণ;

২. Data Updating: Asian Development Bank Asia Small and Medium-Sized Enterprise Monitor 2025 সংক্রান্ত বিএসইসি'র প্রতিবেদন এশীয় উন্নয়ন ব্যাংকে প্রেরণ;

৩. কমিশনের ২০২৩-২০২৪ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠানে বিভাগে প্রেরণ;

৪. নবম পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য মন্ত্রণালয়/বিভাগের ইনপুট প্রদান;

৫. 'Bangladesh Economic Review 2024' এ অন্তর্ভুক্তির জন্য তথ্যাদি/পরিসংখ্যান প্রতিবেদন প্রেরণ;

৬. 'বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০২৫' বাংলা সংস্করণে অন্তর্ভুক্তির জন্য তথ্যাদি/পরিসংখ্যান প্রতিবেদন প্রেরণ;

৭. বর্তমান সরকারের উল্লেখযোগ্য কার্যক্রম সংক্রান্ত বিএসইসি'র প্রতিবেদন (মার্চ, ২০২৫) আর্থিক প্রতিষ্ঠানে বিভাগে প্রেরণ;

৮. বর্তমান সরকারের উল্লেখযোগ্য কার্যক্রম সংক্রান্ত বিএসইসি'র প্রতিবেদন (এপ্রিল, ২০২৫) আর্থিক প্রতিষ্ঠানে বিভাগে প্রেরণ;

৯. বর্তমান সরকারের উল্লেখযোগ্য কার্যক্রম সংক্রান্ত বিএসইসি'র প্রতিবেদন (মে, ২০২৫) আর্থিক প্রতিষ্ঠানে বিভাগে প্রেরণ;

১০. বিএসইসি'র উল্লেখযোগ্য/গুরুত্বপূর্ণ কার্যাবলির মাসিক প্রতিবেদন প্রস্তুতকরণ ও মন্ত্রণালয়ে প্রেরণ;

১১. 'আর্থিক প্রতিষ্ঠান বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫' এ অন্তর্ভুক্তির জন্য বিএসইসি সংশ্লিষ্ট তথ্যাদি প্রেরণ;

১২. ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পরিসংখ্যানভিত্তিক প্রতিবেদন প্রেরণ; এবং

১৩. মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে অনুষ্ঠিত সচিব সভায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।

### ২.১৯.২ বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রেরিত প্রতিবেদনের তালিকা:

১. বাংলাদেশ ব্যাংকের 'বার্ষিক রিপোর্ট ২০২৩-২০২৪'-এ অন্তর্ভুক্তির জন্য পুঁজিবাজার সংক্রান্ত তথ্য-উপাত্ত ও প্রতিবেদন প্রেরণ;

২. বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিতব্য 'Financial Stability Report 2024' এ প্রকাশের জন্য পুঁজিবাজার সংক্রান্ত তথ্য-উপাত্ত প্রেরণ;

৩. Annual Report on Exchange Arrangement and Exchange Restrictions (AREAER) সংক্রান্ত তথ্যাদি প্রেরণ; এবং

৪. বাংলাদেশ সিকিউরিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রেরণ।

### ২.১৯.৩ কমিশনের গবেষণা ও উন্নয়ন বিভাগ প্রকাশিত প্রতিবেদনের তালিকা:

সারণি: প্রকাশিত প্রতিবেদনের চিত্র

| ক্রমিক | প্রতিবেদনের নাম | কমিশনের ওয়েবসাইটে প্রকাশের তারিখ |
|---|---|---|
| ১. | পরিক্রমা (জানুয়ারি-মার্চ) ২০২৪ | ০৯.০৬.২০২৪ |
| ২. | Quarterly Review (January-March) 2024 | ১০.০৭.২০২৪ |
| ৩. | পরিক্রমা (এপ্রিল-জুন) ২০২৪ | ১২.০৯.২০২৪ |
| ৪. | Quarterly Review (April-June) 2024 | ১৯.০৯.২০২৪ |
| ৫. | বিএসইসি'র বার্ষিক প্রতিবেদন (বাংলা) ২০২৩-২০২৪ | অনুমোদনের প্রক্রিয়াধীন |
| ৬. | বিএসইসি'র বার্ষিক প্রতিবেদন (ইংরেজি) ২০২২-২০২৩ | ০২.০৬.২০২৫ |

## ২.২০ ফাইন্যান্সিয়াল লিটারেসি

কমিশনের ফাইন্যান্সিয়াল লিটারেসি বিভাগ দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা ও কনফারেন্সের আয়োজন করে। এসব উদ্যোগ বিনিয়োগকারীদের সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে। এছাড়া, এই বিভাগ বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান আয়োজিত বিনিয়োগ শিক্ষা কার্যক্রম, পুঁজিবাজারের আওতাধীন প্রতিষ্ঠানসমূহে কর্মরত ব্যক্তির প্রশিক্ষণ এবং বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালন সংক্রান্ত কার্যাবলি সম্পাদন করে।

২০২৪-২০২৫ অর্থবছরে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ফাইন্যান্সিয়াল লিটারেসি বিভাগ এবং উক্ত বিভাগের তত্ত্বাবধানে ডিএসই ও সিএসই সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ

| ক্রমিক | বিবরণ | অংশগ্রহণকারী (জন) |
|---|---|---|
| ১. | বিনিয়োগকারীদের প্রশিক্ষণ | ২,১৭৫ |
| ২. | পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের প্রশিক্ষণ | ১,৭০৮ |
| ৩. | ডিএসই ও সিএসই'র ট্রেক হোল্ডরদের অনুমোদিত প্রতিনিধিদের প্রশিক্ষণ | ২৪১ |
| ৪. | তালিকাভুক্ত কোম্পানির সমন্বয়ে Compliance of Securities Markets বিষয়ক সেমিনার | ৭০৪ |
| ৫. | বিশ্ব বিনিয়োগ সপ্তাহ, ২০২৪ | ২,১৮৫ |
| | **মোট** | **৭,০১৩** |

## ২.২১ আন্তর্জাতিক সম্পর্ক

২০২৪-২০২৫ অর্থবছরে কমিশনের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

### ২.২১.১ পুঁজিবাজার সম্পর্কিত আন্তর্জাতিক সংস্থার ভার্চুয়াল ও আয়োজকের অর্থায়নে প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ:

ক. 'পুঁজিবাজারে মানিলন্ডারিং প্রতিরোধ' বিষয়ক US SEC কর্তৃক আয়োজিত ভার্চুয়াল কর্মসূচিতে অংশগ্রহণের জন্যে মনোনয়ন প্রদান;

খ. সিকিউরিটিজ ট্রেডিং ও বাজার অবকাঠামো বিষয়ে ১৯তম FSI-IOSCO সেমিনারে অংশগ্রহণের নিমিত্তে মনোনয়ন প্রদান;

গ. 'Navigating Carbon Markets in Asia Pacific-Trends, Article 6 & Emerging Opportunities' ওয়েবিনারে অংশগ্রহণের লক্ষ্যে মনোনয়ন প্রদান;

ঘ. ২০২৫ সালের ৭ ফেব্রুয়ারি IOSCO কর্তৃক এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য আয়োজিত 'Regional Outlook: Emerging Regulatory Risks' ওয়েবিনারে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ;

ঙ. 'AMF France ২০২৫' আন্তজার্তিক সেমিনারে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ;

চ. ASEAN Capital Markets Forum ('ACMF') কর্তৃক Institute of Singapore Chartered Accountants (ISCA)-এর সঙ্গে যৌথভাবে আয়োজিত 'ISCA's Illustrative Sustainability Report' সম্পর্কিত ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মসূচি, যেখানে GRI মানদণ্ডের পাশাপাশি জলবায়ু সম্পর্কিত রিপোর্টিং ফ্রেমওয়ার্ক IFRS S1 and IFRS S2 এর গ্রহণ ও প্রয়োগ বিষয়ে আলোচনা;

ছ. IOSCO কর্তৃক এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য আয়োজিত 'Climate Risks & Capital Markets: Addressing Transition Finance, Data Gaps & Regulatory Challenges' ওয়েবিনার অনুষ্ঠান;

জ. যুক্তরাষ্ট্রের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক '31st Annual International Institute for Securities Market Growth and Development' কর্মসূচিতে অংশগ্রহণ;

ঝ. IOSCO কর্তৃক এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য 'Staying Ahead of Scams: Smarter Tools, Stronger Coordination' ওয়েবিনার আয়োজন; এবং

ঞ. IMF ও SARTTAC কর্তৃক ভারতের নয়াদিল্লিতে অনুষ্ঠিত 'Fintech Market Development and Policy Implication' প্রশিক্ষণ কর্মসূচি।

### ২.২১.২ আন্তর্জাতিক সংস্থা হতে প্রাপ্ত Query ও Survey এর প্রাসঙ্গিকতা যাচাইপূর্বক অংশগ্রহণ কাজে সরবরাহকৃত ইনপুট/তথ্য নিম্নরূপ:

ক. SupTech & RegTech;

খ. IOSCO Leverage Data Collection Exercise;

গ. 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০২৪'-এর ক্যাম্পেইন পরবর্তী জরিপ; এবং

ঘ. Financial Inclusion and Fintech Initiatives in Emerging Markets অধিকন্তু, পাকিস্তানের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক চাহিত বাংলাদেশে বিদ্যমান নিরীক্ষা বিষয়ক করণীয়সমূহ অবগত করা হয়েছে এবং Supervisory Technology (SupTech) Survey এ অংশগ্রহণের আমন্ত্রণ কমিশনের নির্বাহী পরিচালক ও পরিচালকবৃন্দের নিকট প্রেরণ করা হয়েছে।

### ২.২১.৩ বিশ্বের বিভিন্ন দেশ ও সংস্থার সাথে কৌশলগত সম্পর্ক স্থাপন:

ক. বিভিন্ন আন্তর্জাতিক প্ল্যাটফর্ম যেমন: IOSCO General Secretariat and IOSCO MMoU Monitoring Group পয়েন্ট অব কন্টাক্ট হালনাগাদকরণ;

খ. 'GEMC Network for the Adoption and Other Use of ISSB Standards' এ অংশগ্রহণের আগ্রহ প্রকাশ;

গ. 'The Day of German Unity' অনুষ্ঠানে কমিশনের চেয়ারম্যানের অংশগ্রহণের জন্যে জার্মানির দূতাবাসের নিমন্ত্রণের প্রেক্ষিতে যোগাযোগ স্থাপন;

ঘ. 'বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০২৪' উদ্‌যাপন;

ঙ. IOSCO APRC'র নব-নির্বাচিত ভাইস-চেয়ার জনাব জোসেফ লোঙ্গোকে অভিনন্দনপত্র প্রেরণ;

চ. কমিশনের চেয়ারম্যানের সাথে পাকিস্তানের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যানের ভার্চুয়াল সভা অনুষ্ঠান;

ছ. IOSCO Benchmarks Network-এ যোগদান;

জ. 'GEMC work on Financial Inclusion' প্ল্যাটফর্মে কমিশনের কর্মকর্তা মনোনয়ন;

ঝ. কমিশনের মাননীয় চেয়ারম্যান মহোদয় কর্তৃক কাতারে অনুষ্ঠিত IOSCO-এর বার্ষিক সভায় অংশগ্রহণ;

ঞ. কমিশনের সাথে কাজাখস্তানের আস্তানা ফিন্যান্সিয়াল সার্ভিসেস অথোরিটি এবং মরিশাসের ফিন্যান্সিয়াল সার্ভিসেস কমিশনের প্রস্তাবিত খসড়া MoU সমূহ পর্যালোচনা ও কমিশনের প্রধান সংস্কার উদ্যোগসমূহ বাস্তবায়নকে অগ্রাধিকার বিবেচনায় কমিশন খসড়া MoU সমূহ অধিক অগ্রসরতার সিদ্ধান্ত গ্রহণ;

ট. কমিশন পার্শ্ববর্তী দেশসমূহের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা যেমন: Securities and Exchange Commission of Sri Lanka, Securities and Exchange Commission of Pakistan and Securities & Exchange Board of India-এর নিকট সাংগঠনিক কাঠামো ও মানবসম্পদ সম্পর্কিত তথ্যের অনুরোধ; এবং

ঠ. কমিশন XBRL ভিত্তিক রিপোর্টিং প্ল্যাটফর্ম বাস্তবায়ন সম্পর্কিত অভিজ্ঞতা জানার লক্ষ্যে IOSCO সহ বিভিন্ন দেশ যেমন: সিঙ্গাপুর, হংকং, জাপান, মালয়েশিয়া ও শ্রীলংকা'র পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহে যোগাযোগ স্থাপন।

## ২.২২ জনসংযোগ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের জনসংযোগ বিভাগ কমিশনের জনসংযোগ বিষয়ে প্রয়োজনীয় কার্যাবলি সম্পন্ন করে।

২০২৪-২০২৫ অর্থবছরে জনসংযোগ বিভাগ সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:

১. বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস হতে ২ (দুই ) টি গেজেট প্রকাশের পদক্ষেপ গ্রহণ;

২. জনসংযোগ বিভাগের সহযোগিতায় কমিশন ৯৪ (চুরানব্বই) টি প্রেসবিজ্ঞপ্তি ইস্যু করেছে। ইস্যুকৃত প্রেসবিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইটে (www.sec.gov.bd এবং www.এসইসিবিডি.বাংলা) প্রকাশিত হয়েছে; এবং

৩. পুঁজিবাজারের স্বচ্ছ, নির্ভরযোগ্য ও গবেষণামূলক সাংবাদিকতাকে উৎসাহিতকরণে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) 'বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ' কর্মসূচি প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। এজন্য, ইতোমধ্যে কমিশন 'বিএসইসি ক্যাপিটাল মার্কেট জার্নালিজম এক্সিলেন্স অ্যাওয়ার্ডস অ্যান্ড ফেলোশিপ নীতিমালা ২০২৫' নীতিমালা প্রণয়ন এবং তদ্প্রেক্ষিতে উক্ত ফেলোশিপ প্রদানের জন্য বিজ্ঞাপনের মাধ্যমে আবেদন আহ্বান করা হয়েছে।

## ২.২৩ কমিশনের আর্থিক প্রতিবেদন

ক. কমিশনের আর্থিক প্রতিবেদন

### আর্থিক অবস্থার বিবরণী
৩০ জুন ২০২৫

| বিবরণ | নোট | ৩০ জুন ২০২৫ | ৩০ জুন ২০২৪ |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| **সম্পদ** | | | |
| **চলতি সম্পদ** | | **২,৯৮২,৮৩৩,২৫৭.৪২** | **২,৯১০,৫৯৮,৩২০.৬১** |
| মজুদ | ৬.০০ | ১,৪৩০,৯৩৪.২৩ | ১,০৯১,১০৬.০০ |
| অগ্রিম | ৭.০০ | ১৩৮,৪০৯,৭২১.০১ | ৭২,২২২,১২৫.১৩ |
| দেনাদার | ৮.০০ | ২,০০৪,৬৭০.০০ | ৪,২৫০,০০০.০০ |
| আর্থিক সম্পদ-স্বল্পমেয়াদি | ৯.০০ | ২,৮০৫,৯৪৯,১১৬.১০ | ২,৬৮৮,৬৬০,৪৪৩.২৬ |
| নগদ এবং নগদ সমতুল্য | ১০.০০ | ৩৫,০৩৮,৮১৬.০৮ | ১৪৪,৩৭৪,৬৪৬.২২ |
| **অ-চলতি সম্পদ** | | **২,০০৩,২৪১,১৯৯.২১** | **১,৭৮৮,৩৪৩,৯৫৪.৯৩** |
| স্থাবর সম্পদ, স্থাপনা ও যন্ত্রপাতি | ১১.০০ | ৬২৪,৫৯৮,৮২৮.৬৪ | ৬৫৪,৭৩১,০৫৭.৩৬ |
| আর্থিক সম্পদ-দীর্ঘমেয়াদি | ১২.০০ | ১,৩৬৯,২৫২,৮৯২.৬২ | ১,১৩২,০০২,৬৬২.৬২ |
| অন্যান্য অ-আর্থিক সম্পদ | ১৩.০০ | ৯,৩৮৯,৪৭৭.৯৫ | ১,৬১০,২৩৫.৯৫ |
| **মোট সম্পদ** | | **৪,৯৮৬,০৭৪,৪৫৬.৬৩** | **৪,৬৯৮,৯৪২,২৭৫.৫৪** |
| **নীট সম্পদ ও দায়** | | | |
| **চলতি দায়** | | **২৩৮,৯৪৬,১৩৩.৭৪** | **২৪০,৯১৮,৯৮৬.৯৯** |
| ব্যাংক ঋণ-স্বল্পমেয়াদি | ১৪.০০ | - | - |
| ঋণ-স্বল্পমেয়াদি | ১৫.০০ | - | - |
| সম্পর্কিত পক্ষের নিকট প্রদেয় | ১৬.০০ | - | - |
| অন্যান্য প্রদেয় | ১৭.০০ | ২১৫,২১১,৪০৮.৭৪ | ২৩০,৮৬৮,৯৪১.৯৯ |
| বকেয়া ব্যয় | ১৮.০০ | ২৩,৭৩৪,৭২৫.০০ | ১০,০৫০,০৪৫.০০ |
| **অ-চলতি দায়** | | **-** | **-** |
| ব্যাংক ঋণ-দীর্ঘমেয়াদি | ১৯.০০ | - | - |
| ঋণ-দীর্ঘমেয়াদি | ২০.০০ | - | - |
| দীর্ঘমেয়াদি কর্মচারী সুবিধা বাধ্যবাধকতা | ২১.০০ | - | - |
| **মোট দায়** | | **২৩৮,৯৪৬,১৩৩.৭৪** | **২৪০,৯১৮,৯৮৬.৯৯** |
| **নীট সম্পদ** | | | |
| তহবিল স্থিতি | ২২.০০ | ৩,৬৯৮,২৮০,১২৭.৬৫ | ৩,৬৯৮,২৮০,১২৭.৬৫ |
| পুঞ্জীভূত উদ্বৃত্ত/(ঘাটতি) | ২৩.০০ | ১,০৪৮,৮৪৮,১৯৫.২৪ | ৭৫৯,৭৪৩,১৬০.৯০ |
| সংরক্ষিত তহবিল | ২৪.০০ | - | - |
| **মোট নীট সম্পদ** | | **৪,৭৪৭,১২৮,৩২২.৮৯** | **৪,৪৫৮,০২৩,২৮৮.৫৫** |
| **সর্বমোট নীট সম্পদ ও দায়** | | **৪,৯৮৬,০৭৪,৪৫৬.৬৩** | **৪,৬৯৮,৯৪২,২৭৫.৫৪** |

## আর্থিক অবস্থার মূল্যায়ন বিবরণী

৩০ জুন ২০২৫ সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | নোট | ৩০ জুন ২০২৫ | ৩০ জুন ২০২৪ |
|---|---|---|---|
| | | টাকা | টাকা |
| **আয়** | | | |
| অনুদান | ২৫.০০ | - | ১,৩৭৮,৩১১.৯০ |
| কর | ২৬.০০ | - | - |
| ফি, জরিমানা, অর্থদণ্ড ও লাইসেন্স | ২৭.০০ | ৩৯৭,২০৩,৩৩৭.৮১ | ৫৮২,২৪৫,৯৪২.৭৯ |
| বিনিময় লেনদেন হতে আয় | ২৮.০০ | - | - |
| অন্য সরকারি সংস্থা হতে স্থানান্তর | ২৯.০০ | ২৭৪,৬৭৪,৬০০.০০ | ২৯১,৪৪৬,২০০.০০ |
| অন্যান্য আয় | ৩০.০০ | ৩৭৮,৬৬১,৪৪৫.০২ | ৩৫০,৯৩৯,৭২৫.১১ |
| **মোট আয়** | | **১,০৫০,৫৩৯,৩৮২.৮৩** | **১,২২৬,০১০,১৭৯.৮০** |
| **ব্যয়** | | | |
| মজুরি, বেতন ও কর্মচারী সুবিধাদি | ৩১.০০ | ২৮৫,৯৪০,৩৮৫.০০ | ৩০০,৭৬৬,৮৭৮.০০ |
| অবচয়, লোকসান ও অবলোপন | ৩২.০০ | ৩৩,৮২৮,২৯৬.৭২ | ৩৭,২০২,৩০০.৮৫ |
| সামাজিক সুবিধাদি | ৩৩.০০ | ৪,৭৭৫,১৬০.০০ | ২০,২৪২,০০০.০০ |
| অনুদান ও অন্যান্য স্থানান্তর সংক্রান্ত প্রদান | ৩৪.০০ | ২৭৪,৬৭৪,৬০০.০০ | ২৯১,৪৪৬,২০০.০০ |
| সরবরাহ ও ব্যবহৃত সেবা ব্যয় | ৩৫.০০ | ৯,৮৪৫,৫৩৬.৭৭ | ১১,২০৫,৩৪৭.০০ |
| আর্থিক ব্যয় | ৩৬.০০ | ৩,১৩৩,৭৯৫.০০ | ৪,০৪৯,৬১৮.০০ |
| অন্যান্য ব্যয় | ৩৭.০০ | ১৪৬,০৩৬,১২২.০০ | ৩০০,৪৮৫,২৫৮.৩৩ |
| **মোট ব্যয়** | | **৭৫৮,২৩৩,৮৯৫.৪৯** | **৯৬৫,৩৯৭,৬০২.১৮** |
| সহযোগী প্রতিষ্ঠানের উদ্বৃত্তের অংশ | | - | - |
| চলতি বছরের উদ্বৃত্ত/(ঘাটতি) | ৩৯.০০ | **২৯২,৩০৫,৪৮৭.৩৪** | **২৬০,৬১২,৫৭৭.৬২** |
| **আনুপাতিক হিসাব** | | **২৯২,৩০৫,৪৮৭.৩৪** | **২৬০,৬১২,৫৭৭.৬২** |
| **নিয়ন্ত্রক প্রতিষ্ঠানের মালিকগণের আনুপাতিক হিসাব** | | **২৯২,৩০৫,৪৮৭.৩৪** | **২৬০,৬১২,৫৭৭.৬২** |
| **নিয়ন্ত্রণহীন স্বার্থের আনুপাতিক হিসাব** | | - | - |

## নীট সম্পদ পরিবর্তনের বিবরণী
৩০ জুন ২০২৫ সমাপ্ত বছরের জন্য

| ক্রমিক | বিবরণ | তহবিল স্থিতি | সংরক্ষিত তহবিল | সঞ্চিতি উদ্বৃত্ত/(ঘাটতি) | মোট (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | ০১ জুলাই, ২০২৪ তারিখের জের (প্রারম্ভিক) | ৩,৬৯৮,২৮০,১২৭.৬৫ | - | ৭৫৯,৭৪৩,১৬০.৯০ | ৪,৪৫৮,০২৩,২৮৮.৫৫ |
| ২ | চলতি বছরের নীট উদ্বৃত্ত/(ঘাটতি) | - | - | ২৯২,৩০৫,৪৮৭.৩৪ | ২৯২,৩০৫,৪৮৭.৩৪ |
| ৩ | তহবিল/রিজার্ভ/সঞ্চিতি উদ্বৃত্ত হতে প্রদান | - | - | (৩,২০০,৪৫৩.০০) | (৩,২০০,৪৫৩.০০) |
| ৪ | ৩০ জুন, ২০২৫ তারিখের জের (সমাপনী) | ৩,৬৯৮,২৮০,১২৭.৬৫ | - | ১,০৪৮,৮৪৮,১৯৫.২৪ | ৪,৭৪৭,১২৮,৩২২.৮৯ |

## নীট সম্পদ পরিবর্তনের বিবরণী
৩০ জুন ২০২৪ সমাপ্ত বছরের জন্য

| ক্রমিক | বিবরণ | তহবিল স্থিতি | সংরক্ষিত তহবিল | সঞ্চিতি উদ্বৃত্ত/(ঘাটতি) | মোট (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | ০১ জুলাই, ২০২৩ তারিখের জের (প্রারম্ভিক) | ৩,৬৯৮,২৮০,১২৭.৬৫ | - | ৪৯৪,৪০৭,৪১৩.২৮ | ৪,১৯২,৬৮৭,৫৪০.৯৩ |
| ২ | চলতি বছরের নীট উদ্বৃত্ত/(ঘাটতি) | - | - | ২৬০,৬১২,৫৭৭.৬২ | ২৬০,৬১২,৫৭৭.৬২ |
| ৩ | তহবিল/রিজার্ভ/সঞ্চিতি উদ্বৃত্ত হতে প্রদান | - | - | ৪,৭২৩,১৭০.০০ | ৪,৭২৩,১৭০.০০ |
| ৪ | **৩০ জুন, ২০২৪ তারিখের জের (সমাপনী)** | ৩,৬৯৮,২৮০,১২৭.৬৫ | - | ৭৫৯,৭৪৩,১৬০.৯০ | ৪,৪৫৮,০২৩,২৮৮.৫৫ |

## নগদ প্রবাহের বিবরণী

৩০ জুন ২০২৫ সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| | ২০২৪-২০২৫ | ২০২৩-২০২৪ |
| **ক. পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ** | | |
| অনুদান হতে সংগ্রহ | - | ১,৩৭৮,৩১১.৯০ |
| পণ্য ও সেবা বিক্রয় | - | - |
| ফি, জরিমানা, অর্থদণ্ড ও লাইসেন্স হতে আয় | ৩৮৩,৭৯১,১৩৪.৫৬ | ৫৬৬,৯১৭,১৭৪.৬৪ |
| খরচ ও ব্যয় বাবদ প্রদান | - | - |
| আর্থিক ব্যয় | (৬৯,৩২১,৩৯০.৮৮) | (৬৩,৪৩৩,৯৯২.১৩) |
| অন্যান্য ব্যয় | (১,০২৫,৭৪২,৬৪৭.০০) | (১,০৮১,৮৩০,৬১০.৬০) |
| অন্যান্য আয় | ৩৩২,৪০৯,২৯৩.০০ | ৩৩৫,৬৩১,১৮৩.৩১ |
| **পরিচালন কার্যক্রম হতে নীট নগদ প্রবাহ** | **(৩৭৮,৮৬৩,৬১০.৩২)** | **(২৪১,৩৩৭,৯৩২.৮৮)** |
| **খ. বিনিয়োগ কার্যক্রম হতে নগদ প্রবাহ** | | |
| স্থাবর সম্পদ, স্থাপনা ও যন্ত্রপাতি অধিগ্রহণ | (৩,৪৭৮,৩৬৫.০০) | (৯৬,৪৫৭,১৩৬.০০) |
| স্থাবর সম্পদ, স্থাপনা ও যন্ত্রপাতি বিক্রয় | - | - |
| সুদ/মুনাফা প্রাপ্তি | ২৭৩,০০৬,১৪৫.১৮ | ৩৭১,৭২০,৫৪১.৪১ |
| লভ্যাংশ প্রাপ্তি | - | - |
| **বিনিয়োগ কার্যক্রম হতে নীট নগদ প্রবাহ** | **২৬৯,৫২৭,৭৮০.১৮** | **২৭৫,২৬৩,৪০৫.৪১** |
| **গ. অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ** | | |
| স্বল্পমেয়াদি ঋণ বৃদ্ধি/হ্রাস | - | - |
| দীর্ঘমেয়াদি ঋণ বৃদ্ধি/হ্রাস | - | - |
| লভ্যাংশ প্রদান | - | - |
| **অর্থায়ন কার্যক্রম হতে নীট নগদ প্রবাহ** | **-** | **-** |
| **ঘ. নগদ ও নগদ সমতুল্যের বৃদ্ধি/হ্রাস (ক+খ+গ)** | **১০৯,৩৩৫,৮৩০.১৪** | **৩৩,৯২৫,৪৭২.৫৩** |
| ঙ. যোগ: প্রারম্ভিক নগদ ও নগদ সমতুল্য | ১৪৪,৩৭৪,৬৪৬.২২ | ১১০,৪৪৯,১৭৩.৬৯ |
| **চ. সমাপনী নগদ ও নগদ সমতুল্য (ঘ+ঙ)** | **৩৫,০৩৮,৮১৬.০৮** | **১৪৪,৩৭৪,৬৪৬.২২** |

## খ. হিসাব ও অর্থ

কমিশনের হিসাব ও অর্থ বিভাগ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি নিম্নরূপঃ

ক. কমিশনের ২০২৪-২০২৫ অর্থবছরের আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণ;

খ. সকল কর্মচারীর বেতন ও ভাতাদি প্রশাসন বিভাগের অনুমোদনক্রমে পরিশোধ;

গ. আবেদনকারী কর্মচারীদের কমিশনের অনুমোদন অনুযায়ী অগ্রিম প্রদানের জন্য অর্থ ছাড়;

ঘ. সকল কর্মচারীর বাৎসরিক আয় বিবরণী ও আয়কর সনদ প্রদান;

ঙ. বিলের কার্যাদেশ ও অনুমোদন অনুসারে বিল পরিশোধ;

চ. বার্ষিক ও সংশোধিত বাজেট প্রণয়ন ও সমন্বয়;

ছ. অডিট আপত্তি নিষ্পত্তিকরণ সংক্রান্ত কার্যাবলি সম্পাদন; এবং

জ. কমিশনের তহবিল হতে স্থায়ী আমানত হিসাব খোলা ও রক্ষণাবেক্ষণ।

## ২.২৪ অ্যাকাউন্টিং অ্যান্ড অডিটিং পলিসি

২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি'র অ্যাকাউন্টিং অ্যান্ড অডিটিং পলিসি বিভাগ সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ :

### ২.২৪.১ কমিশনের নিরীক্ষক (অডিটরস) প্যানেলে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ফার্মের অন্তর্ভুক্তি:

| ক্রমিক | বিবরণ |
|---|---|
| ১. | এ. হক অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস |
| ২. | ফেমাস অ্যান্ড আর. চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট |
| ৩. | এম. আই. চৌধুরি অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস |
| ৪. | এস. কে. বরুয়া অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস |
| ৫. | আহমেদ জাকির অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস |
| ৬. | আরুন অ্যান্ড কোম্পানি, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস |
| ৭. | হাউলাদার মারিয়া অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস |

### ২.২৪.২ কমিশনের নিরীক্ষক প্যানেলে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ফার্মে নিযুক্ত নতুন পার্টনারের অন্তর্ভুক্তি:

| ক্রমিক | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১. | ফার্মে নিযুক্ত নতুন পার্টনার | ২৯ |

### ২.২৪.৩ কমিশনের নিরীক্ষক প্যানেলে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ফার্ম তালিকাভুক্ত সংক্রান্ত আবেদন না-মঞ্জুর:

| ক্রমিক | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১ | ফার্ম তালিকাভুক্ত সংক্রান্ত আবেদন না-মঞ্জুর | ৬ |

২.২৪.৪ কমিশনের অডিটরস প্যানেলে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ফার্ম এবং পার্টনারের অন্তর্ভুক্তি সংক্রান্ত নির্দেশনা (Guideline) প্রস্তুতের বিষয়ে কমিটি গঠন করা হয়েছে। কমিটির কাজ চলমান রয়েছে।

## ২.২৫ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে বিএসইসি'র কর্মকাণ্ড

১. বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নে 'সমাজের সবাইকে সাথে নিয়ে' এবং 'কাউকে পশ্চাতে রেখে নয়' নীতির উপর গুরুত্বারোপ করেছে। যার ধারাবাহিকতায় কমিশনের এসডিজি বিষয়ক কমিটি কাজ করছে। এসডিজির ১৭টি লক্ষ্যের মধ্যে ৪টি লক্ষ্য কমিশনের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট হওয়ায় এসডিজি বিষয়ক কমিটি সংশ্লিষ্ট লক্ষ্য অর্জনে কাজ করছে।

- এসডিজি-৯ লক্ষ্যমাত্রা ৯.১-এর সাথে সম্পর্কিত 'ইন্টারঅপারেবল আইসিটি অবকাঠামো প্রতিষ্ঠা' অর্জনে বিএসইসি এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা-স্মারকের অধীনে Interoperability Board প্রতিষ্ঠার কর্মকাণ্ড চলমান রয়েছে। এই বোর্ড বাস্তবায়িত হলে পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল অংশীজন একই বোর্ড ব্যবহারের তথ্য আদান-প্রদানে সক্ষম হবে।
- এসডিজি-৫ লক্ষ্যমাত্রা ৫.৫-এর সাথে সম্পর্কিত 'লিঙ্গ বৈষম্য হ্রাস এবং নারীর ক্ষমতায়ন' অর্জনে বিএসইসি Corporate Governance Code Rules, 2018 সংশোধনপূর্বক ন্যূনতম ১ (এক) জন নারী স্বতন্ত্র পরিচালক বাধ্যতামূলকভাবে তালিকাভুক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- বিএসইসি ২০২৫ সালের ৩০ জুন পর্যন্ত এসডিজি-৪ লক্ষ্যমাত্রা ৪.৩-এর সাথে সম্পর্কিত 'ন্যায়সঙ্গত মানের প্রশিক্ষণ এবং জীবনব্যাপী শিক্ষা' সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয় ফাইন্যান্সিয়াল লিটারেসি সম্পর্কিত ৭৮৪৬৪ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে।
- এসডিজি-৯ লক্ষ্যমাত্রা ৯.৩-এর সাথে সম্পর্কিত 'ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই)-এর অর্থনীতিতে অবদান বৃদ্ধি' অর্জনে ২০ (বিশ) টি এসএমই প্রতিষ্ঠান পুঁজিবাজার থেকে অর্থ সংগ্রহ এবং ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হয়েছে।

২. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের চাহিদা অনুসারে টেকসই উন্নয়ন অভীষ্টের Voluntary National Reviews (VNRs) দলিল প্রস্তুতের জন্য পুঁজিবাজার সংশ্লিষ্ট এসডিজির অভীষ্টভিত্তিক অগ্রগতি প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে।

৩. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে প্রাপ্ত 'The Fourth International Conference on Financing for Developement (FID4)' -এর প্রাথমিক খসড়া (Zero Draft) সম্পর্কে কমিশন থেকে প্রাথমিক মতামত প্রদান করা হয়েছে।

৪. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) সূচক ১৭.১৯.১ সম্পর্কিত উপাত্ত প্রদানের নির্দেশনা প্রদান করে। টেকসই উন্নয়ন অভীষ্ট সূচক ১৭.১৯.১ (উন্নয়নশীল দেশগুলোতে পরিসংখ্যানগত সক্ষমতা শক্তিশালীকরণে বরাদ্দকৃত সকল সম্পদের ডলার মূল্য) বাস্তবায়ন সংক্রান্ত কোনো উপাত্ত কমিশনের সংশ্লিষ্ট বিভাগগুলো থেকে পাওয়া যায়নি বিধায় প্রাসঙ্গিক কোনো উপাত্ত কমিশনে নেই বলে আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে অবহিত করা হয়েছে।

৫. নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য কমিশনের এসডিজি কর্মকাণ্ড সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদি চাহিদা অনুসারে কমিশনের গবেষণা এবং উন্নয়ন বিভাগে প্রেরণ করা হয়েছে।

৬. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের চাহিদা মোতাবেক এসডিজি সূচকের জন্য কমিশনে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীর তথ্য (লিঙ্গ, বয়স গ্রুপ, ধর্ম, শারীরিক প্রতিবন্ধকতা এবং সংখ্যালঘু বিষয়ক) প্রশাসন বিভাগের সহায়তায় সংগ্রহপূর্বক আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে।

## ২.২৬ ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত উদ্ভাবনী (Innovation) সংক্রান্ত কার্যক্রম

২০২৪-২০২৫ অর্থবছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনার আওতায় দপ্তরের বিভিন্ন উদ্ভাবনী ও ডিজিটাল কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হয়েছে। সেবা সহজীকরণ ও অফিস ব্যবস্থাপনার ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা (ডেট সিকিউরিটিজ রি-পেমেন্ট মনিটরিং সিস্টেম) বাস্তবায়ন করা হয়েছে। পূর্ববর্তী ডিজিটাল সেবাসমূহের তালিকা হালনাগাদপূর্বক তা কার্যকর রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং প্রোগ্রামে কমিশনেরে উদ্ভাবনী ধারণাসমূহ সমন্বয়ে অংশগ্রহণ করা হয়েছে। ই-ফাইল ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে কমিশনের নির্দেশক্রমে প্রাথমিকভাবে সীমিত পরিসরে ডি-নথি কার্যক্রম চালু করা হয়েছে। কমিশনের তথ্য বাতায়ন (ওয়েবসাইট) নিয়মিতভাবে হালনাগাদ এবং ই-গভর্নেন্স ও উদ্ভাবন সংক্রান্ত ৪ (চার) টি কর্মশালা এবং মাইগভ প্ল্যাটফর্মের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ২ (দুই) টি কর্মশালা আয়োজন করা হয়েছে। এ সকল কার্যক্রম তথ্য-প্রযুক্তি নির্ভর জনসেবাকে অধিকতর দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিমূলকভাবে প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## ২.২৭ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম

বিংশ শতাব্দীর শেষভাগে 'Citizen Centric Governance' এর ধারণা প্রতিষ্ঠা লাভ করে। বাংলাদেশের সংবিধান অনুসারে, সকল ক্ষমতার উৎস জনগণ। সরকারি দপ্তরসমূহের মাধ্যমে নাগরিকগণ যাতে সহজে, সুলভে ও বিড়ম্বনাহীন সেবাপ্রাপ্তি নিশ্চিতকরণে দেশের সকল সরকারি দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি, নাগরিক সনদ বা সিটিজেন চার্টার প্রচলিত হয়েছে। যা জনখাত সংস্করণে 'রূপকল্প ২০২১' এর একটি প্রয়াস। তথ্য অধিকার আইন ২০০৯-এর ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি চূড়ান্ত অনুমোদন লাভ করে। ২০১৭ সালে সিটিজেন চার্টার প্রকাশিত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সরকারের নির্দেশনায় নাগরিক সনদ বা সিটিজেন'স চার্টার বাস্তবায়ন করেছে। এতে কমিশনের সেবাসমূহ জনগণের দৃষ্টিগোচের মাধ্যমে জনগণের সেবাসমূহ সম্পর্কে স্বচ্ছ ধারণা লাভ, সেবা গ্রহণের সময়, পর্যায় ও ব্যবস্থা সম্পর্কে সম্যক অবগত এবং প্রয়োজনে অভিযোগও দায়ের করতে পারেন।

সুসমন্বিত নাগরিক সেবা প্রদানের উদ্দেশ্যে কমিশন এই সিটিজেন চার্টার প্রস্তুত, পরিবর্ধন ও পরিমার্জন করছে। যা কমিশনের ওয়েবসাইটে আপলোড এবং ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে। এছাড়া, ২০২৪-২০২৫ অর্থবছরে সেবাদাতা ও সেবাগ্রহীতাদের দায়, দায়িত্ব, অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতনকল্পে কমিশনের আওতাধীন সংস্থাসমূহের (ডিএসই, সিএসই ও সিডিবিএল) সাথে ২ (দুই) টি অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। কমিশনের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের সাথে ত্রৈমাসিক ভিত্তিতে ৪ (চার) টি সভা অনুষ্ঠিত হয়েছে। একইসাথে কমিশনের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য কমিশনের বিভিন্ন গ্রেডের কর্মচারীর সমন্বয়ে ১ (এক) টি কর্মশালার আয়োজন করা হয়েছে।

## ২.২৮ ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেটের বিষয়ে বিএসইসি'র চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য

### ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেটের বিষয়ে বিএসইসি'র চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য নিম্নরূপ

অন্তর্বর্তীকালীন সরকার জুলাই অভ্যুত্থান পেরিয়ে প্রায় ধ্বংসপ্রাপ্ত অর্থনীতিকে পুনরুদ্ধারের পথে ক্রম অগ্রসরমান। জাতির ক্রান্তিলগ্নে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ সফলতার সাথে ২০২৫ সালের ০২ জুন ২০২৫-২০২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং একই অর্থবছরের অর্থ বিল অনুমোদন করেছে, যা প্রশংসনীয়।

২০২৫-২০২৬ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে পুঁজিবাজারের জন্য কয়েকটি ইতিবাচক দিক রয়েছে। মাননীয় অর্থ উপদেষ্টা মহোদয়ের বাজেট বক্তৃতায় পুঁজিবাজার সংশ্লিষ্ট বিষয়ে মাননীয় প্রধান উপদেষ্টার পাঁচটি দিক-নির্দেশনার বিষয়ও গুরুত্বসহকারে আলোচিত হয়েছে। প্রধান উপদেষ্টার এই নির্দেশনার মধ্যে পুঁজিবাজারে বহুজাতিক কোম্পানির সরাসরি তালিকাভুক্তি এবং নেতৃত্বস্থানীয় দেশীয় সুষ্ঠু মৌলভিত্তি সম্পন্ন কোম্পানির তালিকাভুক্তির বিষয়টি উল্লেখ ছিল। এছাড়া, উক্ত নির্দেশনায় পুঁজিবাজারের প্রয়োজনীয় সংস্কারের জন্য বিদেশি পরামর্শক নিয়োগ আওতাভুক্ত ছিলো। উপরোক্ত নির্দেশনায় পুঁজিবাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও ব্যক্তির শৃঙ্খলা ভঙ্গ ও অনিয়মের ব্যাপারে শক্ত পদক্ষেপ গ্রহণের বিষয়ে উল্লেখ ছিল। এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ, পুঁজিবাজারকে আগামী অর্থনীতির কেন্দ্রবিন্দু হিসেবে ভূমিকা পালনে সরকারের নীতি সহায়তার উল্লেখ করা হয়।

সরকার পুঁজিবাজারের গুরুত্ব বিবেচনায় এর উন্নয়নের জন্য পুঁজিবাজারে তালিকাভুক্ত ও অতালিকাভুক্ত কোম্পানির মধ্যকার করপোরেট করহারের ব্যবধান ৫%–৭.৫%-এ বৃদ্ধি করেছে। ফলে, পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি কর্পোরেট করহারে ছাড় পাবেন। এটি দেশি -বিদেশি লাভজনক সুষ্ঠ মৌলভিত্তিসম্পন্ন কোম্পানিগুলোকে পুঁজিবাজারে তালিকাভুক্তিতে উৎসাহী করবে।

প্রস্তাবিত বাজেটে আরেকটি ইতিবাচক দিক রয়েছে। পুঁজিবাজারে কর্মরত ব্রোকারেজ হাউসের লেনদেনে ধার্য কর ০.০৫%–০.০৩%-এ হ্রাস করা হয়েছে। বর্তমানে পুঁজিবাজারের তারল্য সংকট এবং লেনদেনের স্বল্প আয়তন পরিলক্ষিত হচ্ছে। এই কর ছাড়ের ফলে আগামীতে পুঁজিবাজারের লেনদেন বৃদ্ধি এবং বিনিয়োগ উৎসাহিত হবে–এমত আশা করা যায়।

পুঁজিবাজারে কর্মরত মার্চেন্ট ব্যাংকের করপোরেট করহার ১০% হ্রাস করা হয়েছে। পূর্বে মার্চেন্ট ব্যাংকগুলোকে ৩৭.৫% হারে কর প্রদান করা হতো, এখন যা ২৭.৫%। ফলে, মার্চেন্ট ব্যাংকগুলো পুঁজিবাজার উন্নয়ন কাজে ব্যাপক উৎসাহ পাবে। পুঁজিবাজারের গুরুত্বপূর্ণ অংশীজন মার্চেন্ট ব্যাংক। পুঁজিবাজারের টেকসই উন্নয়নে উত্তম শেয়ারের সরবরাহ বৃদ্ধির ফলে মার্চেন্ট ব্যাংকের ভূমিকা গুরুত্বপূর্ণ।

এছাড়া, অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণের অব্যবহিত পর সরকারের উদ্যোগের ফলে পুঁজিবাজারের বিনিয়োগকারীদের স্বার্থে গত বছরের ৪ নভেম্বর জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর প্রজ্ঞাপনের মাধ্যমে পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানির শেয়ার বিক্রি থেকে অর্জিত মূলধনী মুনাফায় (ক্যাপিটাল গেইন ট্যাক্স) করের হার হ্রাস করা হয়। এ সময় অর্জিত মূলধনী মুনাফায় সর্বোচ্চ করহার হ্রাসপূর্বক ৩০%–১৫% করা হয়। উপরোক্ত পদক্ষেপসমূহ থেকে স্পষ্ট যে, সরকার পুঁজিবাজার উন্নয়নের ক্ষেত্রে অত্যন্ত ইতিবাচক ও আন্তরিক।

বিনিয়োগকারীদের কল্যাণ ও সুরক্ষার্থে পুঁজিবাজার নিয়ন্ত্রকসংস্থা বিএসইসি ইতোমধ্যে বিনিয়োগকারীদের বিও অ্যাকউন্টের উপর ধার্যকৃত বার্ষিক মেইনটেন্যান্স ফি ৪৫০ টাকা থেকে প্রায় ৭০% হ্রাসপূর্বক ১৫০ টাকা করার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। এতে সমন্বিত গ্রাহক হিসাব হতে অর্জিত সুদের ২৫% ইনেভেস্টর প্রটেকশন ফান্ডে জমারও সিদ্ধান্ত গ্রহণ করেছে। যার মাধ্যমে সাধারণ বিনিয়োগকারীরা প্রত্যক্ষভাবে উপকৃত হবেন।

সর্বোপরি, ক্ষুদ্র বিনিয়োগকারী ও বাজার সংশ্লিষ্টদের দীর্ঘদিনের দাবি বিবেচনায় এক লক্ষ টাকা পর্যন্ত অর্জিত ডিভিডেন্ডে ট্যাক্স মওকুফ এবং একই পরিমাণ ডিভিডেন্ডে ১৫% ট্যাক্স নির্ধারণের মাধ্যমে চূড়ান্ত কর হিসেবে গণ্য করার বিষয়টি বাজেটে পুনর্বিবেচনার জন্য সরকারের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানানো হয়।

## ২.২৯ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ

| ক্রমিক | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ | সংখ্যা (জন) |
|---|---|---|
| ১ | বাংলাদেশের পুঁজিবাজারে স্টক এক্সচেঞ্জ | ০২ |
| ২ | সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লি. (সিডিবিএল) | ০১ |
| ৩ | বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) | ০১ |
| ৪ | বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেট (বিএএসএম) | ০১ |
| ৫ | সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) | ০১ |
| ৬ | তালিকাভুক্ত সিকিউরিটিজ (তন্মধ্যে, কোম্পানির সংখ্যা : ৩৬০) | ৬৫৬ |
| ৭ | স্টক ব্রোকার | ৪৫৮ |
| ৮ | স্টক ডিলার | ৪৩০ |
| ৯ | ডিপজিটরি পার্টিসিপেন্ট | ৪৭৬* |
| ১০ | সম্পদ ব্যবস্থাপক | ৬৯ |
| ১১ | মার্চেন্ট ব্যাংকার | ৬৬ |
| ১২ | ক্রেডিট রেটিং কোম্পানি | ০৮ |
| ১৩ | কাস্টডিয়ান (মিউচ্যুয়াল ফান্ড: ০৯, সিকিউরিটি কাস্টডিয়ান: ১৬) | ২৫ |
| ১৪ | ট্রাস্টি (মিউচ্যুয়াল ফান্ড: ১০, অ্যাসেট ব্যাক্ড্ সিকিউরিটি: ০৫, এআইএফ: ১৪, ডেট সিকিউরিটি: ২৪৪) | ২৭৩ |
| ১৫ | ফান্ড ম্যানেজার | ২৬ |
| ১৬ | মার্কেট মেকার | ০৩ |
| | মোট | ২,৪৯৫ |
| বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সনদপ্রাপ্ত অনুমোদিত প্রতিনিধি সংখ্যা | | ৭,৬৯১ জন |

* উৎস : সিডিবিএল

# দ্বিতীয় অংশ

পরিশিষ্ট: ১

## ২০২৪-২০২৫ অর্থবছরে ইস্যুয়ার কোম্পানির বার্ষিক সাধারণ সভা এবং ঘোষিত লভ্যাংশ

| ক্রমিক | কোম্পানির নাম | বছর শেষ | এজিএম তারিখ | ডিভিডেন্ড (%) | | রেকর্ড তারিখ | ডিভিডেন্ড ডিকলারেশন তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ক্যাশ | স্টক | | |
| ১ | নর্দান ইসলামী ইন্স্যুরেন্স পিএলসি | ২০২৩১২ | ০১.০৭.২০২৪ | ১০.০০ | - | ২০.০৫.২০২৪ | ২৯.০৪.২০২৪ |
| ২ | এক্সপ্রেস ইন্স্যুরেন্স লিমিটেড | ২০২৩১২ | ০১.০৭.২০২৪ | ৭.০০ | - | ২৩.০৫.২০২৪ | ৩০.০৪.২০২৪ |
| ৩ | আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড | ২০২৩১২ | ০৮.০৭.২০২৪ | - | - | ০৯.০৫.২০২৪ | ২৪.০৩.২০২৪ |
| ৪ | ঢাকা ইন্স্যুরেন্স কোম্পানি লি. | ২০২৩১২ | ০৮.০৭.২০২৪ | ১৭.০০ | - | ০৩.০৬.২০২৪ | ০৭.০৫.২০২৪ |
| ৫ | ট্রাস্ট ব্যাংক পিএলসি | ২০২৩১২ | ১৬.০৭.২০২৪ | ১২.০০ | ৮.০০ | ২৯.০৫.২০২৪ | ২৮.০৪.২০২৪ |
| ৬ | ওয়ান ব্যাংক পিএলসি | ২০২৩১২ | ২৫.০৭.২০২৪ | ৩.৫০ | ৩.৫০ | ২৬.০৫.২০২৪ | ৩০.০৪.২০২৪ |
| ৭ | ইসলামী ইন্স্যুরেন্স বিডি লিমিটেড | ২০২৩১২ | ২৭.০৭.২০২৪ | ১৫.০০ | - | ৩০.০৫.২০২৪ | ২৮.০৪.২০২৪ |
| ৮ | স্ট্যান্ডার্ড ব্যাংক পিএলসি | ২০২৩১২ | ২৯.০৭.২০২৪ | ২.৫০ | ২.৫০ | ১১.০৬.২০২৪ | ০২.০৫.২০২৪ |
| ৯ | ইস্টার্ন ইন্স্যুরেন্স কোম্পানি লি. | ২০২৩১২ | ৩১.০৭.২০২৪ | ২০.০০ | - | ৩০.০৫.২০২৪ | ৩০.০৪.২০২৪ |
| ১০ | রূপালী ইন্স্যুরেন্স কোম্পানি লি. | ২০২৩১২ | ৩১.০৭.২০২৪ | ১০.০০ | - | ০৪.০৬.২০২৪ | ৩০.০৪.২০২৪ |
| ১১ | ন্যাশনাল ক্রেডিট অ্যান্ড কমার্স ব্যাংক পিএলসি | ২০২৩১২ | ০১.০৮.২০২৪ | ১২.০০ | - | ০২.০৬.২০২৪ | ০২.০৫.২০২৪ |
| ১২ | তাকাফুল ইসলামী ইন্স্যুরেন্স পিএলসি | ২০২৩১২ | ১০.০৮.২০২৪ | ১০.০০ | - | ২৭.০৬.২০২৪ | ২৯.০৫.২০২৪ |
| ১৩ | জনতা ইন্স্যুরেন্স পিএলসি | ২০২৩১২ | ১১.০৮.২০২৪ | ১১.০০ | - | ০৬.০৬.২০২৪ | ৩০.০৪.২০২৪ |
